Grating, *s.* লৌহ ঝাঁজরি.
Gratingly, *ad.* কড়াৎ. [মা, মোফ্তা.
Gratis, *ad.* অমনি, বিনামূল্যে, আয়
Gratitude, Gratefulness, *s.* কৃতজ্ঞতা, উপকারজ্ঞতা, নিমকহালালী.
Gratuitous, *a.* অকড়িয়া, বিনামূল্য, অনিমিত্ত, মোফ্ত. [শীস, ইনাম.
Gratuity, *s.* পারিতোষিক, দান, বক
Grave, *s.* সমাধি, কবর, গোর; *a.* গম্ভীর, ভারী, প্রবীণ, ধীর, গম্ভীর.
Grave, *v.* ক্ষুদ্, খোদকারী-কৃ.
Graveclothes, *s.* শবাচ্ছাদনবস্ত্র.
Gravedigger, *s.* গোর বা কবরখনক.

Gravel, *s.* কঙ্কর, কাঁকর, কুসই, কুরু ; *the disease*, পাথরী.
Gravelly, *a.* কঙ্করময়.
Gravely, *ad.* গাম্ভীর্য্যরূপে, প্রবীণত্বরূপে, ধীরে.
Graven, *a.* খোদিত.
Graver, *s.* তাক্ষর, খোদকারক ; *an instrument*, খোদকোরী অস্ত্র. [রূ.
Grave-stone, *s.* কবরের উপরিস্থ প্রস্ত
Gravidity, *s.* গর্ভবতী বা অন্তরাপত্যাবস্থা. [বৃহ
Gravitate, *v. a.* অধঃপতন-হ, তল-হ,
Gravitation, *s.* গুরুত্ব প্রযুক্ত গতি.
Gravity, **Graveness**, *s.* গাম্ভীর্য্য, ধীরতা, প্রবীণত্ব ; ভার ; *specific gravity*, বিশেষ ভার.
Gravy, *s.* যূষ, রস, ঝোল, সুরুয়া.
Gray, *a.* ধূসরবর্ণ ; *grey headed*, চুল পাকা.
Gray-beard, *s.* বুড়া.
Graze, *v.* চর্, চরিয়া বেড়া, তৃণাহার-কৃ, প্রচর্. [রক, রাখাল.
Grazier, *s.* পশুপালক, পশুরক্ষক, চা
Grazing, *s.* তৃণাহার করণ, চরণ, প্রচরণ, ঘাসখাওন. [লিপ্ত-কৃ.
Grease, *s.* বসা, চরবি ; *v. a.* চরবি
Greasiness, *s.* বসালিপ্তত্ব, চিক্কণাই, তেলাই, চিকচিক. [চরবিদার.
Greasy, *a.* চিক্কণ, তেলাপিটা, তেলা,
Great, *a.* স্থূল, অতিবাদ, পরম, বৃহৎ, মহৎ, গুরু, বড়, মাতাল.
Greatbellied, *a.* অন্তরাপত্যা, গর্ভবতী, সসত্ত্বা, পোআতী. [প্রদৌহিত্রী.
Great-grand-daughter, *s.* প্রপৌত্রী,
Great-grand-father, *s.* প্রপিতামহ, প্রমাতামহ. [মাতামহী.
Great-grand-mother, *s.* প্রপিতামহী, প্র
Great-grand-son, *s.* প্রপৌত্র, প্রদৌহিত্র. [উত্তমরূপে.
Greatly, *ad.* অতিশয়রূপে, বৃহদ্রূপে,
Greatness, *s. largeness*, গুরুত্ব, মহত্ত্ব ; *dignity*, গৌরব, ঐশ্বর্য্য, ঔদার্য্য, মহিমা ; *of mind*, বিভব, বৃহত্ত্ব.
Great-toe, *s.* পাদবৃদ্ধাঙ্গুষ্ঠ, পায়ের বুড়া আঙ্গুল.
Grecian, *a.* গ্রীকদেশীয়. [দের রীতি
Grecism, *s.* গ্রীকভাষার কথাবিন্যাস
Greece, *s.* গ্রীকদেশ.
Greedily, *ad.* অতিলোভপূর্ব্বক.
Greediness, *s.* আকাঙ্ক্ষা, লোভ, খাঁই, লালচ.
Greedy, *a.* বহ্বাশী, আত্মগ্রাহী, লোভী, পেটুক, লালচী.
Green-colour, *a.* হরিদ্বর্ণ ; *unripe*, অপক্ক, কাঁচা, নবীন ; *fresh*, তাজা, টাটকা.
Greens, *s.* শাক, সব্জি.
Green-dove, *s.* হরিআল পক্ষী.
Green-eyed, *a.* কটাচক্ষু বা বিড়ালচক্ষু বিশিষ্ট.
Green-grocer, *s.* শাকবিক্রেতা.
Green-house, *s.* চারাগৃহ, যে ঘরে গাছ রা রাখা যায়.
Greenhorn, *s.* কাঁচা ছেলিয়া.
Greenish, *a.* হরিদ্বর্ণবৎ. [কশী.
Greenness, *s.* সবুজী, অপক্কত্ব, তা
Green-sickness, *s.* কুমারীর রোগবিশেষ. [কৃ.
Greet, *v.* প্রণতি-কৃ, বন্দনা-কৃ, সেলাম
Greeting, *s.* প্রণতি, বন্দনা, সেলাম.
Grenadier, *s.* পল্টনের শ্রেষ্ঠতর সৈন্য, গ্রাণ্ডিল.
Grey, *a.* ধূসর, ধূসরবর্ণ, কালশুক্লমিশ্রিত.
Grey-hair, *s.* শুক্লবর্ণকেশ, পাকাচুল.
Greyhound, *s.* একপ্রকার শীকারীকুকুর.
Gregarious, *a.* পালেং গমনকারি.
Grenade, *s.* একপ্রকার বারুদীয় গুলি.
Gridiron, *s.* গ্রিলদান, একপ্রকার কাবাব করিবার ঝাঁজরা.
Grief, *s.* শোক, তাপ, খেদ, বিষাদ, মনস্তাপ, দুঃখ, আফসোস. [শ, কষ্ট.
Grievance, *s.* শোক বা খেদকরণ, ক্লে
Grieve, *v. a.* অনুতাপ-কৃ, অনুশোচ-কৃ, তাপ-কৃ, শোক-কৃ, বিলাপ-কৃ.

আর্ত্ত বা গ্লান-হ, বিবাদ-কৃ.
Grievous, a. অনুশোচনীয়, বিলপনী য়, শোচনীয়, খেদনীয়.
Grievously, ad. খেদনীয়রূপে, অনু শোচনীয়রূপে. [স্ব.
Griffin, Griffon, s. কাব্যের জন্তুবিশে
Grill, v. a. ঝলসা, ভাজ, কাবাব-কৃ.
Grim, a. কালস্বরূপ, ভয়ঙ্কর, বিকট মূর্ত্তিবিশিষ্ট. [ন.
Grimace, s. মুখ সেট্‌কান বা ভেট্‌কা
Grimalkin, s. বুড়া বিড়াল.
Grime, s. অন্তর্গত ময়লা, লেপন; v. লি প্ত-কৃ, ময়লা-কৃ. অন্তর্গত ময়লা-কৃ.
Grimly, ad. ভয়ানকরূপে, কালস্বর পে, কটুরূপে.
Grin, s. দন্তদর্শান, শিট্‌কিয়া দেখান, ভেঁউচান; snare, ফাঁদ, কল. [চা.
Grin, v. n. শিট্‌কা, দন্ত-দেখা. ভেঁউ
Grind, v. ঘর্ষণ-কৃ, ভল্, খুঁট্, পিষ্, গুঁ ড়া-কৃ; tools, অস্ত্র তীক্ষ্ণ-কৃ, শান -দে.
Grinder, s. ঘর্ষক, পেষক; teeth, চর্ব্ব ণদন্ত, কষের দাঁত, [তা. শিল.
Grindstone, s. শানপ্রস্তর, চাকী, যাঁ
Gripe, v. কামড়া, মুচড়া, খামচা.
Gripe, s. পেটকামড়ানী, খামচানী, মুচড়ানী.
Griskin, s. শূকরের পৃষ্ঠের দাঁড়া.
Grisly, ad. ভয়ঙ্কররূপে.
Grist, s. যে তণ্ডুল বিতুষকরণার্থে যাঁ তাতে আনা যায়, কিন্তু সামান্যঅর্থ যোগান দ্রব্য. [ড় মাংস.
Gristle, s. কোমলাস্থি, নরম হাড়, চাম
Gristle, a. কোমলাস্থিময়.
Grit, s. আঁকরি, আকর.
Grittiness, s. আকরময়ত্ব.
Gritty, a. কর্ক্করীয়, কাঁকরীয়া. [কোঁথা.
Groan, v. a. আর্ত্তনাদ-কৃ, কোঁকা,
Groan, s. কোঁকানি, কোঁথানি, আর্ত্ত নাদ. [কারী
Groaning, pa. কোঁকানিয়া, আর্ত্তনাদ
Groat, s. ইংলণ্ডদেশের প্রাচীন তাম্র মুদ্রাবিশেষ.

Grocer, s. মুদি, পসারী.
Grocery, s. মুদিখানার দ্রব্য. [দ্রব্য.
Grog, s. মদিরা ও জলমিশ্রিত পেয়
Groin, s. বঙ্কণ, কুঁচকী.
Groom, s. অশ্বরক্ষক, সইস. [বেহারা.
Groom of the stole, s. রাজার সরদার
Groove, s. খাঁজ.
Grope, v. a. হাতড়া.
Gross, a. স্থূল, পুষ্ট, মোটা, গরীয়ান্, ধূম; stupid. মূর্খ, অবোধ.
Gross, s. সমূহ, তাবৎ; 12 dozen, এ ক শত চোআল্লিশ সংখ্যা; in the gross, গড়ে.
Grossly, ad. মোটা বা অসূক্ষ্মরূপে, অ শিষ্টতারূপে. [পুষ্টতা, অশিষ্টতা.
Grossness, s. স্থূলতা, অসূক্ষ্মতা, ঘনতা,
Grot, Grotto, s. কুঞ্জকুটীর.
Grotesque, a. অসম্ভব.
Grove, s. কুঞ্জ, নিকুঞ্জ.
Ground, s. ভূমি, পৃথিবী, মৃত্তিকা, জ মী; original principle, মূল; v. n. পতিত-হ, মাটিতে-পড়.
Groundfloor, s. হেঁটঘরের মেজিয়া.
Groundless, a. অমূলক, অকারণ, অ নর্থক, নাহক.
Groundplot, s. আয়তন, যে ভূমিতে কোন গৃহ স্থাপিত হয় তাহা.
Groundrent, s. ভূমির কর, খাজানা, মালগুজারী.
Groundwork, s. মূল, মূলকর্ম্ম.
Group, s. জনতা, ঝাঁক.
Grouse, s. পক্ষিবিশেষ.
Grow, v. n. ফল্, জন্মা, বৃদ্ধি-হ, বাড়্.
Grower, s. জনক, শস্যাদিজনক.
Growl, v. n. গর্জন-কৃ, গোঁজরা, ঘুন ঘুনা.
Growling, s. গর্জন, গোঁজরাণ.
Grown, part. of to Grow, বৃদ্ধ, বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত.
Growth, s. বৃদ্ধি, বাইড়. [শূকর.
Grub, v. a. খুঁড়, খুঁড়িয়া নষ্ট-কৃ, যথা
Grudge, v. দ্বেষ-কৃ, হিংসা-কৃ, ত্রুটী ত্রু টি-কৃ, ঈর্ষা কৃ.

Grudge, s. দ্বেষ, ঈর্ষ্যা, বিপক্ষতা, আ ড়ি, চটাচটি.
Grudging, s. দ্বেষ, আড়ি.
Grudgingly, ad. দ্বেষপূর্ব্বক, আড়াআ ড়ি, অনিচ্ছায়.
Gruel, s. মণ্ড, মাড়, কাঁজি, আমানি.
Grumble, v. n. গর্জ্জা, বিড়বিড়-কৃ, বক বক-কৃ.
Grumbler, s. বকবকিয়া, বড়বড়িয়া.
Grumbling, s. গর্জ্জন, কচকচি, বিড়বি ড়.
Grunt, s. শূকরের রব; কোঁথ; v. গোঁংবা ঘোঁৎ২-কৃ, কোঁথ-পাড়্.
Guana, s. গোধিকা, গোসাপ.
Guarantee, s. প্রতিভূ, জামিন.
Guaranty, v. a. প্রতিভূ-হ্, জামিন-হ্.
Guard, v. a. রক্ষা-কৃ, চৌকী-দে.
Guard, s. রক্ষক, চৌকীদার; নাজির; *vigilance*, চৌকী, হুসিয়ারী. [রবন্দ.
Guarded, pa. রক্ষিত, গোপায়িত, নজ
Guardhouse, s. চৌকী ঘর, থানা.
Guardian, s. রক্ষক, রক্ষিতা, মুরব্বি, খবরগির, নেগাবান্.
Guardianship, s. রক্ষকপদ, রক্ষকতা, মুরব্বিগিরী.
Guardless, a. অরক্ষক, রক্ষকহীন, বে নেগাবান, বেমুরব্বি.
Guardship, s. চৌকীর জাহাজ.
Guava, s. পেআরা, সফরি আম.
Gudgeon, s. ক্ষুদ্র মৎস্য, যাহাকে শিঘ্র ফুসলান যায়.
Guerdon, s. বকশীস, ইনাম.
Guess, v. অনুমান-কৃ, অনুভব-কৃ, আ ন্দাজ-কৃ, আটকল-কৃ; s. অনুভব, উপলব্ধি, অনুমান, আটকল, আ ন্দাজ. [অতিথি, অভ্যাগত.
Guest, s. নিমন্ত্রিতব্যক্তি; *uninvited*,
Guglet, s. কুঁজ, কুজা, সোরাই.
Guidance, s. উপদেশ.
Guide, v. a. শিক্ষা-দে; s. পথপ্রদর্শ ক, প্রদর্শক, শিক্ষক.
Guidless, a. রক্ষকহীন, শিক্ষকহীন.
Guild, s. সমাজ, বাণিজ্যের সমাজ.

Guile, s. শঠতা, কুটিলতা, খলতা, ধূর্ত্ততা, বঞ্চকতা.
Guileful, a. শঠ, কুটিল, খল, ধূর্ত্ত, প্র বঞ্চক, দাগাবাজ.
Guilefully, ad. খলতাপূর্ব্বক, শঠতার পে, ধূর্ত্ততাপূর্ব্বক, বঞ্চকতারূপে.
Guileless, a. অকুটিল. [নের যন্ত্র.
Guillotine, s. এককোপে মস্তকচ্ছেদ
Guilt, s. অপরাধ, দোষ, কলুষ, পা প, গুনাহ্.
Guiltily, ad. দোষপূর্ব্বক, অপরাধপূ র্ব্বক, পাপপূর্ব্বক.
Guiltiness, s. অপরাধ, পাপ, দোষ.
Guiltless, a. নিরপরাধ, নিষ্পাপ, নি র্দোষী. [র্দোষিরূপে.
Guiltlessly, ad. নিরপরাধিরূপে, নি
Guiltlessness, s. নিরপরাধিতা, নির্দো ষিতা.
Guilty, a. অঘবান্, অপরাধী, দোষী, পাপী, কুৎসান্বিত, কৃতাপরাধ, স দোষ.
Guinea, s. ইংগ্লণ্ডীয় স্বর্ণমুদ্রাবিশেষ ১০ টাকা.
Guinea-pig, s. জন্তুবিশেষ, (অণ্ডাকারপো ক) বিলায়তী ইন্দুর.
Guise, s. আচরণ, গতিক, রীতি, বেশ.
Guitar, s. সেতার, তানপূরা.
Gulf, s. মোহানা, খাড়ি; দহ.
Gulfy, a. খাড়িময়; দহপড়া.
Gull, s. গাংচিল; অচতুরলোক.
Gullet, s. গলা, গলার নলী বা সাঁশী.
Gulp, v. a. ঢোকলও; s. ঢোক. [কৃ.
Gum, s. গোঁদ, আটা; v. a. গোঁদলিপ্ত
Gum-arabic, s. গোঁদবিশেষ.
Gumminess, s. চটচটিয়া, আটাল.
Gummy, a. গোঁদময়, আটাবিশিষ্ট.
Gumption, s. বুদ্ধি, সাহস.
Gums, s. দন্তমূল, দন্তশিকড়, মাড়ি.
Gun, s. বন্দুক, তোপ.
Gunner, s. কামান্দাজ, গোলন্দাজ,
Gunnery, s. তোপশাস্ত্র, গোলন্দাজী বিদ্যা.
Gunpowder, s. বারুদ.

Gunshot, *s.* একগোলা যত দূরে যায় তু ত্থান·
Gunsmith, *s.* কামান, বন্দুক ইত্যাদি নির্ম্মাণকারক·
Gunstock, *s.* কুঁদা, বন্দুকের কুঁদা·
Gush, *v. n.* প্রবহ্, ক্ষর্, ঝর্·
Gust, *s.* দমকা বায়ু, ঝড়; *taste,* স্বাদ·
Gusty, *a.* ঝড়ী, তুফানী·
Gut, *s.* উদর নাড়ী, নাড়ী; *v. a.* আঁতড়ী নির্গত-কৃ·
Gutta serena, *s.* তিমির, মোতিয়াবিন্দু, চক্ষুর রোগ· [য়নালা·
Gutter, *s.* প্রণালী, নরদামা, মুরী, প
Guttural, *a.* কণ্ঠ্য, কণ্ঠহইতে যে বর্ণের উচ্চারণ হয়·
Guy, *s.* নৌকাহইতে জাহাজে দ্রব্য তোলনার্থ দড়ী·
Gymnastic, *a.* মল্লক্রীড়াসম্বন্ধীয়·
Guzzle, *v.* অতিশয় পান-কৃ·

H.

Habeas-corpus, *s.* শরীরং ধরেসি ইংগ্লণ্ডদেশের একপ্রকার পরবানার নাম·
Haberdasher, *s.* পাইকার, ক্ষুদ্র দ্রব্য বিক্রেতা· [ব্যবসায়দ্রব্য·
Haberdashery, *s.* পাইকারী দ্রব্য, ক্ষুদ্র
Habiliment, *s.* পরিচ্ছদ, পোশাক·
Habit, *s.* সংস্কার, চালি, রীতি; আচরণ, দাঁড়া, ধারা, চলন, গোচ, পরিচ্ছদ, রেবাজ·
Habitable, *a.* স্থিতি বা বসতিকরণোপযুক্ত·
Habitant, *s.* নিবাসী, বাসী·
Habitation, *s.* গৃহ, নিবাস, বাসস্থান, আশ্রয়, আলয়, বসতি, বাটী, পুর·
Habitual, *a.* চলন, পদ্য, আভ্যাসিক·
Habitually, *ad.* চলনরূপে, পদ্যে·
Habituate, *v. a.* অভ্যাস-কৃ, পদ্য-কৃ, কস্ত-কৃ·
Habitude, *s.* সম্পর্ক, আলাপ্যতা, দাঁড়া, ব্যবহার·
Hack, *v. a.* খণ্ডং-কৃ, খানং-কৃ, কুটিং-কৃ·
Hacking, *s.* ভাড়াটিয়া ঘোড়া; বেশ্যা, সাধারণ·
Hag, *s.* ডাইন, ডাকিনী, শাঁকচিন্নী; কটুভাষায় কুরূপা বৃদ্ধা স্ত্রী·
Haggard, *s.* কোন অসভ্য বা অপোষ্য জন্তু; *a hawk,* বাজপক্ষী·
Haggard, Haggardly, *a.* কুৎসিত, অপোষ্য, বন্যবৎ· [ডাইনতুল্য·
Haggish, *a.* কুৎসিত, শাঁকচিন্নীবৎ,
Haggle, *s.* দ্রব্য ক্রয়করণে ঘেঁষাওন বা কচালকরণ·
Haggler, *s.* ঘেঁষিয়া ক্রেতা, কসিয়া ক্রয়কারক·
Hagiographa, *s.* বৈবেলের মধ্যের ধর্ম্মগানাদি পুস্তক·
Hagiographer, *s* ধর্ম্মগ্রন্থলেখক·
Hail, *s.* শিল; শিলাবৃষ্টি; *v. n.* শিলাবৃষ্টি-হ·
Hail, *interj.* মঙ্গল হউক·
Hailstone, *s.* শিল, পাথর·
Hair, *s. of the head,* কেশ, চুল, চিকুর; *of the privities,* বাল; *of the body,* লোম, রোঁআ, পশম; *false,* পরচুল; *massed,* জটা; *tail of,* বেণী·
Hairbrained, *a.* ক্ষিপ্ত, একগুঁয়া·
Hairbreadth, *s.* একচুলান্তর·
Haircloth, *s.* লুই· [শিষ্টত্ব·
Hairiness, *s.* লোমশাবস্থা, লোমবি
Hairless, *a.* ইন্দ্রলুপ্ত, চুলরহিত, নেড়া·
Hairy, *a. in the body,* লোমশ; *on the head,* কেশী, কেশযুক্ত·
Halberd, *s.* পরশু, টাঙ্গি, যুদ্ধকুঠার,
Hale, *a.* সুস্থ, হৃষ্টপুষ্ট, বলবান; *v. a.* হিঁচড়া·
Half, *s.* অর্দ্ধ, অর্দ্ধেক, আধা·
Half and Half, *ad.* অর্দ্ধার্দ্ধি, অর্দ্ধার্দ্ধ, আধাআধি·
Half-heard, *a.* অর্দ্ধশ্রুত·
Half-blood, *s.* বিমাতৃজ সন্তান·

Halfpenny, *s.* ইংগ্লণ্ডের তাম্র মুদ্রা বিশেষ, বিশেষত এক পয়সা.
Half-sighted, *a.* অর্দ্ধ বা ক্ষীণদৃষ্টিযুক্ত.
Halfway, *ad.* অর্দ্ধপথে, মধ্যপথে, মাঝামাঝি. [র্দ্ধবোধ, অবোধ.
Halfwit, *s.* অসম্পূর্ণজ্ঞান, অজ্ঞান, নি
Hall, *s.* শালা, দালান ; *of justice*, ব্যবস্থান, বিচারস্থান. [ক.
Hallelujah, *s.* ঈশ্বরের ধন্যবাদ হউ
Halo, *s.* গণ্ডী.
Halloo, *v. a.* চেঁচাইয়া ডাক্. [শব্দ-কৃ.
Hallow, *v. a.* পবিত্র-কৃ, সংস্কার-কৃ,
Hallucination, *s.* ভ্রম.
Halser, Hawser, *s.* কাছি, দড়া.
Halt, *v. n.* খোঁড়া, খুঁড়িয়া-চল্, নেঙ্চিয়া-হাঁট্. স্খলিত-হ্ ; *hesitate*, দ্বিধা-হ্.
Halt, *s.* খোঁড়ান, খোঁড়া ; *in a march*, উত্তরণ, স্থিতি, স্খলিত.
Halter, *s.* ফাঁসদড়ি, দড়ি. [অংশ-কৃ.
Halve, *v. a.* দ্বিভাগ-কৃ, দুই খণ্ড বা
Halves! *interj.* অর্দ্ধার্দ্ধি, আধাআধি.
Ham, *s.* শূকরের লোণা শুষ্ক জঙ্ঘা ; জঙ্ঘা, রাণ.
Hamlet, *s.* পল্লী বা ক্ষুদ্র গ্রাম, পাড়াগাঁ.
Hammer, *s.* মার্তেল, হাতুড়ী, মুদ্গর ; *v.* মার্তেলের ঘা-দে.
Hammock, *s.* জাহাজী ঝুলনাখাট.
Hamper, *v. a.* জড়ীভূত-হ্, জালে বদ্ধ-হ্ ; *s.* বড় ঝাঁকা. [শিরা-কাট্.
Hamstring, *s.* জঙ্ঘাস্থ শিরা ; *v. a.* ঐ
Hand, *s.* কর, হস্ত, হাত ; *at a game*, বাজু বা হাত ; *sailor, workman, &c.* মল্লা, কারিগর, জন, লোক ; *writing*, অক্ষর, লেখা ; *of a watch*, কাঁটা, *a measure*, চারি বুরুল পরিমাণ.
Hand, *v. a.* অর্পণ-কৃ, দে, হাতে-দে ; *by tradition*, পুরুষানুক্রমে অর্পণ-কৃ ; *guide*, হাত ধরিয়া-যা.
Hand in hand, যোগে.
Hand to mouth, যে দিনে যে রোজগার সেই দিনে তাহাতেই কাল ক্ষেপণ.
Hand and glove, অত্যালাপী, হাত আর দস্তানা.
Hand, at, নিকটে.
Handbasket, *s.* হাতচুপড়ী, সাজ
Handbell, *s.* হাত ঘণ্টা, ছোট
Handbreadth, *s.* চারি বুরুল পরি
Handcuff, *v. a.* হাতকড়ি-দে ; *s* কড়ি.
Handful, *s.* একমুষ্টি, মুটা.
Handgallop, *s.* সহজ দৌড়, দৌড়.
Handicraft, *s.* শিল্পকর্ম্ম, কারি
Handicraftsman, *s.* শিল্পী, কারি
Handily, *ad.* পটুতারূপে.
Handiness, *s.* পটুতা, চালাকী.
Handiwork, *s.* হস্তকৃতকর্ম্ম.
Handkerchief, *s.* গামছা, রুমাল
Handle, *v.* স্পর্শ-কৃ, নাড়্ ; *s.* বাঁট তল, কড়া. [ক
Handmaid, *s.* দাসী, পরিচারিক
Handmill, *s.* যাঁতা, চাকী.
Handsaw, *s.* ক্ষুদ্র করাত, হাতক
Handsome, *a.* চারু, রূপবান্, সুন্দর, সুরূপ, মনোহর, সু স্বপসুরৎ. [
Handsomely, *ad.* সৌন্দর্যরূপে ; ম
Handsomeness, *s.* সুরূপতা, সৌ
Handwriting, *s.* হস্তাক্ষর, হা লেখা.
Handy, *a.* কর্ম্মোপযুক্ত, কর্ম্ম লাক.
Hang, *v. by the neck*, ফাঁসি-দে *suspend*, টাঙ্গা, ঝুলা, লটকা-
Hanger, *s.* ক্ষুদ্র প্রশস্ত করবাল,
Hangings, *s.* ঝালর, পরদা.
Hangman, *s.* জল্লাদ.
Hank, *s.* ফেটি, সুতার ফেটি.
Hanker, *v.* লিপ্সা-কৃ, আকাঙ্ক্ষা-ক ত্যাশায়-থাক্.
Hap, *s.* দৈবাৎ ; অদৃষ্ট, ভাগ্য ;
Haphazard, *s.* দৈবাৎ. [ঙ্কীর্ণ
Hapless, *a.* দুর্দ্দশা বা দুর্ভাগ্যগ্র
Haply, *ad.* দৈবাৎ.

Happen, *v. n.* হ্, ঘট্, পড়্.
Happily, *ad.* ভাগ্যক্রমে, কল্যাণে.
Happiness, *s.* শুভ, কুশল, আনন্দ, সৌভাগ্য, মঙ্গল, শং, হর্ষ, সুখ, ক্ষেম, কল্যাণ, তুষ্টি, খয়ের, খুসী.
Happy, *a.* হৃষ্ট, সুখী, আনন্দিত, আহ্লাদিত, কুশলী, কল্যাণী.
Harangue, *s.* বক্তৃতা, কথকতা, বাক্য, কথা. [-কৃ.
Harass, *v. a.* ক্লান্ত, বা শ্রান্ত বা বিরক্ত
Harassed, *pa.* শ্রান্ত, ক্লান্ত, পরিশ্রান্ত, বিরক্ত.
Harbinger, *s.* অগ্রগান্তা, দূত.
Harbour, *v.* আশ্রয়-দে. [ন; আশ্রয়.
Harbour, *s.* বন্দর, নগরবাড়ী, কো
Hard, *a. firm*, দৃঢ়; *difficult*, দুষ্কর, কঠিন, শক্ত; *cruel*, নিষ্ঠুর, ক্রূর, কঠোর.
Hard, *ad. near*, নিকট; *with difficulty*, পরিশ্রমপূর্ব্বক.
Harden, *v. a.* শক্ত-কৃ, কঠিন-কৃ.
Hardhearted, *a.* কঠিনান্তঃকরণ, নিষ্ঠুর, ক্রূর. [কাঠিন্য, নিষ্ঠুরতা.
Hardheartedness, *s.* ক্রূরতা, নির্দ্দয়তা,
Hardiness, *s.* ক্লেশ, পরিশ্রম, সাহস; *effrontery*, ঢেঁটাম.
Hardly, *ad.* কষ্টে; *barely*, প্রায়.
Hardmouthed, *s.* কঠিনমুখ, লাগামঅমানক.
Hardness, *s.* কঠিনতা, দৃঢ়তা, শক্ততা, কাঠিন্য; *of heart*, নিষ্ঠুরত্ব, ক্রূরত্ব.
Hardship, *s.* ক্লেশ, দুর্গতি, যন্ত্রণা, কৃচ্ছ্র.
Hardware, *s.* লৌহ ইস্পাতাদি নির্ম্মিত দ্রব্য. [প্রভৃতি.
Hardwareman, *s.* কাঁসারী, কর্ম্মকার
Hardy, *a.* কড়া; দৃঢ়, কঠিন, শক্ত, দুর্জ্জয়, বলবান্, হিম্মতী.
Hare, *s.* শশক, খরগোস. [ভ্য.
Harebrained, *a.* চঞ্চল, সাহসিক, অস
Harelip, *s.* গর্ণকাটা, গর্ণখাঁদা.
Harem, *s.* অন্তঃপুর, অন্দরবাটী, হরম.
Harier, *s.* শিকারী কুকুরবিশেষ.

Hark, *interj.* শুন২, অবধান কর, মনোযোগ কর. [সবি, খানকী.
Harlot, *s.* বেশ্যা, কুলটা, গণিকা, ক
Harlequin, *s.* ভণ্ড, ভাঁড়, মস্করা.
Harm, *s.* হিংসা, অমঙ্গল, দ্রোহ, দ্বেষ, ক্ষতি, নুকসান; *v.* নুকসান-কৃ, ক্ষতি-কৃ.
Harmful, *a.* হিংসুক, ক্ষতিজনক.
Harmless, *a.* অহিংসক, অদ্বেষ, অদ্রোহী, সরল.
Harmlessness, *s.* অহিংসকতা, অনপকারকতা, অদুষ্টতা. [লনসম্বন্ধীয়.
Harmonic, Harmonical, *a.* বাদ্যের মি
Harmonies, *s.* ধ্বনি বা শব্দবিদ্যা.
Harmonious, *a.* সুশ্রাব্য, সুস্বর, মিলধ্বনিবৎ.
Harmoniously, *ad.* সুস্বরপূর্ব্বক মিলে২. [কৃ.
Harmonize, *v. a.* সুর-বান্ধ্, স্বরমিল-
Harmony, *s.* ঐক্য, মিল, প্রীতি.
Harness, *s.* সজ্জা, সাজ. [বাদ্য-কৃ.
Harp, *s.* বীণা, মুর্চ্চঙ্গ, বীণ; *v. n.* বীণা
Harper, *s.* বীণাবাদক, মুর্চ্চঙ্গবাদক.
Harpooner, *s.* টেঁটাদ্বারা বৃহন্মৎস্যধারক.
Harpoon, *s.* বৃহৎ মৎস্য মারণার্থ টেঁটা, পোলা, তেকোলা.
Harpsichord, *s.* বাদ্যযন্ত্রবিশেষ.
Harpy, *s.* কল্পিত পক্ষিবিশেষ; লোভি বা ক্রূর ব্যক্তি. [ই-দে; মন-বিন্ধ্.
Harrow, *s.* মই, চাসের মই; *v. a.* ম
Harsh, *a.* উগ্র, কষায়, কটু, কর্কশ, কঠোর, নিষ্ঠুর, টান. [কর্কশরূপে.
Harshly, *ad.* কটুতারূপে, উগ্রতারূপে,
Harshness, *s.* কটুতা, কষায়ত্ব, অম্লত্ব; ক্রূরতা, কর্কশত্ব.
Hart, *s.* হরিণ, মৃগ, কুরঙ্গ.
Hartshorn, *s.* হরিণশৃঙ্গ, হরিণশৃঙ্গেতে নির্ম্মিত ঔষধ.
Harumscarum, *s.* চঞ্চল ব্যক্তি.
Harvest, *s.* শস্যসংগ্রহকাল, ফসলমুখ, ফসল.
Hash, *v. a.* খণ্ড২-কৃ, কুটি২-কৃ.

Hassock, *s.* প্রার্থনা করিবার আসন, তৃণাসন.
Haste, Hasten, *v. n.* ত্বরা-কৃ, বেগে-কৃ, আকুঁবাকু-কৃ, তাগাদা-কৃ, জল্দী-কৃ.
Haste, *s.* আশু, ত্বরা, শীঘ্র, তাগাদা, জল্দী, ঝাঁট.
Hastily, *ad.* অবিবেচনাপূর্ব্বক, ত্বরায়, ঝপকরিয়া, তাড়াতাড়ি, ঝটিতি.
Hastiness, *s.* আশুতা, ত্বরত্ব, শীঘ্রতা, ঝটিতি, তাগাদা.
Hasty, *a.* ত্বরিত, শীঘ্র, দ্রুত, অবিবেচিত, ত্বরান্বিত, অগ্নিতুল্য, জলদ্.
Hat, *s.* টুপি, টোপ, টোপর; *band,* টুপির ফিতা.
Hatch, *s.* জাহাজের ফল্কার দ্বার; ডিম্বফুটান; *discovery,* প্রকাশকরণ; *v.* ডিম্ব-ফুটা বা ছা-তুল্.
Hatchet, *s.* কুঠার, কুড়ালি; টাঙ্গী.
Hate, *v. a.* কুৎসিত-কৃ, ঘৃণা-কৃ, হেয়জ্ঞান-কৃ.
Hatred, *s.* ঘৃণা, হেয়জ্ঞান, দ্বেষ, আড়ি.
Hateful, *a.* ঘৃণ্য.
Hatefully, *ad.* ঘৃণ্যরূপে, হেয়রূপে.
Hatter, *s.* টুপিনির্ম্মাণকারক.
Have, *v. a.* অধিকার-কৃ, ভোগ-কৃ, পা, ধারণ-কৃ. [আশ্রয়.
Haven, *s.* কোল, নঙ্গরবাড়ী, বন্দর;
Haughtily, *ad.* গর্ব্বিতরূপে, অহঙ্কারপূর্ব্বক.
Haughtiness, *s.* গর্ব্ব, অহঙ্কার, বড়াই, দিমাগ.
Haughty, *a.* গর্ব্বী, গর্ব্বিত, অহঙ্কৃত, দিমাগী.
Haul, *v. a.* জবরদস্তীরূপে-টান্, টান্.
Haunt, *v.* সতত গতায়াত-কৃ, সতত গমনাগমন-কৃ.
Haunt, *s.* ওকঃ, যে স্থানে কোন মনুষ্য বা পশু নিত্য গমন করে.
Haunted, *pa.* ঘরের বিষয়ে ভূতগ্রস্ত.
Havoc, *v. a.* উচ্ছিন্ন-কৃ, উজাড়-কৃ; *s.* উচ্ছিন্ন, উজাড়.
Hauteur, s. অহঙ্কার, দাম্ভিকতা.
Hautboy, *s.* শানাই.
Hawk, *s.* বাজপক্ষী, শয়চান; *v. n.* বাজদ্বারা শিকার-কৃ; *in the throat,* গলা-খাঁকরা; *for sale,* দ্রব্যবিক্রয়ার্থে ঘোষণা-কৃ.
Hawker, *s.* ফেরিওয়ালা, পাইকার, বিক্রয়দ্রব্যঘোষক.
Hawser, *s.* কচ্ছা, কাচি, দড়া.
Hawthorn, *s.* বৃক্ষবিশেষ.
Hay, *s.* শুষ্ক তৃণ.
Hayrick, Haystack, *s.* শুষ্কতৃণের স্তূপ বা কাঁড়ি বা গাদা. [পদ, সঙ্কট.
Hazard, *s.* দৈব; *danger,* বিপত্তি, আ
Hazard, *v. a.* দৈবে ব্যয়-কৃ, শঙ্কাতে-পড়্. [পত্তিযুক্ত.
Hazardous, *a.* দৈব, সঙ্কটবিশিষ্ট, বি
Hazel, *s.* ফিন্দুক বৃক্ষ.
Hazy, *a.* কুজ্ঝটিকাময়, কুয়াসাযুক্ত, ঘোর.
He, *fem.* she, *pron.* তিনি, উনি, সে, ও.
Head, *s.* মূর্দ্ধা, মস্তক, শিরঃ, মাথা; মণ্ড, প্রধান, সরদার. [দারী-কৃ.
Head, *v. a.* প্রাধান্য-কৃ, কর্ত্তৃত্ব-কৃ, সর
Headache, *s.* শিরঃপীড়া, মাথাব্যথা.
Headdress, স্ত্রীলোকের মস্তকাভরণ.
Headiness, *s.* একগুঁয়ামী.
Headland, *s.* অন্তরীপ, টেঁক.
Headless, *a.* মস্তকহীন; প্রভুহীন, অস্বামিক, কর্ত্তারহিত.
Headlong, *a.* অধোমস্তক, ঘাড়গুঁজা, উচক্কা, না বুঝেশুঝে চলে যে.
Headmost, *a.* পুরঃ, প্রথম, সর্ব্বাগ্র.
Headquarters, *s.* যে স্থানে সর্ব্বপ্রধান সৈন্যাধ্যক্ষ থাকেন.
Headstone, *s.* গৃহনির্ম্মাণের উত্তম প্রস্তর.
Headstrong, *a.* অবাধ্য, একগুঁয়া, গুঁয়ার, উচক্কা.
Heady, *a.* অবিবেচক, অদম্য, রাগান্বিত; মস্তকপীড়াজনক.
Heal, *v.* ক্ষত বা ঘা ভাল-কৃ, সুস্থ-কৃ, বিবাদভঞ্জন-কৃ. [সুর.
Healing, *pa. a.* কোমল, সুস্থকারী, ত

Health, *s.* স্বাস্থ্য, আরোগ্য, শরীরের সুখ, সমধাতু, আরাম, চাঙ্গাই.
Healthful, Healthsome, *a.* সুস্থ, অরোগী, নিষ্পীড়, তাজা.
Healthily, *ad.* নিষ্পীড়রূপে, আরামে.
Healthiness, *s.* স্বাস্থ্য, নিষ্পীড়ত্ব, আরাম.
Healthless, *a.* অসুস্থ, রোগী.
Healthy, *a.* সুস্থ, নিষ্পীড়, অরোগী, সবল, নির্ব্যাধি, আরামী.
Heap, *v. a.* স্তূপ-কৃ, কাঁড়ি-কৃ, রাশি-কৃ, সংগ্রহ-কৃ, ঢেরি-কৃ; *s.* স্তূপ, রাশি, কাঁড়ি, ঢেরি, থোক, গাদি.
Hear, *v.* শ্রবণ-কৃ, আকর্ণন-কৃ, শুন্.
Hearer, *s.* শ্রোতা, শ্রবণকারক.
Hearing, *s.* শ্রবণ, কর্ণগোচর.
Hearken, *v. n.* অবধান-কৃ, মনোযোগপূর্ব্বক শ্রবণ-কৃ. [বাক্য.
Hearsay, *s.* কিম্বদন্তী, জনরব, শ্রুত
Hearse, *s.* শববাহক গাড়ী.
Heart, *s.* চিত্ত, হৃদয়, হৃৎ, অন্তঃকরণ, হৃৎপিণ্ড, খাতির; *the essence*, সার, মাঝ.
Heartache, *s.* খেদ, মনোদুঃখ, মানসী ব্যথা, মনঃপীড়া.
Heartburning, *s.* অন্তঃকরণের উত্তাপ, মানসী ব্যথা. [ধিকপ্রিয়.
Heartdear, *a.* সারল্যরূপপ্রিয়, প্রাণা
Hearteasing, *s.* মনঃশান্তি.
Hearten, *v. a.* ভরসা-দে, সাহস-দে, সবল-কৃ.
Hearth, *s.* উনান, আকা, চুলা, তোলা উনান.
Heartily, *ad.* সর্ব্বান্তঃকরণে.
Heartiness, *s.* সারল্য, অকাপট্য, অকাল্পনিকতা.
Heartless, *a.* ভীরু, অসাহসী, বেদিল.
Heartsick, *a.* মনঃপীড়িত, মানসী ব্যথাতে ব্যথিত.
Heartstring, *s.* হৃৎপিণ্ডাকর্ষক শিরা বা কলিজা.
Hearty, *a.* সরল, অকপট; *strong*, সবল, সুস্থ, তাজা.
Heat, *s.* উত্তাপ, উষ্ণতা, গুমট; *passion*, ক্রোধ, উগ্রতা, রাগ, উষ্মা.
Heat, *v. a.* উত্তপ্ত-কৃ, গরম-কৃ, ক্রোধান্বিত-কৃ, উষ্মান্বিত-কৃ, তাতা, তাপা.
Heat, prickly-, *s.* ঘামাচি.
Heater, *s.* শাককরণার্থে ইস্ত্রির মধ্যস্থ তপ্ত লৌহ.
Heath, *s.* ক্ষুদ্র চারাযুক্ত মাঠ.
Heathen, *s.* দেবপূজক, দেবোপাসক.
Heathenism, *s.* দেবপূজা, দেবপূজকের মত.
Heave, *s.* উকি, উদ্গার; *v.* উকি-তুল্, উদ্গার-কৃ, হাঁপা.
Heaven, *s.* স্বর্গ, ত্রিদিব, স্বর্, নাক, ত্রিদশালয়; আকাশ.
Heaven-born, *a.* ধর্ম্মাবতার.
Heavenly, *a.* স্বর্গীয়, অত্যুত্তম, পারমার্থিক.
Heavily, *ad.* শোকপূর্ব্বক, বিলাপপূর্ব্বক; গুরুত্বরূপে.
Heaviness, *s.* গুরুত্ব, ভারিত্ব; বিলাপ.
Heavy, *a.* গুরুতর, ভারী; সশোক.
Hebraism, *s.* এব্রিভাষার পদ্য.
Hebrew, *s.* এব্রিভাষা; এব্রি বা য়িহুদীয় লোক.
Hebdomadal, *a.* সপ্তাহিক.
Hecatomb, *s.* শতধেনু উৎসর্গ.
Hectic, Hectical, *a.* জ্বরগ্রস্ত.
Hector, *s.* দাম্ভিক লোক, গর্ব্বী লোক; *v.* গর্ব্ব-কৃ, বড়াই-কৃ.
Hedge, *s.* বেড়া, ঘেরা, টাটী; *v.* বেড়া-দে. [জন্তু.
Hedgehog, *s.* শজারুর ন্যায় বিশেষ
Hedgepig, *s.* শজারুর ন্যায় বিশেষ জন্তুর শাবক.
Hedging-bill, *s.* গাছের বেড়া কর্ত্তন করিবার অস্ত্র, -দা, কাটারি.
Hedger, *s.* গাছের বেড়া প্রস্তুতকারক, ঘরামী. [সতর্ক-হ.
Heed, *v. a.* মনোযোগ-কৃ, সাবধান-হ,
Heed, *s.* মনোযোগ, সাবধানতা, সচেতনতা, অপ্রমাদ.

Heedful, a. সতর্ক, সচেতন, সাবধান, অপ্রমাদী. [অপ্রমাদিতা.

Heedfulness, s. সাবধানতা, সতর্কতা,

Heedless, a. অসাবধান, অসতর্ক, প্রমাদী.

Heedlessness, s. অসাবধানতা, অসতর্কতা, প্রমাদিতা.

Heel, s. পাঞ্চি, গুল্ফ, গুড়মুড়া, এড়ী, গোড়ালি.

Hegira, s. যাবনিক শক, বিশেষতঃ খ্রীষ্টের শনের ৬২২ সালে মহম্মদের মক্কাহইতে পলায়ন দিবসাবধি যে শক নিরূপিত আছে তাহা.

Heifer, s. বকনা, বকন, দ্বিহায়নী, ত্রিহায়ণী. [হা.

Heigh! interj. উহু, ওহে, ইহি, আ

Height, s. ঊর্দ্ধতা, উচ্চতা, উভ, তুঙ্গতা, উত্তুঙ্গতা.

Height, equal in, সমশিরা.

Heighten, v. a. ঊর্দ্ধ-কৃ, উচ্চ-কৃ; *aggravate*, বাড়িয়া-বল্.

Heinous, a. দুষ্টতম, দুরাত্মা.

Heinously, ad. দুষ্টতমতারূপে, দৌরাত্ম্যপূর্ব্বক. [ত্ম্য.

Heinousness, s. দুষ্টতমতা, অতিদৌরা

Heir, s. উত্তরাধিকারী, দায়াদ, বারিস.

Heiress, s. উত্তরাধিকারিণী. [রিস.

Heirless, a. নিরুত্তরাধিকারী, বেবা

Heirloom, s. যে বস্তু ক্রমশঃ পিতাপুত্রকে দেওত কখন গৃহছাড়া হয় নাই তাহা. [সী.

Heirship, s. উত্তরাধিকারিত্ব, বারি

Heliocentric, a. সূর্য্যকে কেন্দ্রজ্ঞান করিলে তৎসম্বন্ধীয়.

Helioscope, s. সূর্য্যদর্শক দুরবিন.

Hell, s. নরক, দুরাত্মার যন্ত্রণার স্থান, দোজক.

Hellebore, s. বৃক্ষবিশেষ.

Hellish, a. নারকীয়, দুষ্ট, নারক.

Hellishly, ad. নারকিতারূপে, দুষ্টতারূপে. [হালি.

Helm, s. হালি, পাতওয়াল, নৌকার

Helmsman, s. কর্ণধার, কাণ্ডারী, নাবিক, মাজি, নেয়্যা.

Helmed, pa. বর্ম্মযুত.

Helmet, s. যুদ্ধ টোপ, শিরস্ত্রাণ.

Help, v. সাহায্য-কৃ, উপকার-কৃ, আনুকূল্য-কৃ.

Help, s. সাহায্য, উপকার, আনুকূল্য.

Helper, s. সাহয্যকারক, উপকারক.

Helpful, a. সহায়, উপকারক, অনুকূল.

Helpless, a. উপায়রহিত, নিঃসহায়, দীনহীন, বিবশ, লাচার.

Helter-skelter, ad. গোলমালপূর্ব্বক, এলোমেলোরূপে.

Helve, s. কুড়ালির বাঁট.

Hem, s. মগজি.

Hem, v. a. কিনারা শেলাই-কৃ, মগজি-লাগা.

Hemi, অন্য শব্দের সঙ্গে যোগ হইলে অর্দ্ধ অর্থ বুঝায়.

Hemisphere, s. বর্তুলের মধ্যস্থানে ছেদন করিলে যে অর্দ্ধেক হয়, বিশেষতঃ ভূগোলের অর্দ্ধেক ভাগ.

Hemistick, s. অর্দ্ধশ্লোক.

Hemlock, s. বিষবৃক্ষ বিশেষ.

Hemorrhage, s. রক্তস্রাব.

Hemorrhoids, s. অর্শ, অর্শরোগ, বাওয়াসির.

Hemp, s. গাঁজা.

Hempen, a. গাঁজা নির্ম্মিত.

Hen, s. কুক্কুটী, কুকড়ী, মরগী; মাদি.

Hencoop, s. মুর্গীর খাঁচা.

Hence, ad. or *interj.* দূর হও, তফাৎ; এইহেতুক, এইপ্রযুক্ত, এইকারণ, অতএব, অথ, অতঃ.

Henceforth, Henceforward, ad. এইঅবধি, এইকালাবধি.

Hend, v. a. ধৃ, আক্রমণ-কৃ, আটক-কৃ, ঘের্, বেষ্টন-কৃ.

Henpecked, a. স্ত্রীবাধ্য, স্ত্রীর বশ, স্ত্রৈণ.

Henroost, s. মুরগীখানা.

Hepatic, a. যকৃৎসম্বন্ধীয়.

Heptagon, *s.* সপ্তাস্র· সাতপল· [য়া·
Heptagonal, *a.* সপ্তাস্রীয়, সাতপলী
Heptarchy, *s.* সপ্তপ্রভুত্ব, সপ্তরাজার রাজত্ব·
Her, *pron.* স্ত্রীলিঙ্গবাচক শব্দ, যথা তাঁহার, তাহার, উহার· [জিলেপ·
Herald, *s.* অগ্রগামী, নকীব· ভাট·
Heraldry, *s.* বুনিয়াদি বংশের কুলজী ও বংশচিহ্নের বিদ্যা·
Herb, *s.* চারা, গাছড়া·
Herbacious, *a.* গাছবিশিষ্ট·
Herbage, *s.* শাক, সবজি, তৃণ·
Herbal, *s.* গাছড়া বা চারানির্ণয় গ্রন্থ· [যজ্ঞ·
Herbalist, *s.* গাছড়া বা চারার বিশে
Herbwoman, *s.* বেদ্যানী, গাছড়াবিক্রয়কারিণী· [স্বাভাবিক·
Herby, *a.* চারা বা গাছড়াধর্মক বা
Herculean, *a.* অতিবৃহৎ, অতিদুষ্কর·
Herd, *s.* গোঠ· পাল, ঝাঁক, যূথ; *v.* সমাস-কৃ, পালস্থ-কৃ· [রাখাল·
Herdsman, *s.* পালরক্ষক, যূথপতি,
Here, *ad.* অত্র, ইহ, এইস্থানে, এখানে, এথা· [অঞ্চলে·
Hereabouts, *ad.* এই স্থানের মধ্যে, এই
Hereafter, *ad.* ইহার পরে· অপর কালে· পশ্চাৎ, অন্যপর, আইন্দা·
Hereby, *ad.* ইহাতে, এরদ্বারা, ইহার দ্বারা·
Hereditable, *a.* উত্তরাধিকার্য্য·
Hereditament, *s.* অধিকার, অধিকারস্থ ভূমি·
Hereditary, *a.* পৈতৃক, মৌরুসী·
Herein, Hereinto, *ad.* ইহাতে· ইহার মধ্যে·
Hereof, *ad.* ইহাহইতে, এইকারণহইতে, ইহার বিষয়ে·
Hereon, Hereupon, *ad.* অত্রোপরি, ইহার উপর, ইহাতে·
Heresy, *s.* মতান্তর·
Heretic, *s.* মতান্তরাবলম্বিব্যক্তি·
Heretical, *a.* মতান্তরে লিপ্ত· [র্য্যন্ত·
Hereto, Hereunto, *ad.* ইহাতে, এইপ
Heretofore, *ad.* পূর্ব্বকালে, ইহার পূর্ব্বে· [সঙ্গে·
Herewith, *ad.* ইহার সহিত, ইহার
Heritage, *s.* পৈতৃক ধন· [জড়া·
Hermaphodite, *s.* ক্লীব, নপুংসক, হি
Hermetical, *a.* বদ্ধ, যথা যখন বোতলের মধ্যে কোন বস্তু বদ্ধ করিবার কারণ তাহার মুখ অগ্নিতে নরম করিয়া বদ্ধ করে·
Hermit, *s.* ঋষি, তপস্বী· মুনি·
Hermitage, *s.* মুনি বা ঋষি বা তপস্বির আশ্রম·
Hero, *s.* বিক্রান্ত ব্যক্তি, যোদ্ধা, বাহাদুর·
Heroess, Heroine, *s.* বিক্রান্তা স্ত্রী·
Heroic, Heroical, *a.* বীর্য্যবান্, শৌর্য্যবান্· [বান্‌রূপে·
Heroically, *ad.* বীর্য্যবান্‌রূপে, শৌর্য্য
Heroism, *s.* শৌর্য্য, বীর্য্য, বাহাদুরী·
Heron, or Hern, *s.* কঙ্ক, কাঁক·
Herpes, *s.* দাদ, দদ্রু·
Herring, *s.* সমুদ্রীয় মৎস্যবিশেষ·
Herself, *pron.* স্ত্রীলিঙ্গ তিনি বা উনি বা সে আপনি·
Hesitate, *v. n.* দ্বিধা-কৃ, সন্দেহ-কৃ, সংশয়-কৃ, উস্‌বাস-কৃ· [উস্‌বাস·
Hesitation, *s.* দ্বিধা, সন্দেহ, সংশয়,
Hest, *s.* আজ্ঞা, বিধি, হুকুম·
Heterodox, *a.* বামাচারী· [বর্গীয়·
Heterogeneal, Heterogeneous, *a.* অসম
Hew, *v. a.* ছিন্ন-কৃ, ছেদন-কৃ, কাটি, চেলা-কৃ·
Hexagon, *s.* ষড়ভুজ·
Hexangular, *a.* ষট্‌কোণ·
Hexagonal, *a.* ষড়ভুজ· [ক·
Hexameter, Hexastic, *s.* ষট্‌পদী শ্লো
Hey! *interj.* আনন্দোচ্চার্য্য বাক্য, ভাল, বেশ· [আহা, উ·
Hey day! *interj.* প্রশংসনীয় বাক্য,
Hibernal, *a.* শীতকালসম্বন্ধীয়·
Hickup, *s.* হিক্কা, হেঁচকী; *v. n.* হিক্কা-তুল, হেঁচকী-কৃ·
Hid, *part.* গুপ্ত, লুক্কায়িত·

Hide, *v.* ছিপা, গোপন-কৃ, লুকা ; *s.* চর্ম্ম, পশুচর্ম্ম, চামড়া ; লুকাচুরী.
Hideous, *a.* ভয়ানক, ভয়ঙ্কর, শঙ্কাজনক.
Hide-and-seek, *s.* লুকাচুরী.
Hideously, *ad.* ভয়ানকরূপে, ভয়ঙ্কররূপে.
Hie, *v. n.* শীঘ্রগমন-কৃ, ত্বরা-যা, তাগাদা-যা.
Hierarch, *s.* কোন পারমার্থিক মতের অধিপতি.
Hierarchy, *s.* পারমার্থিক পরাক্রম.
Hieroglyphic, *a.* চিত্রস্বরূপ অক্ষরসম্বন্ধীয়.
Higgle, *v. n.* ঘেঙ্গিয়া দ্রব্যের মূল্য-কৃ.
Higgledy-piggledy, এলমেল, উল্টাপাল্টা.
High, *a.* উচ্চ, তুঙ্গ, ঊর্দ্ধ, মহৎ.
Highblown, *pa.* বায়ুকরণক অতিস্ফীত.
Highborn, *pa.* সৎকুলজ, সদ্বংশজ.
Highland, *s.* পর্ব্বতীয় দেশ, পাহাড়ীয় দেশ.
Highlander, *s.* পর্ব্বতীয় লোক.
Highly, *ad.* উচ্চতারূপে, অত্যন্তরূপে, নিহায়ৎরূপে.
Highminded, *a.* অহঙ্কারী, গর্ব্বী, দিমাগী.
Highness, *s.* মহামহিমা, উচ্চতা.
Highseasoned, *pa.* কটুস্বাদ, তীক্ষ্ণস্বাদ.
Highspirited, *pa. a.* সাহসিক.
High Treason, *s.* রাজদ্রোহ অপরাধ.
Highwrought, *pa.* বাড়াইয়া বর্ণনাকৃত.
Highwater, *s.* পূর্ণ জোয়ার.
Highway, *s.* রাজমার্গ, রাজপথ, বড় রাস্তা.
Highwayman, *s.* বাটপাড়া, লুঠেরা, লেঠেরা, ডাকাইত.
Hill, *s.* গিরি, শৈল, পর্ব্বত, নগ, পাহাড়.
Hillock, *s.* প্রত্যন্ত পর্ব্বত, ক্ষুদ্র পর্ব্বত.
Hilly, *a.* পর্ব্বতীয়, পাহাড়ীয়, পাহাড়ময়.
Hilt, *s.* তলোয়ারের মুঠ বা হাতল.
Him, *pron.* তাঁহাকে, তাহাকে, উহাকে.
Himself, pron. তিনি আপনি, উনি আপনি, সে আপনি.

Hind, *s.* হরিণী, মৃগী, কুরঙ্গী ; *behind, a.* পিছে, পিছলা.
Hinder, *v. a.* বাধা-জন্মা, আটক-কৃ.
Hinderance, *s.* ব্যাঘাত, নিরোধ, বিঘ্ন, রোধ, বাধা, হরকৎ.
Hindermost, Hindmost, *a.* সর্ব্বান্তস্থ, শেষ.
Hinge, *s.* কব্জা.
Hint, *v. n.* ইসারা-কৃ, ব্যঙ্গে জ্ঞাত-কৃ ; *s.* অনুভব, সঙ্কেত, ইসারা, ব্যঙ্গ.
Hip, *s.* বঙ্ক্ষণ, কুঁচকি, কটি, শ্রোণী ; *interj.* আহ্বানের শব্দ.
Hipped, *a.* ম্লান, অবসন্ন.
Hippopotamus, *s.* বড়নদীচর জন্তুবিশেষ.
Hippogriff, *s.* দেনদারী ঘোড়া.
Hire, *v. a.* ভাড়া-কৃ, চাকর-রাখ ; *s.* ভাড়া, বেতন, মূল্য, মাহিয়ানা.
Hireling, *s.* চাকর, দাস ; বেশ্যা.
His, *pron.* পুংলিঙ্গে, তাঁহার, তাহার, উহার.
Hiss, *v.* শিস-দে, তুচ্ছজ্ঞানে শিস্-কৃ ; *s.* সর্পডাক.
Hist, *interj.* চুপ, চুপ২, রহ২, স্থির.
Historian, Historiographer, *s.* বিবরণ বা উপাখ্যানলেখক, চরিত্রলেখক.
Historical, *a.* চরিত্র বা ইতিহাসবিষয়ক.
Historically, *ad.* চরিত্ররূপে.
History, *s.* চরিত্র, বিবরণ, ইতিহাস, কাহিনী.
Histrionic, *a.* নাটকসম্বন্ধীয়.
Hit, *v.* মার্, লক্ষ-মার্, ঠিক-ফেল্, সই-কৃ, স্থির-কৃ ; *s.* মারি.
Hitch, *v. n.* হুড়কার উপরে কোন কিছু-লাগা.
Hither, *ad.* এইস্থানে, এদিকে ; *a.* নিকট, কাছে.
Hither and thither, ইতস্ততঃ.
Hithermost, *a.* ইহার সন্নিকটতম, ইহার সর্ব্বাপেক্ষা নিকট.
Hitherto, *ad.* এইপর্য্যন্ত, ইতি.
Hive, *s.* মধুমক্ষিকার পোষণার্থ চুপড়ীর ন্যায় বস্তু.
Hoarfrost, *s.* পালা, হিমিকা.
Hoard, *v.* জড়া, জমা-কৃ, পুঁজি-কৃ, সঞ্চয়-কৃ ; *s.* সঞ্চয়, পুঁজি.
Hoarded, *pa.* সঞ্চিত, সংগৃহীত, জমা.

Hoariness, *s.* শুক্লতা, শুক্লিমা.
Hoarse, *a.* গলাভাঙ্গা, ঘোঙ্গরা.
Hoarsely, *ad.* স্বরভঙ্গরূপে.
Hoarseness, *s.* স্বরভঙ্গ, গলাভঙ্গ.
Hoary, Hoar, *a.* পলিত, শ্বেতবৎ, শুক্লবৎ, পাকা বুড়া.
Hoax, *s.* ঠগান.
Hobble, *v.* নেঙ্গড়ারূপে-চল্.
Hobby horse, *s.* যে বস্তুতে কোন ব্যক্তি অনুরক্ত থাকে তাহা.
Hobgoblin, *s.* ভূত, প্রেত, ছায়া.
Hobnail, *s.* জুতার তলস্থ কাঁটা.
Hock, *s.* মদিরাবিশেষ. [য়ালা.
Hocus-pocus, *s.* বাজিকর, ভেলকীও
Hodgepodge, *s.* খিচড়ি. [লা, খুঁড়্.
Hoe, *s.* টঙ্ক, কোদালি; *v. a.* কোদ
Hog, *s.* শূকর, বরাহ, শূয়ার. [ড়.
Hogcote, Hogsty, *s.* শূকরের খোঁআ
Hoggish, *a.* অপরিষ্কার, অপবিত্র, শূকরবৎ. [খোল.
Hogherd, *s.* শূকররক্ষক, শূকরের রা
Hogshead, *s.* পরিমাণবিশেষধারি পিপা.
Hoist, *v. a.* উঠা, তুল্. [জ-কৃ.
Hold, *v.* ধর্, আটক-কৃ, পাকড়্, কব
Hold, *s.* আটক, মুঠা, হাত, এখ্তিয়ার; *a strong hold,* গড়; *of a ship,* জাহাজের খোল.
Hold forth, *v.* প্রস্তাব বা প্রসঙ্গ-কৃ.
Hold in, *v.* আটকিয়া বা ধরিয়া-রাখ্.
Hold out, *v.* টেকঁ, তিষ্ঠ; প্রস্তাব-কৃ.
Hold up, *v.* ধরিয়া-রাখ্. [রহ্, বস্.
Hold! *interj.* থাম, স্থির হও, চুপ কর,
Holder, *s.* ধারক, ধরণকারক.
Hole, *s.* রন্ধ্র, গর্ত্ত, কুহর, ছেঁদা, ফুকর বিল, গাড়া.
Holily, *ad.* ধর্ম্মপূর্ব্বক.
Holiness, *s.* পবিত্রতা, ধার্ম্মিকতা, পুণ্য, সাধুতা. [রে, ওহে.
Holla, *v. n.* উচ্চৈঃস্বরে ডাক্, যথা ও
Hollands, *s.* জিনসরাব.
Hollow, *a.* খাল, ফোপরা, ফোঁপা; *s.* শূন্য, খোল, গর্ত্ত, ফাঁপ.
Hollowness, *s.* শূন্যতা, ফাঁপা বা ফোপরাভাব.
Hollihock, *s.* পুষ্পবৃক্ষবিশেষ.
Holocaust, *s.* হোম, দাহ্য হোম, দহনীয়উৎসর্গ. [স্থান.
Holster, *s.* অশ্বারূঢের পিস্তলরক্ষার্থ
Holy, *a.* ধার্ম্মিক, পবিত্র, নির্ম্মল, শুদ্ধ, শুচি, পুণ্যবান্, পূত, সাধু.
Holyday, *s.* পর্ব্বদিবস, উৎসবদিবস, পবিত্র বা খেলার দিন.
Holyghost, *s.* ধর্ম্মাত্মা.
Homage, *s.* সেবা, পূজা, প্রণাম, ভক্তি, অর্চ্চা.
Home, *s.* আপনার বাটী বা ঘর বা দেশ; *ad. at home,* ঘরে, দেশে.
Homeborn, Homebred, *a.* গৃহজাত, গেঁওয়া. [তা.
Homeliness, *s.* অসৌন্দর্য্য, কদাকার
Homely, *a.* অসুন্দর, অসভ্য, কুরূপ.
Homemade, *a.* গৃহনির্ম্মিত, দেশী ঘরুআ.
Homespun, *a.* গৃহজাত.
Homeward, *ad.* গৃহের দিগে, ঘরপানে, ঘরের অভিমুখে.
Homily, *s.* ধর্ম্ম ঘোষণা.
Homicide, *s.* হত্যা, বধ, প্রাণনাশ; *a homicide,* হন্তা, প্রাণনাশক.
Homogeneous, *a.* সবর্ণ, সমপ্রকার.
Hone, *s.* শিল, ক্ষুরাদি তীক্ষ্ণকরণশিল.
Honest, *a.* ঋজু, সরল, ভদ্র, যাথার্থিক, সাধু, বিশ্বাসী, অপ্রতারক, নির্ম্মল, খারা.
Honestly, *ad.* সারল্য বা প্রকৃতরূপে, যাথার্থরূপে, অপ্রতারণারূপে.
Honesty, *s.* ঋজুতা, সারল্য, ভদ্রতা, যথার্থতা, খারাই.
Honey, *s.* মধু, মৌ, মহ.
Honeycomb, *s.* মৌচাক, মধুচাক.
Honeymoon, *s.* বিবাহের পর প্রথম মাস.
Honour, *s.* সম্মান, সম্ভ্রম, মান, মর্য্যাদা, গৌরব, আদর, পুরস্কার.
Honour, *v. a.* সম্ভ্রম-কৃ, মর্য্যাদা-কৃ.

গৌরব-কৃ, সম্মান-কৃ, আদর-কৃ, মান-কৃ.
Honour, seat of, গৌরভাসন, ভদ্রাসন.
Honourable, a. সম্ভ্রান্ত, মর্য্যাদাবন্ত, সাদর, নমস্য, মান্য. [পূর্ব্বক.
Honourably, ad. সম্ভ্রান্তরূপে, মর্য্যাদা
Honorary, a. আদরযুক্ত, সম্ভ্রমশীল.
Honorary-dress, s. খেলাৎ.
Hood, s. অবস্থা, (যথা, *childhood*, বাল্যাবস্থা); *of a snake*, ফণা; *a cap*, টোপ, টুপি.
Hoodwink, v. a. চক্ষুরোধ-কৃ বা-হ.
Hoof, s. খুর, পশ্বাদির খুর.
Hook, s. আঁকড়া, আঁকষী; *elephant's*, অঙ্কুশ; *fish-hook*, বড়শী.
Hook, v. a. আঁকড়িয়া-ধৃ, ফাঁদে-ফেল, বদ্ধ-কৃ. [অঙ্কুশবৎ.
Hooked, a. বক্র, বাঁকা, আঁকড়া বা
Hoop, s. পতর, বলয়, পিপার পতর.
Hoop, v. পতর-লাগা; চেঁচা, ধ্বনি-কৃ.
Hoopingcough, s. ছেলের কাসরোগ বিশেষ.
Hoot, s. তুচ্ছকরণ শব্দ; v. n. তুচ্ছধ্বনি-কৃ; পেচারব-কৃ.
Hop, v. একপায় নৃত্য-কৃ, কুঁদ, খোঁড়া; s. লম্ফ.
Hope, s. প্রত্যাশা, আশা, ভরসা, বিশ্বাস, আশ্বাস; অপেক্ষা, উমেদ.
Hope, v. ভরসা-কৃ, আশা-কৃ, প্রত্যাশা-কৃ, বিশ্বাস-কৃ; অপেক্ষা-কৃ.
Hopeful, a. আশা বা ভরসাযুক্ত, আশ্বাসী.
Hopeless, a. অনাশ্বাসী, নিরাশ; ত্যক্তাশ, অভরসা, হতাশ, লাচার.
Hopper, s. পেষণকলের শস্যাধারপাত্র; পেতে.
Horary, a. ঘড়ী বা দণ্ডসম্বন্ধীয়.
Horde, s. অসভ্যের দল বা সম্প্রদায়.
Horizon, s. পরিসর, পৃথিবীর গাত্র দৃষ্টির পরিচ্ছেদক মণ্ডল, চক্রবাড়.
Horizontal, a. চক্রবাড়দিগ্বর্ত্তী; অনুপ্রস্থ, তের্চা. [ঙ্গা, রণশিঙ্গা.
Horn, s. শৃঙ্গ, শিঙ্গ; *instrument*, শি

Horned, a. শৃঙ্গী, শৃঙ্গবিশিষ্ট, শিঙ্গাল.
Hornet, s. ভৃঙ্গরোল, ভেমরুল.
Hornpipe, s. বাদ্য বা নৃত্যবিশেষ.
Horny, a. শৃঙ্গনির্ম্মিত, শৃঙ্গময়.
Horologe, s. ঘড়ী. [য়.
Horoscope, s. জন্মকালীন গৃহের নির্ণ
Horrible, a. ভয়ানক, ভয়ঙ্কর, বৃহৎ, দুর্জ্জয়, ভীম, বিকট, দারুণ.
Horribly, ad. ভয়ানকরূপে, ভয়ঙ্কররূপে, বিকটরূপে, দারুণরূপে.
Horrid, a. ভয়ানক, বৃহৎ, দুর্জ্জয়, বিকট, দারুণ. [পে, দারুণরূপে.
Horridly, ad. ভয়ানকরূপে, বিকটরূ
Horrific, a. ভয়ানক, দারুণ.
Horripilation, s. রোমহর্ষ, লোমাঞ্চ, রোমাঞ্চ, গাকাঁটা.
Horror, s. শঙ্কা, আতঙ্ক, ভয়, ডর, ভীরুতা, ত্রাস.
Horse, s. অশ্ব, ঘোটক, হয়, তুরগ, তুরঙ্গ, বাজী, বাহ, ঘোড়া; কাপড় রাখিবার আলনা.
Horseback, s. অশ্বপৃষ্ঠ, অশ্বারোহণ.
Horsebreaker, s. চাবুকসওয়ার, অশ্বশিক্ষক.
Horselaugh, s. উচ্চৈঃস্বরে হাস্য, অট্টহাস্য, হাহা, হাঁসি.
Horse-leech, s. পেটুয়া জোঁক.
Horseman, s. ঘোড়সওয়ার, অশ্বারূঢ়.
Horsemanship, s. আশ্বারোহণ বিদ্যা, তরুকসওয়ারী.
Horserace, s. ঘোড়দৌড়. [ষ.
Horseradish, s. অতি ঝাল গাছবিশে
Horseshoe, s. নাল, ঘোড়ার নাল.
Horsestable, s. ঘোড়াশালা, আস্তবল.
Horsewhip, s. চাবুক.
Horticulture, s. উদ্যান বা বাগান করণবিদ্যা. [য়.
Hortulan, a. উদ্যান বা বাগানসম্বন্ধী
Hortus siccus, s. শুষ্ক গাছের সংগ্রহ.
Hosanna, s. ঈশ্বরের ধন্যবাদ বা প্রশংসা ধ্বনি.
Hose, s. মোজা, সূত্রনির্ম্মিত মোজা.
Hosier, s. মোজাবিক্রেতা.

Hospitable, *a.* অতিথিসেবক, আতিথেয়, গরীবনওয়াজ

Hospitably, *ad.* আতিথ্যরূপে. [না.

Hospital, *s.* চিকিৎসালয়, তাঙ্তখা

Hospitality, *s.* আতিথ্য, দানশীলতা. দানশৌণ্ডতা.

Host, *s.* নিমন্ত্রক ; *inn-keeper,* সরাইর কর্ত্তা, ভেটেরা ; *of an army,* বাহিনী, বল, দল, ঝাঁক ; *in the catholic church,* রোমাণমতে ঈশ্বরের ভোজনার্থে ময়দার চাক্তি বা টিকলি.

Hostage, *s.* শরীরবন্ধক. [কর্ত্রী

Hostess, *s.* নিমন্ত্রণকারিণী, ভেটেরার

Hostile, *a.* বিপক্ষ, বিপরীত, বিরুদ্ধ, বিজাতীয়. [তা.

Hostility, *s.* বিপর্য্যয়, বিরুদ্ধতা, শত্রু

Hot, *a.* কটু, ঝাল, তপ্ত, উষ্ণ, উগ্র, গ্রীষ্ম, গরম ; *lustful,* কামুক.

Hotel, *s.* সরাই, ভেটেরাখানা.

Hot-house, *s.* চারারক্ষণার্থে ঘর.

Hotseason, *s.* গ্রীষ্মকাল, গুমটকাল.

Hovel, *s.* চালা, ছাপড়া, কুঁড়ে, টোঙ্গ.

Hover, *v. n.* মস্তকের উপর ঝুঁকিয়া-থাক্.

Hound, *s.* শিকারী কুকুর.

Hour, *s.* ঘটিকা, ঘড়ী, ঘণ্টা, আড়াই দণ্ড.

Hourglass, *s.* বালিঘড়ী. [প্সরা.

Houri, *s.* মুসলমানেরদের স্বর্গের অ

Hourly, *a.* ঘড়ীং, দণ্ডং, নিত্য, সর্ব্বদা, হামেসা.

House, *s.* গৃহ, বাটী, ঘর ; *family,* বংশ ; *v.* গৃহস্থ-কৃ.

House of Commons, পার্লিমেণ্টের অধোধঃ সভা. [সভা.

House of Peers, পার্লিমেণ্টের কুলীন

Housebreaker, *s.* সিঁধাল চোর.

Housebreaking, *s.* সিঁধচুরী, সিঁধকাটা.

Household, *s.* পরিবার, পরিজন, ঘরণা.

Householder, Housekeeper, *s.* গৃহস্থ.

Household-furniture, *s.* ঘরের লওয়াজিমা.

Housekeeping, *s.* গৃহকর্ম্ম, গৃহব্যাপার, গৃহস্থী.

Housemaid, *s.* পরিচারিকা, দাসী, চাকরাণী.

Housewife, *s.* পুরস্ত্রী, কুলস্ত্রী, গৃহিণী.

Housewifery, *s.* গার্হস্থ্য কর্ম্ম.

How, *ad.* কেমন, কিমত, কেমনে, কিমতে, কিপ্রকার, কিরূপে.

Howbeit, *ad.* সে যে হউক, তথাপি যা হা হউক. [ক, তথাচ.

However, *ad.* সে যে হউক, যাহা হউ

Howitzer, *s.* তোপবিশেষ.

Howl, *v. n.* উচ্চৈঃস্বরে ক্রন্দন-কৃ, শৃগাল বা কুক্কুরবৎ রোদন-কৃ, ফেকুআ.

Howling, *s.* ফুকরিয়া কাঁদন ; অবরুজন, কেঁদুয়া বা শৃগাল বা কুকুরের ক্রন্দন, ফেকন.

Howsoever, *ad.* তথাপি, যেমনি বা হউক. [কলহ.

Hubbub, *s.* গোলমাল, কলরব, গোল,

Huckster, *v.* পাইকার.

Huddle, *v.* কোনকর্ম্ম অসাবধানতা পূর্ব্বক শীঘ্রং-কৃ, গোলমালে যড়-কৃ.

Hue, *s.* বর্ণ, রঙ্গ ; *hue and cry,* কলরব, গোল, সোর.

Huffish, *a.* গর্ব্বী, অহঙ্কারী.

Hug, *v. a.* আলিঙ্গন-কৃ, কোলে-কৃ, গলাগলি-কৃ ; *in wrestling,* জাবড়িয়া বা পাঁজা করিয়া-ধর.

Huge, *a.* বৃহৎ, দারুণ, মহৎ, প্রকাণ্ড, বড়, ডাগর.

Hugely, *ad.* বৃহদ্রূপে, অতিশয়রূপে, প্রকাণ্ডরূপে. [অন্যভাগ.

Hulk, *s.* মাস্তুলাদি বিনা জাহাজের

Hull, *s.* জাহাজের স্থূল ভাগ.

Hum, *v. n* গুঞ্জর, গুণং-কৃ, ঘুনং-কৃ ; *s.* গুঞ্জন, ঘুনঘুনী.

Human, *a.* মানবীয়, মানুষিক, মনুষ্যবৎ ; *a human creature,* মনুষ্যজাতি, মানব.

Humane, *a.* অক্রূর, অনিষ্ঠুর, কোম

লম্বভাবক, সুস্বভাবী, কোমলান্তঃকরণ.

Humanity, s. কৃপা, দয়া, করুণা; *the nature of man*, মনুষ্যতা.

Humankind, s. মনুষ্যজাতি, মনুষ্যবর্গ.

Humanly, a. মনুষ্যবৎ.

Humble, a. নম্র, নত, অগর্ব্বিত, বিনীত, নম্রশীল, নরম.

Humble, v. a. নোআ, নম্র-কৃ.

Humble-bee, s. দ্বিরেফ, অলি, মধুকর, ভ্রমর, ভোমরা. [র্বক.

Humbly, ad. নম্রতাপূর্ব্বক, বিনয়পূ

Humbug, s. ভড়ং.

Humid, a. আর্দ্র, ভিজা, সোঁতা.

Humidity, s. আর্দ্রতা, সোঁতাভাব, সরদাই.

Humiliation, s. নম্রতা, মৃদুতা, সুশীলতা, অভিভব.

Humility, s. অনুনয়, নিরহঙ্কার, নম্রতা, বিনয়, গরিবী.

Hummums, s. স্নানাগার.

Humour, s. রস, রসিকতা, মেজাজ.

Humour, v. a. সান্ত্বনা-কৃ, ইচ্ছাসম্বর্দ্ধনা তুষ্টি-কৃ. [শৌকীন.

Humorous, a. রসিক, পরিহাসক,

Hump, s. কুঁজ, ককুদ, ঝুঁট.

Humpback, s. কুঁজ, বক্রপিঠ. [কুজা.

Humpbacked, Hunchbacked, a. কুব্জ,

Hundred, s. একশত, শত, শও.

Hundred thousand, a. লক্ষ. [ক.

Hunger, s. ক্ষুদ্বোধ, বুভুক্ষা, ক্ষুধা, ভু

Hungry, a. বুভুক্ষিত, ক্ষুধার্ত্ত, বুভুক্ষু, ক্ষুধাতুর, ক্ষুধিত, ভুকা.

Hunks, s. লোভী, কৃপণ, বখিল, সুম.

Hunt, v. শীকার-কৃ, মৃগয়া-কৃ, অন্বেষণ-কৃ.

Hunt, Hunting, s. মৃগয়া, শীকার.

Hunter, Huntsman, s. ব্যাধ, মৃগয়াকারক, শিকারী.

Hurdle, s. যে অপকৃষ্ট গাড়ির উপর করিয়া লোকেরদিগকে ফাঁসি দিতে লওয়া যায় তাহা, মেষকোয়াড় করিবার টাটি.

Hurl, v. a. জোরে নিক্ষেপ-কৃ, গ[illegible] ফেল, ঠেলিয়া-ফেল. [[illegible]

Hurly-burly, s. উল্টপুল্ট, গো[illegible]

Hurricane, s. ঝড়ঝাঁটা, অতি[illegible] টকা, ঝঞ্ঝা, তুফান, ঝড়, আঁ[illegible]

Hurry, s. ত্বরা, তাগাদা; গোল[illegible] বড়ি; v. ত্বরা-কৃ. [[illegible]

Hurt, s. আঘাত, ক্ষতি, হিংসা[illegible]

Hurtful, a. দুষ্ট, দুরাচার, [illegible]ক, অহিত, কুপথ্য, হিংসু, [illegible]

Husband, s. স্বামী, ভর্ত্তা, পতি, [illegible] ভাতার, খসম.

Husband, v. a. গৃহস্থালী-কৃ, পরি[illegible]রূপে খরচ-যোগা.

Husbandman, s. কৃষক, কৃষাণ, [illegible] চাসী. [[illegible]

Husbandry, s. কৃষিকর্ম্ম, কৃষাণী, [illegible]

Hush, interj. চুপ, চুপ কর, স্থির[illegible]

Hushmoney, s. ঘুষ, গুপ্ত ব্যক্তঅ[illegible]র্থে-ঘুষ.

Husk, s. তুঁষ, খোসা, ছিলকা, [illegible]কা, কল্ক, ভূষি, আগড়া. [[illegible]

Husked, Husky, a. খোসাযুক্ত, [illegible]

Hussar, s. অশ্বারূঢ় সৈন্যবিশেষ.

Hussy, s. দুষ্টা স্ত্রী.

Hustings, s. যে স্থানে পার্লিমে[illegible] অন্তঃপাতি ব্যক্তিকে মনোনী[illegible]রা যায়.

Hut, s. রামকুঁড়্যা, কুটীর, খুবরী[illegible] পড়ী, কুঁড়িয়া, চালা, টোঙ্গ.

Huzza, interj. জয়ধ্বনি. [প্রিবিশে[illegible]

Hyacinth, s. শম্মুল, পুষ্পবিশেষ;

Hyana, s. নেকড়ে, গোবাঘা, বৃক.

Hyaline, a. কাঁচবৎ, স্ফটিকবৎ.

Hybrid, a. খচর.

Hydra, s. অনেক মস্তকবিশিষ্ট [illegible]র পশু, নাগ.

Hydraulics, s. চুঙ্গির দ্বারা জল চা[illegible]ওনের বিদ্যা.

Hydrocele, s. কোষবৃদ্ধি, কুরণ্ড.

Hydrogen, s. উদজান.

Hydrography, s. সমুদ্র বা জলনি[illegible] বিদ্যা.

ıancy, *s.* জল দেখিয়া ভবিষ্যৎ
ıeter, *s.* জলের সীমা বা গভীর
মাপক যন্ত্র:
hobia, *s.* জলভীতিরোগ·
ical, *a.* জলোদরীগ্রস্ত·
s. বৃক·
v. a. ধর্ম্মগানদ্বারা ঈশ্বরের
দ-কৃ· [গান·
s. ধর্ম্মগান· পরমগীত· স্তুতি
ıal, *a.* বিবাহসম্বন্ধীয়·
olical, *a.* সত্যাতিক্রামক বা
, সত্যাতিরিক্তসম্বন্ধীয়·
ole, *s.* সত্যাতিরিক্ত কথা·
, *s.* শব্দ বিভাগকারি ক্ষুদ্রক
থা (-)
ondriac, *a.* বাতুল· শোকক্লি
াপিত· বায়ুগ্রস্ত·
isy, *s.* কাল্পনিকতা· ভণ্ডতা·
তা· পাষণ্ডতা· [তপস্বী·
ite, *s.* কাল্পনিক ব্যক্তি· ভণ্ড
itical, *a.* কাল্পনিকবৎ· কেচো·
বটল· কপটী· পাষণ্ড·
itically, *ad.* কাল্পনিকতা বা ভ
টলমীরূপে·
ənuse of a triangle, *s.* শ্রুতি·
etical, *a.* অনুভাব্য·
esis, *s.* অনুমান· অনুভব·
s. চারাবিশেষ·
, *s.* পোঁচুআ রোগবিশেষ·

I.

মালার নবমাক্ষর ; লাতিনবা
সঙ্কেতার্থে ব্যবহার্য্য যথা ;
I est, অর্থাৎ, বিশেষতঃ ; *I* এ
াকিলে আমি· অহং· মুই· বু
; অঙ্কের অর্থ হইলে এক বু

রামছাগল·
রেফ· তুষার· জলজমাট·

Ichneumon, *s.* নকুল· নেউল· বেঁজি·
Ichnography, *s.* প্রতিমাচিত্রবিদ্যা·
Ichor, *s.* রসানি· কলতানি· কষাণি·
ক্লেদ·
Ichorous, *a.* রসানি বা কষাণিবৎ·
Icicle, *s.* জলের যে কোন জমাট ঘরে
র ছাঁচে থাকিয়া ঝুলে·
Iconoclast, *s.* প্রতিমাভঙ্গ·
Icy, *a.* তুষারময়· বরফময়· ঠাণ্ডা·
হিম· [তিভা· উদ্গম ধী·
Idea, *a.* চেতন· বুদ্ধি· বোধ· জ্ঞান· প্র
Ideal, *a.* জ্ঞানজ· মানস· মানসিক·
Identic, Identical, *a.* অনন্য· অভেদ·
Identicalness, Identity, *s.* অনন্যতা·
আত্মতা· স্বীয়তা· তাদাত্ম্য· [ন·
Identify, *v. a.* এই যে তাহা ইহা জা
Idiocy, *s.* পাগলামী·
Idiom, *s.* ভাষার পদ্য· ভাষার রী
তি·
Idiot, *s.* উন্মত্ত· খেপা· পাগল· নির্ব্বো
ধ· হাবুগেলা· জড়ভরত· জড়·
Idiotism, *s.* উন্মত্ততা· পাগলামী· নি
র্ব্বোধতা·
Idle, *a.* মন্দ· আলস্য· অলস· সুস্তি;
গাফিলী· গাতুলসিয়া· [সুস্তি-হ·
Idle, *v. n.* আলস্যেতে কালহরণ-কৃ·
Idleness, *s.* আলস্য·
Idler, *s.* অলস ব্যক্তি· সুস্তি ব্যক্তি·
Idly, *ad.* আলস্যরূপে·
Idol, *s.* বিগ্রহ· প্রতিমা· পুত্তলিকা·
Idolater, *s.* দেবোপাসক· দেবপূজক·
প্রতিমাপূজক· [পূজা-কৃ·
Idolatrize, *v. n.* দেবার্চ্চনা-কৃ· প্রতিমা
Idolatrous, *a.* দেবার্চ্চক· প্রতিমাপূজ
ক· [বসেবা·
Idolatry, *s.* দেবপূজা· দেবার্চ্চনা· দে
Idolize, *v. a.* দেবতার ন্যায় স্নেহ-কৃ·
If, *conj.* যদি· যদ্যপি· যদিস্যাৎ·
Igneous, *a.* আগ্নেয়· অগ্নিযক্ত· আগু
নময়·
Iguis fatuus, *s.* মিথ্যা আলো·
Ignite, *v. a.* অগ্নি-লাগা· জ্বাল· জ্বালা·
উত্তপ্ত-কৃ·

Ignition, s. অগ্নিসংযোগকরণ.
Ignoble, a. অকুলীন, নীচজাত, ইত
রজ, তুচ্ছ, পাজি. [পে, হেয়রূপে.
Ignobly, ad. নীচরূপে, তুচ্ছযোগ্যরূ
Ignominious, a. লজ্জাজনক, নীচ.
Ignominiously, ad. লজ্জাজনকরূপে,
নীচতাপূর্ব্বক. [ন্নিহ্ন.
Ignominy, s. অপমান, অসম্ভ্রম, ক
Ignorance, s. মূর্খতা, অজ্ঞতা, অবোধ
তা, অবিজ্ঞতা, অজ্ঞানতা, অজ্ঞান,
বোকাম.
Ignorant, a. কাঁচা, অজ্ঞান, অজ্ঞ, অ
বোধ, মূর্খ, অহমক, আনাড়ি, উম্মী,
মূঢ়, বেবকুফ.
Ignorantly, ad. অনভিজ্ঞরূপে, অজ্ঞা
নপূর্ব্বক, মূর্খতারূপে, আনাড়ীরূপে,
মূঢ়তারূপে.
Iliac-passion, s. শূল যাতনা বা শূল.
Iliad, s. হোমর কবিকর্ত্তৃক বীরবর্ণন
কাব্য, গ্রীকভাষার রামায়ণ.
Ill, a. কাহিল, অসুস্থ, পীড়িত, মন্দ;
s. দুষ্টতা, দুর্দশা, রোগিতা, রোগা
ম, বেমার.
Illation, s. অনুমান, অনুভব.
Illative, a. অনুমান বা অনুভবযোগ্য.
Illbehaved, a. উদ্ধত.
Illegal, a. অবিধি, অশাস্ত্র, অবৈধ.
Illegality, s. অশাস্ত্রতা, অবৈধতা, অ
বিধিতা. [র্ব্বক.
Illegally, ad. অবৈধরূপে, অশাস্ত্রপূ
Illegible, a. অস্পষ্ট, অপাঠ্য. [স্বা.
Illegitimacy, s. জারজতা, জারজত্বাব
Illegitimate, a. জারজ, গোলক, অন
ভিজাত, কৃষ্ণপক্ষীয়, বিজন্মা.
Illegitimately, ad. জারজত্বপূর্ব্বক.
Illfavoured, a. কুৎসিত, কুশ্রী, কদাকা
র, বেঢপ.
Illiberal, a. অদাতা, অদানশীল, কৃ
পণ, হাতকষা, নিচোড়, সুম.
Illicit, a. অবিধি, অনুচিত, অযথার্থ.
Illimitable, a. অসীম করণীয়.
Illiterate, a. অনক্ষর, মূর্খ, বিদ্যাহীন,
অপ্রজ্ঞ, মূঢ়, নির্ব্বোধ, বেবকুফ.
Illiterateness, s. মূর্খতা, বিদ্যাহীনতা,
অপ্রজ্ঞতা, অজ্ঞান, বেবকুফী.
Illnature, s. দুঃস্বভাব, দুঃশীলতা, দুশ্চ
রিত্রতা, খিটখিট্যাম.
Illnatured, a. কুস্বভাবক, দুঃশীল, দুশ্চ
রিত্র, খিটখিট্যা.
Illness, s. পীড়া, রোগ, অস্বাস্থ্য, অসু
স্থতা, বেআরামী, কাহিলী.
Illogical, a. অযুক্তিসিদ্ধ, অমীমাংস্য.
Illude, v. a. প্রতারণা-কৃ, ভেল্কা, ঠগা.
Illume, Illumine, Illuminate, v. a. উ
জ্জ্বল-কৃ, তেজস্কর-কৃ, ভূষিতকৃ, দী
প্ত-কৃ, সুশোভিত-কৃ.
Illumination, s. দীপ্তি, প্রকাশ, উজ্জ্বল
তা, রোশনাই.
Illuminator, s. দীপ্তিকারক, প্রকাশক.
Illusion, s. ভ্রম, মায়া, ফাকী, ধোকা.
Illusive, Illusory, a. মায়িক, ভ্রমী,
বঞ্চক, ঐন্দ্রজালিক.
Illustrate, v. a. উজ্জ্বল-কৃ; পরিষ্কার
-কৃ, প্রদপ্ত-কৃ.
Illustration, s. উৎপ্রেক্ষা, ব্যাখ্যা, মা
নে, প্রদীপ্তি.
Illustrative, a. প্রদপ্তকারক, টীকাসম্ব
ন্ধীয়, অর্থবোধক.
Illustrious, a. ভাস্কর, শ্রীল, শ্রীমান্, ম
হান্, প্রসিদ্ধ, তালেবর.
Illustriously, ad, শ্রীমান্ বা মহত্বরূ
পে.
Illwill, s. দ্বেষ, ঈর্ষ্যা.
Image, s. মূর্ত্তি, প্রতিরূপ, প্রতিবিম্ব,
আকৃতি, পুত্তলিকা, পুতুল.
Imagery, s. মূর্ত্তি বা ছবি বা নক্সাস
মূহ; কল্পনা.
Imaginable, a. বোধনীয়, চিন্তনীয়,
অনুভবনীয়.
Imaginary, a. মানসিক, কল্পিত.
Imagination, s. মতি, বুদ্ধিবৃত্তি, চি
ত্তোদ্ভব, কল্পনা, খেআল. [-কৃ.
Imagine, v. a. কল্পনা-কৃ, বুঝ, অনুমান
Imbecile, a. শক্তিহীন, ক্ষীণ, দুর্ব্বল.
Imbecility, s. দৌর্ব্বল্য, ক্ষীণতা, অশ
ক্ততা, অক্ষমতা.

Imbibe, *v. a.* চোপ্সা, শোষণ-কৃ,
চুষ্, শুষিয়া-যা.
Imbitter, *v. a.* তিক্ত-কৃ, কটু-কৃ, ত্যক্ত
-কৃ. [যুক্ত-হ্.
Imbody, *v. a.* একাঙ্গ-হ্, ভর্ত্তি-হ্, সং
Imbolden, *v. a.* নির্ভয়-কৃ, সাহস-দে.
Imbosom, *v. a.* বক্ষস্থলস্থ-কৃ, বুকে-রা
খ্, গুপ্ত-রাখ্.
Imbrue, *v. a.* সিক্ত-কৃ, লিপ্ত-কৃ.
Imbue, *v. a.* মগ্ন-হ্, চোপ্সা, চুষ্.
Imitable, *a.* অনুকরণীয়.
Imitate, *v. a.* অনুরূপ-কৃ, অনুকরণ-
কৃ, নকল-কৃ.
Imitation, *s.* অনুকরণ, কল্পনা, অনু
রূপ, দেখাদেখি. [রণীয়.
Imitative, *a.* অনুকরণীয়, অনুরূপক
Imitator, *s.* অনুকারী, অনরূপকারক,
নকলকারক.
Imaculate, *a.* অকলঙ্ক, নির্দোষী, নি
খুঁত, বেদাগ, নির্ম্মল.
Imauent, *a.* সসার, অন্তরস্থ.
Immartial, *a.* অবীর্য্যবান্.
Immaterial, *a.* অদেহী, অশারীরিক,
অশরীরী; অনাবশ্যক, নিষ্প্রয়ো
জন.
Immature, *a.* অপক্ব.
Immaturely, *ad.* অপরিপক্বরূপে, অ
পোক্তরূপে.
Immaturity, *s.* অপক্বতা, অপূর্ণতা.
Immeasurable, Immensurable, *a.* অপ
রিমেয়, অসীম.
Immediate, *a.* সাক্ষাৎ, এইক্ষণ, উপ
স্থিত, অব্যবহিত, হাতোহাত.
Immediately, *ad.* অব্যাজে, এইক্ষণে,
এইমাত্র, শীঘ্র, সদ্যঃ, আপাততঃ,
তৎক্ষণাৎ, ঝপ করিয়া.
Immedicable, *a.* অচিকিৎস্য.
Immemorable, *a.* স্মরণের অযোগ্য.
Immemorial, *a.* অস্মার্ত্ত. [হৎ.
Immense, *a.* অসীম, অপরিমেয়, বৃ
Immensely, *ad.* অপরিমেয়রূপে, অ
সীমরূপে, বৃহদ্রূপে. [ত্ব, বৃহত্ত্ব.
Immensity, *s.* অপরিমেয়তা, অসীম

Immerge, Immerse, *a.* অবগাহন-কৃ,
ডুবিত-কৃ, মগ্ন-কৃ, বুড়া.
Immersion, *s.* অবগাহন, ডুব, চুবানি,
গোতা, বুড়ান. [শ্র.
Immethodical, *a.* অক্রমিক, গোলমা
Immethodically, *ad.* গোলমালে.
Imminent, *a.* আগন্তুক, উপস্থিত, স
ন্নিকট.
Immix, Immingle, *v. a.* মিশ্রিত-কৃ, এ
কত্র-কৃ, মিলা.
Immixable, Immiscible, *a.* অমিশ্রণী
য়, অমিলনীয়.
Immobility, *s.* স্থিরত্ব, অলড়নীয়ত্ব.
Immoderate, *a.* অপরিমিত, অতিবা
দ, অতিশয়, অত্যন্ত, বেআন্দাজ.
Immoderately, *ad.* অপরিমিতবা অতি
বাদরূপে, বেআন্দাজে.
Immodest, *a.* নির্লজ্জ, ত্যক্তলজ্জ, বে
হায়া, বেশরম. [য়ারূপে.
Immodestly, *ad.* নির্লজ্জরূপে, বেহা
Immodesty, *s.* নির্লজ্জতা, অলজ্জা,
বেহায়ামী.
Immolate, *v. a.* উৎসর্গ-কৃ, হত-কৃ.
Immolation, *s.* উৎসর্গ, হত্যা.
Immoral, *a.* অশুচি, অসাধু, দুশ্চরিত্র.
Immorality, *s.* অশুচিতা; দুশ্চরিত্রতা,
অগুণ. [জীবী.
Immortal, *a.* চিরস্থায়ী, অমর, চির
Immortality, *s.* অমরতা, অমরণীয়
ত্ব, অমৃত্যু; (*water of immortality*)
অমৃতজল, সুধা.
Immortalize, *v.* অমর-কৃ, চিরজীবী-কৃ.
Immoveable, *a.* অস্থাবর, নিশ্চল,
অলড়, অটল, অচল, স্থাবর, দৃঢ়;
(*property*) স্থাবরধন.
Immoveably, *ad.* স্থাবররূপে, দৃঢ়রূ
পে, অলড়রূপে. [ক্ষমতা.
Immunity, *s.* মুক্তি; নিশা; *privilege*,
Immure, *v. a.* বদ্ধ-কৃ, কয়েদ-কৃ.
Immutability, *s.* অবিকার্য্যতা.
Immutable, *a.* অবিকার্য্য, নিত্য.
Imp, *s.* ভূত, প্রেত, বুহ্মদৈত্য, রাক্ষস,
শয়তান.

Impact, *v. a.* সংলগ্ন-কৃ, দৃঢ়-কৃ.
Impair, *v.* হ্রাস-কৃ, অপচয়-কৃ, নষ্ট-কৃ, বিকার-কৃ, বিগড়া.
Impalpable, *a.* অস্পৃশ্য, অস্পর্শনীয়.
Imparity, *s.* অসমতা, বেজোড়.
Impart, *v. a.* জ্ঞাত-কৃ, জানা; দান-কৃ, দে.
Impartial, *a.* অমুখাপেক্ষী, বেতরফ.
Impartiality, *s.* অমুখাপেক্ষিতা, যাথার্থিকতা, বেতরফী.
Impartially, *ad.* যাথার্থিকতারূপে.
Impassable, *a.* অগমনীয়, অগম্য, অতরণীয়, অপার.
Impassible, *a.* অক্লেশভোগী.
Impassioned, *a.* রঙ্গী, শৃঙ্গারী; রাগান্বিত, ক্রোধাক্রান্ত.
Impatience, *s.* অমর্ষ, অসহিষ্ণুতা, অধৈর্য্য, ব্যগ্রতা.
Impatient, *a.* অসহিষ্ণু, অধৈর্য্য, অমর্ষণ, ব্যগ্র, খেঁকী.
Impatiently, *ad.* অধৈর্য্যরূপে, ব্যগ্রতারূপে, তড়তড়িয়ারূপে.
Impawn, *v. a.* বন্ধক-রাখ, বোধ-রাখ, অপবাদ-কৃ, বদনাম-কৃ, বরামদ-কৃ, নালিশ-কৃ.
Impeach, *v. a.* নালিশ-কৃ.
Impeachment, *s.* অপবাদ, বদনাম, নালিশ.
Impeccable, *a.* অনপরাধ্য.
Impede, *v. a.* বাধা-কৃ, ব্যাঘাত-কৃ, প্রতিবন্ধ-কৃ, বিঘ্ন-কৃ, আটক-কৃ. [ঘ্ন.
Impediment, *s.* ব্যাঘাত, প্রতিবন্ধ, বি
Impel, *v. a.* চালা, দৌড়া, বহা.
Impend, *v. a.* উপস্থিত-হ, ঘট.
Impending, Impendent, *a.* নিকটবর্ত্তী, পতনোন্মুখ.
Impenetrable, *a.* অভেদ্য, অপ্রবেশ্য.
Impenitence, *s.* অননুতাপ, অখেদ, কঠিনতা.
Impenitent, *a.* অখেদী, অননুতাপী. কঠিন.
Impenitently, *ad.* অননুতাপিরূপে, কঠিনতাপূর্ব্বক.
Imperative, *a.* যাহা না করিলে নয় তাহা.
Imperceptible, *a.* ইন্দ্রিয়াতীত, অদৃশ্য, অপ্রত্যক্ষ, অতীন্দ্রিয়, অলক্ষ্য, অবেদিতব্য.
Imperceptibly, *ad.* অপ্রত্যক্ষরূপে, অদৃশ্য বা অলক্ষ্যরূপে.
Imperfect, *a.* অপক্ব, কাঁচা, বিকৃত, আম, অসম্পন্ন, অসম্পূর্ণ.
Imperfection, *s.* দোষ, বৈকল্য, অশুদ্ধতা, চুক. [পে.
Imperfectly, *ad.* অশুদ্ধরূপে, অপক্করূ
Imperforate, *a.* অভেদিত, অচ্ছিদ্রিত.
Imperial, *a.* রাজাধিরাজসম্বন্ধীয়.
Imperious, *a.* দাম্ভিক, গর্ব্বিত, অহঙ্কৃত. [রূপে.
Imperiously, *ad.* দাম্ভিকরূপে, গর্ব্বিত
Imperishable, *a.* অনশ্বর, অক্ষয়, অক্ষয়ণীয়, অনাশ্য.
Impersonal, *a.* ভাববাচ্য.
Imperspicuous, *a.* অস্পষ্ট, জাবড়া.
Impersuasible, *a.* অনেতব্য.
Impertinence, *s.* দুষ্টতা, চেঁটামী, বেআদবী.
Impertinent, *a.* দুষ্ট, চেঁটা, বেআদব.
Impertinently, *ad.* অশিষ্টতাপূর্ব্বক, চেঁটামরূপে, বেআদবীরূপে
Impervious, *a.* সঘন, নিবিড়, সঙ্কীর্ণ, অগম্য, অভেদ্য, অভেদনীয়, অচ্ছেদনীয়, সুগহন, ঘিঞ্জি.
Impetuosity, *s.* তেজঃ, বেগ, শক্তি, জোর.
Impetuous, *a.* বেগী, তেজস্বী, শক্ত, জবরদস্তী.
Impetus, *s.* শক্তি, বেগ, জোর.
Impiety, *s.* পাষণ্ডতা, দুষ্টতা, পাপিষ্ঠতা, অশিষ্টতা, অধার্ম্মিতা.
Impious, *a.* পাষণ্ড, নারকী, অধর্ম্মী দুষ্ট, পাপিষ্ঠ, অসাধু. [তারূপে.
Impiously, *ad.* পাষণ্ডরূপে, অধার্ম্মিক
Implacability, *s.* অতোষণীয়তা.
Implacable, *a.* অতোষণীয়, দ্বেষী, নির্দয়, আখুটীয়.

Implacably, *ad.* অতোষরূপে, আধু টরূপে· [ম-কৃ
Implant, *v. a.* রোপণ-কৃ, বসা, কল
Implausible, *a.* অমনোরম্য, অসুদর্শ নীয়· [বাসন·
Implement, *s.* অস্ত্র, হাতিয়ার ; পাত্র,
Implex, *a.* *Complex* শব্দ দেখ·
Implicate, *v. a.* পেঁচে বা ফাঁদে-পড়, দায়ে-ঠেক, দায়ের অংশী-হ, অ নুভূত-হ, অন্তর্গত-হ·
Implicit, *a.* অবিবেচ্য, অবিচার্য্য·
Implicitly, *ad.* অবিবেচ্যরূপে· অবি চার্য্যরূপে· [মাঙ্, মিনতি-কৃ·
Implore, *v. a.* যাচ্ঞা-কৃ, বিনয়-কৃ,
Imply, *v. a.* উপলক্ষ-কৃ· [-কৃ·
Impoison, *v. a.* বিষমিশ্রিত-কৃ, বিষাক্ত
Impolite, *a.* অসভ্য, মূঢ়, অশিষ্ট, অ সুজন· [নুপযুক্ত·
Impolitic, *a.* অবুদ্ধিমান্, অজ্ঞানী, অ
Imponderous, *a.* ভাররহিত, পাতলা, হালকা·
Imporous, *a.* অছিদ্র, আস্ত·
Import, *v. a.* আমদানী-কৃ·
Import, *s.* আয়, আমদানী ; আবশ্য কতা ; মহত্ত্ব, প্রথা·
Importance, *s.* অবশ্যম্ভব, গৌরব, প্রথা, মহত্ত্ব, দরকার·
Important, *a.* আবশ্যক, ভারী, প্রথি ত, বড়, দরকারী, জরুরী·
Importation, *s.* আমদানী·
Importer, *s.* আমদানীকারক·
Importunate, *a.* ঘেন্নানিয়া·
Importune, *v. a.* ঘেন্না, মিনতি বা যা চ্ঞাদ্বারা দিক-কৃ·
Importunely, *ad.* ঘেন্নানিরূপে·
Importunity, *s.* ঘেন্নানি, খেঁচকা, তা গাদা·
Impose, *v. a.* বলে স্থাপন-কৃ, বলে বসা ; *to impose upon, to deceive,* ব ঞ্চনা-কৃ· [য়ু·
Imposeable, *a.* বঞ্চনীয়, বলে স্থাপনী
Imposer, *s.* প্রবঞ্চক, বসায় যে·
Imposing, *a.* ভড়কাল·

Imposition, *s.* অন্যায় রাজস্ব বসাওন ; ভাঁড়াম, ভোগা, প্রতারণা, খাউকী, ঠগামী, জবরদস্তী·
Impossibility, *s.* অসাধ্যতা, অশক্যতা,
Tatterdemalion, s. নেকড়াপোঁদা, কা
Tattle, v. n. গপ্পপ-কৃ, বহুবাক্য ব্যয় -কৃ, বকবক-কৃ, ফরফরা.
Tattler, s. ফড়ফড়ানিয়া, বকা, বড়ব ড়িয়া, গপ্পী.
Tattoo, s. সৈন্য স্বং গৃহে আনয়না র্থে চক্কা বাজান; বঙ্গীয় ঘোড়া.
Tavern, s. সরাই, ভেটেরাখানা; ম দ্যশালা.
Tavern-keeper, s. সরাইরক্ষক.
Taunt, v. a. ঠাট্টা-কৃ, উপহাস-কৃ, নি ন্দা-কৃ, কুৎসা-কৃ, অপমান-কৃ.
Taunt, s. ঠাট্টা, উপহাস, নিন্দা, কুৎ সা, অপমান, অবজ্ঞা, গন্দি.
Tauntingly, ad. কুৎসাপূর্ব্বক, নিন্দা রূপে, ঠাট্টা করিয়া.
Taurus, s. বৃষরাশি.
Tautology, s. আম্রেড়ন, পুনরুক্তি, দ্বি রুক্তি, বহুক্তি.
Tautological, a. বহুক্তিকারী, দ্বিরু ক্তিকারী, আম্রেড়নকারী.
Taw, v. a. শ্বেতচর্ম্ম প্রস্তুত-কৃ; s. বর্ত্তু ল, এণ্টাল, ভাঁটা, বাঁটুল. [কাল.
Tawdry, a. হাস্যজনক, ভড়ঙ্গিয়া, জাঁ
Tawny, a. পিঙ্গল, তাম্রবর্ণ.
Tax, s. রাজস্ব, কর, খাজানা, শুল্ক, টাক্স, মাসুল; অপবাদ.
Tax, v. a. করনিরূপণ-কৃ, টাক্স-ল, মা সুলস্থাপন-কৃ; অপবাদ-কৃ. [যোগ্য.
Taxable, a. মাসুল লওনযোগ্য, কর
Taxation, s. করনিরূপণকরণ, টাক্সল ওন, মাসুললওন.
Taylor, s. তুন্নবায়, সৌচিক, দরজী, রেফুকার, খলিপা; -bird, টুনটুনি.
Tea, s. চা, চাপত্র, চার জল.

Teachable, a. শিক্ষিতব্য, উপদেশ্য, অনুশিষ্ট, উপদেশনীয়, উপদেষ্ট ব্য. [ক্ষা, পড়া.
Teach, v. শিক্ষা-দা, উপদেশ-কৃ, শি
Teacher, s. শিক্ষাগুরু, অধ্যাপক, উ পদেশক, আচার্য্য, মুনসি, ওস্তাদ.
Tea-cup, s. চার পেয়ালা.
Teal, s. বালিহাঁস.
Tear, s. অশ্রু, চক্ষুর জল.
Tear, v. ছিঁড়্, ফাড়্, চির্, ফাট্, বি দীর্ণ-কৃ বা-হ্.
Tearful, a. অশ্রুময়, অশ্রুযুক্ত.
Tease, v. a. রোম-আঁচড়া; দুঃখ-দা, জ্বালাতন-কৃ, বেজার-কৃ, বিরক্ত-কৃ, উত্ত্যক্ত-কৃ, দিক-কৃ, চিড়া.
Teat, s. পশ্বাদির বাঁট.
Technical, a. পারিভাষিক.
Techy, or Tetchy, a. চিড়চিড়া, রাগী, ক্রোধী. [শেষ.
Te Deum, s. ধর্ম্মগীত বা স্তুতিগানবি
Tedious, a. ক্লেশজনক; দীর্ঘসূত্র.
Tediously, ad. ক্লান্তরূপে, দীর্ঘসূত্রর‍ূ পে.
Teem, v. প্রসব-কৃ, পরিপূর্ণ-হ্ বা-কৃ.
Teemful, a. গর্ভিণী, গাভিণ, উর্ব্বরা, পরিপূর্ণা. [দাঁত-উঠ্.
Teeth, s. pl. of tooth, দাঁত, দন্ত; v. a.
Teetotum, s. বক্কি লাটিম. [চোবা.
Tegument, s. আচ্ছাদক,ত্বক, খোসা,
Telegraph, s. সঙ্কেতদ্বারা শীঘ্র সং বাদ প্রাপণ ও প্রেরণার্থ যন্ত্রবিশে ষ, টেলিগ্রাফ.
Telescope, s. দূরবিন, দূরদর্শন যন্ত্র.
Tell, v. কথ্, কহ্, বল্, উচ্চারণ-কৃ, উক্তি-কৃ, কহিয়া-দা, জ্ঞাত-কৃ, প্রকা শ-কৃ; গণনা-কৃ.
Teller, s. কথক, বক্তা, বলিয়া দেয় যে, গণনা করে যে.
Telltale, s. বরামোদিয়া, চুগলখোর.
Temerity, s. বিষমসাহস, দুঃসাহস, নির্ভয়তা, অবিবেচকতা. [জাজ.
Temper, s. প্রকৃতি, স্বভাব, চরিত্র, মি
Temper, v. a. কোমল-কৃ, নরম-কৃ, শা

ম্য-কৃ; মিশ্রিত-কৃ, ভাঁজ-দা; (iron) কঠিন-কৃ, শক্ত-কৃ. [ক্ষানুক্ষতা.
Temperament, *s.* স্বভাব. মিজাজ. উ
Temperance, *s.* পরিমিততা, ধৈর্য্য, স হিষ্ণুতা, বরদাস্ত.
Temperate, *a.* পরিমিতাচারী; সহি ষ্ণু, ধৈর্য্যশীল, সুস্থির; মধ্যম, সম.
Temperately, *ad.* সুস্থিররূপে, পরিমি তরূপে, মাঝামাঝিরূপে.
Temperature, *s.* গ্রীষ্মাগ্রীষ্মতা, উষ্ণা নুক্ষতা; *constitution*, স্বভাব, প্রকৃ তি; *moderation*, সুস্থিরতা, ধৈর্য্য.
Tempest, *s.* ঝড়, তুফান, ঝড়ী, আঁধি; গণ্ডগোল.
Tempestuous, *a.* বাতাসীয়া, ঝড়ুয়া, তুফানী, কালবৈশাখী.
Temple, *s.* কপোল, কাণপাটী; মন্দি র, মঠ, দেবালয়, দেউল, ঠাকুরবা টী.
Temporal, *a.* অচিরস্থায়ী, অনিত্য, সা ময়িক, শারীরিক, সাংসারিক.
Temporally, *ad.* শারীরিক বা সাং সারিকরূপে. [ক্ষণিক, সাময়িক.
Temporary, *a.* অচিরস্থায়ী, অনিত্য,
Temporize, *v. n.* গতিক্রিয়া-কৃ, বিল ম্ব-কৃ, গৌণ-কৃ, দেরী-কৃ, টালমটা ল-কৃ, টালাটালি-কৃ.
Tempt, *v. a.* পরীক্ষায়-ল, লোভ-দে খা, ফুসলা, ভুলা. [চ.
Temptation, *s.* পরীক্ষা, লোভ, লাল
Tempter, *s.* পরীক্ষক, প্রতারক. [শং.
Ten, *s.* দশ; *-fold*, দশগুণ; *by tens*, দ
Tenable, *a.* ধর্ত্তব্য, রক্ষণীয়.
Tenacious, *a.* অত্যাজক, ধারক, এক বাগিয়া, সংলগ্নধর্ম্মক, দৃঢ়াবলম্বী.
Tenaciously, *ad.* সংলগ্নপূর্ব্বক, দৃঢ় রূপে, শক্তরূপে.
Tenacity, *s.* সংলগ্নশীলতা, আগ্রহ, চটচটিয়াভাব; দৃঢ়তা.
Tenant, *s.* ভাড়াটিয়া, প্রজা, রাইয়ত, কেরায়াদার. [যোগ্য.
Tenantable, *a.* ভাড়াযোগ্য, কেরায়া
Tend, *v.* রক্ষা-কৃ, কোন দিগে হেলি ত-হ, ঝুঁক, অভিমুখ-হ.
Tendence, Tendency, *s.* শীল, শীলতা, স্বভাব, ঝুঁকন; অভিপ্রায়, আশয়, মতলব.
Tender, *a.* কোমল, নরম, মৃদু, মো লায়েম, কচি, কৈঁলা, কৃপালু, কৃপা কর. [প্রসঙ্গ-কৃ
Tender, *v. a.* নিবেদন-কৃ, প্রস্তাব-কৃ,
Tender, *s.* নিবেদন, প্রসঙ্গ, প্রস্তাব.
Tender-hearted, *a.* কোমলান্তঃকরণ, কৃপালু, স্নেহী. [স্নেহপাত্র.
Tenderling, *s.* হরিণের প্রথমজ শৃঙ্গ;
Tenderly, *ad.* স্নেহপূর্ব্বক, কারুণ্যপূ র্ব্বক, কৃপালুতারূপে, দয়াপূর্ব্বক.
Tenderness, *s.* অনুকম্পা, স্নেহ, করুণা, কোমলতা, নরমী, সোহাগ, প্রেম.
Tendinous, *a.* শিরাবিশিষ্ট, শিরাম য়.
Tendon, *s.* শিরা, শির, রগ.
Tendril, *s.* লতার আঁকড়ি, আকর্ষ, আঁকষি. [র, ঘোর.
Tenebrous, *a.* অন্ধকারময়, তিমিরম
Tenement, *s.* ঘর, বাটী, বাসা.
Tenet, *s.* মত, ধর্ম্ম, রীতি.
Tenor, or Tenour, *s.* অনুযায়িত্ব, অ নুসারিত্ব; অর্থ, মানে, তাৎপর্য্য, চলন; বাদ্যস্বরবিশেষ. [বা, চড়া.
Tense, *s. in gram.* কাল; *a.* টানা, ক
Tension, Tenseness, *s.* টানানি.
Tensible, Tensile, *a.* বিস্তরণীয়, টান নযোগ্য. [পলিতা.
Tent, *s.* তাম্বু, ডেরা, রাওটী; ঘায়ের
Tentation, *s.* পরীক্ষা, লালচ.
Tenter, *s.* কোন দ্রব্যবিস্তীর্ণকরণার্থ লৌহ প্রেক. [শ.
Tenth, *a.* দশম, দশক্রি; *s.* দশমাং
Tenthly, *ad.* দশমতঃ, দশদফা.
Tenuity, *s.* সূক্ষ্মতা, কৃশতা, ক্ষীণতা.
Tenuous, *a.* সূক্ষ্ম, সরু, পাতলা, ক্ষুদ্র.
Tenure, *s.* ভুক্তি দায়. [প্ত.
Tepid, *a.* ঈষদুষ্ণ, কুশম তপ্ত, অল্প ত
Term, *s.* নিরূপিত সময়; সময় বা স্থা

-নের সীমা: সংজ্ঞা, নাম; *in law,* আদালতের এক বৈঠকের সমুদয় সময়. [খ্যা-দা.
Term, *v. a.* সংজ্ঞা-দা, নাম-রাখ, আ
Termagant, *a.* দুর্মুখ, কোন্দলিয়া; *s.* দুর্মুখা স্ত্রী. [গ্য.
Terminable, *s.* অন্ত বা পরিসীমাযো
Terminate, *v.* সমাপ্ত-কৃ অন্ত-হ বা-কৃ, শেষ-কৃ, পরিসীমা-কৃ.
Termination, *s.* সমাপ্তি, অন্ত, শেষ, পরিসীমা, আখিরী.
Termless, *a.* অসমাপ্য, অশেষ, অনন্ত, অসীম.
Terrace, *s.* ছাত, চাতাল; চৌতরা.
Terraqueous, *a.* ভূমি জল এই উভয়ে নির্ম্মিত.
Terrestrial, Terrene, *a.* পার্থিব, ভূচর, ভৌম; জগৎস্থ.
Terrestrious, *a.* মৃত্তিকাময়, মৃন্ময়.
Terrible, *a.* অতিবাদ, দারুণ, ভয়ানক, ভয়ঙ্কর, আশঙ্কনীয়, ক্রূর, ভৈরব.
Terribly, *ad.* ভয়ানকরূপে, দারুণরূপে, অতিশয়রূপে.
Terrier, *s.* কুক্কুরবিশেষ.
Terrific, *a.* ভয়ানক, ভয়ঙ্কর, ভৈরব, শঙ্কাজনক, দারুণ, ভীষণ, হৈবতী.
Terrify, *v. a.* ভয়-দৃশ, ডর-দেখা, আশঙ্কা-কৃ বা-দেখা.
Territorial, *a.* রাজ্যসম্বন্ধীয়, দেশসম্বন্ধীয়. [শ, মুলুক.
Territory, *s.* রাজ্য, দেশ, ভূমি, প্রদে
Terror, *s.* আশঙ্কা, আতঙ্ক, শঙ্কা, ত্রাস, ভয়, সাধ্বস, ডর, পরবা, হৈবৎ.
Terse, *a.* পরিপাটীরূপে লিখিত.
Tertian, *a.* ত্র্যাহিক, তেঘেইয়া, যে কম্পজ্বর তিন দিনের মধ্যে এক বার হয় তাহা.
Test, *s.* ধাতুকষণ পাত্র, কষ্টিপাথর; পরীক্ষা, পরখাই.
Testacious, *a.* শাঁখী.
Testament, *s.* দানপত্র; *the old,* আদি পুস্তক; *the new,* অন্তভাগ.
Testamentary, *a.* দানপত্রে দত্ত, উইলে লিখিত. [যে সে.
Testate, *a.* দানপত্র লিখিয়া মরে
Testator, *s.* দানপত্রকর্ত্তা, যে উইল লিখিয়া মরিয়া যায়.
Testatrix, *s.* দানপত্রকর্ত্রী, যে স্ত্রী উইল লিখিয়া রাখিয়া মরে.
Tested, *a.* পরীক্ষিত, কষ্টির দ্বারা যাচিত.
Tester, *s.* ছতরী.
Testicle, *s.* মুষ্ক, অণ্ডকোষ, এঁড়, হোল. [মাণকর্ত্তা.
Testifier, *s.* সাক্ষী, সাবুদ, সাইদ, প্র
Testify, *v.* সাব্যস্ত-কৃ, সাক্ষ্য-দা, সাইদ-দা, প্রমাণ দা, গবাহ-দা, সাবুদ দা.
Testimonial, *s.* স্ববিষয়ক প্রমাণ পত্র, সাব্যস্তপত্র, দলিল দস্তাবিজ.
Testimony, *s.* প্রমাণ, সাক্ষ্য, সাবুদ, দলিল, গবাহ.
Testy, *a.* উগ্রস্বভাবক, ক্ষণং রাগী, চিড়চিড়িয়া, ঝাঁজাল.
Tete-a-tete, *s.* সম্মুখাসম্মুখি, কাণাকাণি; দুহেঁ পরামর্শ.
Tether, *s.* চরিবার সময়ে যে রজ্জুতে পশ্বাদি বাঁধে তাহা.
Tetragon, *s.* সমচতুষ্কোণ.
Tetragonal, *a.* সমচতুষ্কোণাকৃতি.
Tetrarch, *s.* রুমীয় জিলার এক অংশের অধ্যক্ষ বা অধিপতি.
Tetter, *s.* কচ্ছু, খোসু; দক্রু, দাদু.
Text, *s.* মূলবচন, যে বচনের টীকা করা যায় তাহা; *text hand,* বড়তর লেখন. [নানি, বুনাট.
Texture, *s.* বুনান, নির্ম্মাণ, জাল; বু
Than, *ad.* অপেক্ষা.
Thank, *v. a.* প্রাপ্তোপকার স্বীকার-কৃ, কৃতজ্ঞতা স্বীকার-কৃ, ধন্যবাদ-কৃ, শুকুর-কৃ.
Thankful, *a.* কৃতজ্ঞ, ধন্যবাদী.
Thanks, *s.* উপকারস্বীকার, ধন্যবাদ, সেলাম, শুকুর. [র্দ্দী.
Thankless, *a.* অকৃতজ্ঞ, কৃতঘ্ন, অকৃত

Thanksgiving, *s.* ধন্যবাদ, স্তব, কবচ, স্তুতি, প্রশংসা.
That, *conj.* যে ; যেই, তৎ, তাহা, ঐ, সেই, তাই, ও.
That is to say, অর্থাৎ.
Thatch, *v. a.* গৃহাচ্ছাদন-কৃ, ছাওয়া ; *s.* গৃহাচ্ছাদনী, খড়, ঘাস, চাল, ছাপর. [য়, ঘরামী.
Thatcher, *s.* গৃহাচ্ছাদক, যে ঘর ছা
Thaw, *v.* দ্রুব-হ, গলা, গল্.
The, *article.* সে, বিশেষ বস্তু বা ব্যক্তি সূচক অব্যয় শব্দ ; যথা, *the watch,* সে ঘড়ী.
Theatre, *s.* কেলিগৃহ, নাটমন্দির, নর্ত্তকশালা, সংঘর, নাচঘর. [য়.
Theatric, Theatrical, *a.* নাটকসম্বন্ধী
Thee, তোমাকে, তোকে, তোরে.
Theft, *s.* চৌর্য্য, তস্করী, চুরী, অপহার. [র, তেষাং.
Their, Theirs, তাহারদের, ইহারদে
Them, *pron. pl.* তাহারদিগকে, ইহারদিগকে. [তু ; মূলবাক্য.
Theme, *s.* বিষয়, প্রসঙ্গ, আশয়, হে
Themselves, *pron. pl.* তাহারা স্বয়ং বা আপনারা. [তবে.
Then, *ad.* তৎকালে, সে সময়, তখন,
Thence, *ad.* সে স্থান বা তথাহইতে, তৎকালাবধি ; তদর্থে.
Thenceforth, *ad.* তৎসময়াবধি, সে কালহইতে. [হার পর.
Thenceforward, *ad.* তৎকালাবধি, তা
Theocracy, *s.* ঈশ্বরপ্রভুত্ব.
Theogony, *s.* দেববংশ, অমরবংশ.
Theologian, *s.* ধর্ম্মোপদেশক.
Theological, *a.* ধর্ম্মবিদ্যাসম্বন্ধীয়.
Theologist, *s.* ধর্ম্মবিদ্যাজ্ঞ, ধর্ম্মবিদ্যাবিৎ. [দ্যা.
Theology, *s.* পরমার্থবিদ্যা, ধর্ম্মবি
Theorem, *s.* সূত্র, বার্ত্তিক.
Theoretic, Theoretical, *a.* অনুমেয়, অনুমানমূলক. [যে, অনুমানকর্ত্তা.
Theorist, s. অনুমানে নির্ভর রাখে
Theory, s. অনুমান ; মনঃস্থ বিষয়.

There, *ad.* তথায়, হোতায়, ওখানে, সেখানে, ওস্থানে, তত্র, সেথা. [লে.
Thereabout, *ad.* সে প্রকারে ; সে অঞ্চ
Thereabouts, *ad.* কমবেশ.
Thereafter, *ad.* তদনন্তর.
Thereat, *ad.* তাহাতে, সে কারণে ; সেইখানে.
Thereby, *ad.* তদ্দ্বারা, তৎকরণক.
Therefore, *ad.* এইপ্রযুক্ত, অতএব, তন্নিমিত্তে, এইকারণ.
Therefrom, *ad.* তস্মাৎ, তাহাহইতে, ইহাহইতে. [হণতে.
Therein, Thereinto, *ad.* তন্মধ্যে, তা
Thereof, *ad.* তাহাহইতে, তাহা থাকিয়া. [হাতে.
Thereon, Thereupon, *ad.* তদুপরি, তা
Thereto, Thereunto, *ad.* তাহাতে.
Therewith, *ad.* তৎসহ, তাহার সহিত ; তৎক্ষণাৎ.
Thermometer, *s.* তাপমাপক যন্ত্র.
These, *pron. pl.* এই গুলিন, এই সকল, ইহারা. [কোন বিষয়.
Thesis, *s.* পূর্ব্বপক্ষ, আলোচনার্থক
Theurgy, *s.* ঈশ্বর সাধনপূর্ব্বক অদ্ভুতক্রিয়াকরণক্ষমতা.
They, *pron.* তাহারা, উহারা.
Thick, *a.* স্থূল, মোটা ; পুরু, গোব্দা, দলদার ; *close,* গিঞ্জি, থাপ, গাঢ়, ঘনাঘন, ঘন ; *muddy,* ঘোলা, ঘোর ; *not pervious,* নিবিড় ; *as wood,* কুঁদা.
Thick, *ad.* ঘনঘন, গাঢ়রূপে.
Thicken, *v.* ঘন-কৃ, যম্, যমা.
Thicket, *s.* ঝাড়ি বন, বিপিন, কানন, গহন, অরণ্য. [ঘোলাভাব.
Thickness, *s.* স্থূলতা, ঘনতা, গাঢ়ত্ব,
Thickset, *a.* ঘনঘন রোপিত, ঘন.
Thief, *s.* চোর, চোট্টা, অপহারক, তস্কর.
Thiefcatcher, *s.* চোরধারক.
Thievery, *s.* তস্করী, চৌর্য্য, চুরী.
Thievish, *a.* চোরবৎ, হাতছেঁচড়, তস্করবৎ.

Thigh, *s.* উরু, উরস্‌.
Thimble, *s.* অঙ্গুষ্ঠানা.
Thin, *a.* সূক্ষ্ম, পাতলা, সরু, তনু; *lean,* ক্ষীণ, কৃশ; *not dense,* অনিবিড়.
Thine, *pron.* তোমার, তব; তোর.
Thing, *s.* পদার্থ, দ্রব্য, বস্তু, বিষয়, জিনিস, চিজ.
Think, *v.* চিন্তা-কৃ, অনুমান-কৃ, বিবেচনা-কৃ, ধ্যান-কৃ, বোধ-কৃ, ঠাহরা, মনে-কৃ, দরীয়াফ্ত-কৃ. [বিচার.
Thinking, *s.* মনন, চিন্তা, বিবেচনা,
Thinly, *ad.* সূক্ষ্মরূপে, পাতলারূপে, ক্ষীণরূপে, সরুরূপে.
Thinness, *s.* ক্ষীণতা, সূক্ষ্মতা, পাতলাই, কৃশতা. [শ.
Third, *a.* তৃতীয়, তেসরা; *s.* তৃতীয়াংশ
Thirdly, *ad.* তৃতীয়তঃ, তেসরা দফা.
Thirst, *s.* তৃষা, পিপাসা, তৃষ্ণা, পেয়াস. [পিপাসিত-হ.
Thirst, *v. n.* তৃষ্ণা-পা, তৃষাতুর-হ,
Thirsty, *a.* তৃষ্ণান্বিত, তৃষিত, তৃষ্ণাতুর, তৃষার্ত্ত, পিপাসিত, পেয়াসী.
Thirteen, *a.* ত্রয়োদশ, তের.
Thirteenth, *a.* তেরপ্রি.
Thirty, *a.* ত্রিংশৎ, ত্রিশ.
Thirtieth, *a.* ত্রিংশত্তম. [ইনি.
This, *pron.* এতৎ, এই; *this person,*
Thistle, *s.* কাঁটা গাছবিশেষ.
Thither, *ad.* তত্রায়, হোতায়, তৎস্থানে, ওখানে, ওদিগে. [তদূর.
Thitherto, *ad.* তৎপর্য্যন্ত, তদবধি, ত
Thitherward, *ad.* তদ্দিগে, ঐদিগে, তদভিমুখে. [ইত, তস্মা.
Thong, *s.* চর্ম্মের পটী, চর্ম্মবন্ধনী, তাঁ
Thorax, *s.* বক্ষঃ.
Thoracic, *a.* বক্ষঃসম্বন্ধীয়.
Thorn, *s.* কণ্টক, কাঁটা.
Thorn apple, *s.* ধুস্তুর, ধুতুরা.
Thorny, *a.* কণ্টকময়, কাঁটাল; কঠিন, উদ্বেগযুক্ত.
Thorough, *a.* সম্পূর্ণ, সমুদয়. [পথ.
Thorough fare, *s.* পথ, সর্ব্বসাধারণ
Thoroughly, *ad.* সম্পূর্ণরূপে, সমুদয়রূপে. [রিপূর্ণ.
Thorough paced, *a.* সম্পূর্ণ, সমুদয়, প
Those, *pron.* তাহারা.
Thou, *pron.* তুমি, ত্বং, তুই.
Though, *conj.* তথাচ, তথাপি; যদিঃ, যদ্যপি.
Thought, *s.* চিন্তা, মনন, ধ্যান, ঠাহর, সঙ্কল্প, ভাবনা, পরিধাবন, আন্দেশা.
Thoughtful, *a.* চিন্তিত, উৎকণ্ঠিত, উন্মনাঃ, ধ্যানী, ভাবিত.
Thoughtless, *a.* নিশ্চিন্ত, প্রমত্ত, অসাবধান, অনুৎকণ্ঠিত; নির্ব্বোধ.
Thousand, *s.* সহস্র, হাজার.
Thraldom, *s.* অধীনতা, কৈঙ্কর্য্য, দাসত্ব, গোলামী. [নতা, দাসত্ব.
Thrall, *s.* দাস, ভৃত্য, কিঙ্কর; পরাধী
Thrash, *v.* শস্যমর্দ্দন-কৃ, ঝাড়্, মাড়্; প্রহার-কৃ, মার্.
Thrasher, *s.* শস্যমর্দ্দক, ঝাড়নিয়া, মাড়নিয়া. [স্থান.
Thrashing-floor, *s.* খামার, শস্যমর্দ্দন
Thread, *s.* সূত্র, সূতা, তন্তু; সোণার তার; *thread-bare,* পরিধানকরাতে নির্লোমকরা; *gilt thread,* তার; *ball of thread,* তাল; *sacred thread,* পইতা. [থ.
Thread, *v. a.* সূতা-চালা, গ্রন্থন-কৃ, গাঁ
Threat, Threatning, *s.* তর্জ্জনগর্জ্জন, তাড়া, শাসন, ধমক, তাড়না, তম্বী.
Threaten, *v. a.* তর্জ্জন-কৃ, তাড়্, ডাঁট্, শাসন-কৃ, ধমক-দা. [কোণ.
Three, *a.* ত্রি, তিন; *three cornered,* ত্রি
Three-fold, *a.* ত্রিগুণ, তিনগুণ, তেহারা; *three score,* তিনকুড়ি.
Threshold, *s.* গোবরাট, শিলা.
Thrice, *ad.* তৃতীয়বার, তিনবার.
Thrift, *s.* লাভ, প্রাপ্তি, মুনাফা; *parsimony,* অল্প ব্যয়, পরিমিত ব্যয়.
Thriftly, *ad.* পরিমিত ব্যয়পূর্ব্বক, অল্পব্যয়িত্বরূপে. [য়ী, উড়ানিয়া.
Thriftless, *a.* বহুব্যয়ী, অপরিমিতব

Thrifty, *a.* অল্পব্যয়ী, পরিমিতব্যয়ী.
Thrill, *v.* ঝনঝনি-লাগ্, ঝনঝন-কৃ.
Thrive, *v. n.* বর্দ্ধিষ্ণু-হ, বাড়্, উন্নত-হ.
Throat, *s.* কণ্ঠ, টুঁটি, গলা.
Throb, *v. n.* কুনকুন-কৃ, কুটকুট-কৃ, টাটা ; *s.* টাটানি, কুনকুন.
Throne, *s.* ভদ্রাসন, সিংহাসন, রাজপাট, তখ্ত, মসনদ, গদি.
Throng, *s.* জনতা, গোট, মেলা, ভিড়, গোল. [-কৃ.
Throng, *v.* ভিড়-কৃ, জনতা-হ, গোট
Throttle, *v. a.* গলা-টিপ্, টিপনদ্বারা শ্বাস বন্ধ-কৃ; *s.* শাঁসী, গলার পথ.
Through, *prep. ad.* বরাবর ; দ্বারা, যোগে, মারফৎ.
Throughout, *ad.* সর্ব্বত্র, সর্ব্বদিগে.
Throw, *s.* নিক্ষেপ, ক্ষেপ, ফেলান ; *v.* নিক্ষেপ-কৃ, ক্ষেপ-কৃ, চালা, ডাল্, ছাড়্, মার্, ফেল্; *to throw about,* ছড়া ; *to throw away,* ফেলিয়া-দা ; *to throw up,* উদ্গার-কৃ.
Thrum, *s.* দশা, দশী, ফুপী ; *v. a.* ঘর্ষণ-কৃ, কেঁকর২-কৃ. [শেষ.
Thrush, *s.* পাতকুঁড়ি ; ছারু, রোগবি
Thrust, *v.* ধাক্কা-দা, গুতা, ঠেলিয়া-ফেল্, ঠেলা-মার্, দুস-মার্, গুঁজ্, খোঁচা-দা. [দুসমারণ ; চড়াউ.
Thrust, *s.* ধাক্কা, ঠেলা, খোঁচা, গুতান.
Thumb, *s.* অঙ্গুষ্ঠ, বৃদ্ধাঙ্গুলি.
Thump, *s.* থাবড়া, চাপড়, চপেট.
Thumping, *s.* থাবড়ামারণ, চপেটাঘাতকরণ ; *a.* বৃহৎ, বড়.
Thunder, *s.* মেঘগর্জন, মেঘনির্ঘোষ, মেঘনাদ, বৃহন্নাদ.
Thunder, *v.* গর্জন-কৃ, বৃহন্নাদ-কৃ, কড়২-কৃ, গড়২-কৃ বা-হ.
Thunderbolt, *s.* বজ্র, বাজ, চিকুর.
Thunderclap, *s.* স্তনিত, বজ্রনিস্বন, বজ্রপাতশব্দ, কড়কড়ি.
Thunderer, *s.* গর্জনকারক, বৃহন্নাদকারক. [ব্দযুক্ত.
Thundering, a. বৃহন্নাদযুক্ত, মহাশ
Thunderstruck, *a.* বজ্রাঘাতী ; চমৎকৃত, বিস্ময়াপন্ন, অবাক্.
Thuriferous, *a.* কুন্দুরুৎপাদক, লবানজনক. [লক্ষ্মীবার.
Thursday, *s.* বৃহস্পতিবার, গুরুবার,
Thus, *ad.* ঈদৃশ, অমনি, এমত, এমন, এইরূপে, অমন, এইপ্রকারে.
Thwack, *s.* থাবড়া; *v. a* থাবড়া-মার্.
Thwart, *a.* বিপরীত, বিরুদ্ধ, প্রতিকূল; আড়ি. [-কৃ.
Thwart, *v. a.* ব্যাঘ্যাত-কৃ, খণ্ডা, আড়ি
Thy, *pron.* ভবদীয়, ত্বদীয়, তব, তোমার, তোর. [নি.
Thyself, *pron.* তুমি স্বয়ং, তুই আপ
Tiara, *s.* কিরীট, শিরোভূষণ, তাজ, কলগা, জিগা.
Tick, *s.* আটালী ; তোশকের খোল.
Ticking, *s.* তোশকনির্ম্মাণার্থক কাপড়.
Ticket, *s.* পত্র, চিঠী, টিপ. [দা.
Tickle, *v.* কুতুরকাতুর-দা, গুদগুদি-
Ticklish, *a.* কুতুরকাতুরযুক্ত, কড়িয়াল ; *uncertain,* অস্থির ; *different,* শঙ্কাময়. [তঃ ; কাল.
Tide, *s.* জোয়ারভাটা, প্রবাহ, স্রো
Tidewaiter, *s.* ঘাটোয়াল, হাসিল ঘাটের চৌকীদার.
Tidiness, *s.* পরিপাটীত্ব.
Tidily, *ad.* পরিপাটীরূপে.
Tidings, *s.* সম্বাদ, সমাচার, বার্ত্তা, বৃত্তান্ত, খবর.
Tidy, *a.* সময়ী ; পরিপাটী.
Tie, *s.* বন্ধনী, বাঁধন, গ্রন্থি, গাঁইট, গিরা. [ইট-বাঁধ্.
Tie, *v. a.* বন্ধন-দা বন্ধ-কৃ, গিরা-দা গাঁ
Tier, Tire, *s.* শ্রেণী, পংক্তি, সারী.
Tierce, *s.* ৪২ গালন বা প্রায় ১৪২ সেরী পীপা.
Tiff, *s.* পেয় বস্তু, পানীয় দ্রব্য ; *a dispute,* কোন্দল, ঝগড়া ; *v. a.* জলপান-কৃ. [ভোজন.
Tiffin, *s.* জলযোগ, জলপান, আধ
Tiger, *s.* শার্দ্দূল, ব্যাঘ্র, বাঘ.

Tight, *a.* ফিগড়, টানা, কষা, আঁট, চুস্ত, দৃঢ়, শক্ত.
Tighten, *v. a.* টান, কষ্, আঁট্, শক্ত-কৃ, সোজা-কৃ, চুস্ত-কৃ. [শক্তরূপে.
Tightly, *ad.* কষাকষি, আঁটাআঁটি,
Tightness, *s.* আটনি, আঁটি, দৃঢ়ত্ব.
Tigress, *s.* শার্দ্দূলী, বাঘিনী, ব্যাঘ্রী.
Tile, *s.* খোলা, খাপরা, টালিইট; *v. a.* খোলা-ছাওয়া.
Tiler, *s.* খোলাছাউনিয়া.
Till, *perp.* যদবধি, যেপর্য্যন্ত, পর্য্যন্ত; *s.* দোকানী সিন্দুক, গোবিয়া.
Till, *v. a.* কর্ষণকৃ, চাস-দা, চাস-কৃ, চস্. [কর্ষণীয়.
Tillable, *a.* কৃষিযোগ্য, চাসোপযুক্ত,
Tillage, *s.* কৃষাণি, কৃষিকর্ম্ম, চাস, চাসবাস.
Tiller, *s.* কৃষাণ, কৃষীবল, কৃষক, চাসা; হাইল. [ক্রীড়াযুক্ত.
Tilt, *s.* ঘটাটোপ; অশ্বারূঢ়েরদের
Timber, *s.* চৌকর কাঠ, বাহাদুরী কাঠ, মাইজ কাঠ, গুঁড়িকাঠ, গোল কাষ্ঠ.
Timber-yard, *s.* গোলকাষ্ঠের গোলা.
Timbrel, *s.* চক্রাবিশেষ, তবল, মৃদঙ্গ.
Time, *s.* কাল, সময়; *of day*, বেলা; *repetition*, বার, দফা; যথা, *twice*, দুইবার; *musical measure*, বাদ্যের তাল; *to spend time*, কাল-যাপন-কৃ, গুজরা, কাল-কাট্; *v. a.* সময়ানুসারে ঠিক-কৃ.
Time-keeper, *s.* ঘটিকা, ঘড়ি. [য়.
Timeless, *a.* অসময়, অকাল, কুসময়
Timely, *ad.* উপযুক্তকালে, সুসময়ে,
Times, *s.* বার. [সকালে.
Timid, *a.* ত্রাসযুক্ত, ভীত, ভীরু, ত্রাসী, ত্রাসান্বিত, ভয়ার্ত্ত, ভয়তরাসিয়া, অসাহসী, ডরুক.
Timidity, *s.* ত্রাস, ভয়, সাধ্বস, অসাহস, ডর. [কিত, ডরুক.
Timorous, *a.* ত্রাসযুক্ত, ভীরু, ভীত, চ
Timorously, *ad.* ভীরুরূপে, ভয়েং, ত্রাসযুক্তরূপে, ভয়পূর্ব্বক.

Tin, *s.* রাঙ্গ, টিন, কলই; *v. a.* কলই-কৃ. [রঙ্গ-কৃ, দাগ-দা.
Tinct, *s.* বর্ণ; রঙ্গ, কলঙ্ক, দাগ; *v. a.*
Tincture, *s.* বর্ণ, রঙ্গ; সত্ত্ব, রস, আরক; লেশ. [লিপ্ত-কৃ, রঙ্গ-কৃ.
Tincture, *v. a.* রঙ্গা, বর্ণসিক্ত বা লি
Tinder, *s.* শীঘ্র জ্বলনশীল দ্রব্য যথা পোড়া সোলা.
Tinge, *v. a.* বর্ণময়-কৃ; রঙ্গলিপ্ত-কৃ, রঙ্গ-কৃ. [ঝনং-কৃ, সিড়ং-কৃ.
Tingle, *v. n.* বেদনাযুক্ত-হ, টনং-কৃ,
Tinker, *s.* কাংস্যকার, কাঁসারি.
Tinkle, Tinck, *v. n.* টুনং শব্দ-কৃ, ঠনং-শব্দ-হ, টুনং-কৃ.
Tinkling, *s.* টুনংশব্দ, টনটনী, ঠনঠনী, ঝনঝনী.
Tinman, *s.* কলইকর.
Tinner, রাঙ্গের আকরে কর্ম্মকারক.
Tinsel, *s.* জিল্লাদার বস্ত্রবিশেষ; তাস; ডাক, জগজগা.
Tint, *s.* বর্ণ, রঙ্গ, দাগ.
Tiny, *s.* ছোট, ক্ষুদ্র, পুঁটিয়া.
Tip, *s.* অগ্রভাগ, মুড়া, ডগা, আগা.
Tippet, *s.* স্ত্রীকণ্ঠপরিধেয় বস্ত্রবিশেষ.
Tipple, *v.* অতিশয় পান-কৃ, মদ্যাসক্ত-হ, মত্ত-হ, মাতাল-হ.
Tippler, *s.* পানাসক্ত ব্যক্তি, মাতাল, মদ্যপায়ী, পেয়ালাবাজ.
Tipsy, *a.* মদিরাসক্ত, মত্ত, মদেতে বেহোস. [গোচ.
Tiptoe, *s.* পাদাঙ্গুলির অগ্রভাগ, আল
Tire, *s.* শিরোভূষণ; সজ্জা, সরঞ্জাম.
Tire, *v.* পরিশ্রান্ত-কৃ, শ্রান্ত-হ, ক্লান্ত-হ. [ক্লেশদায়ক, ক্লেশযুক্ত.
Tiresome, *a.* ক্লান্তিকর, শ্রান্তিজনক,
Tis, *It is* শব্দের সঙ্কেত. [গ.
Tisic, *s.* (*properly phthisic,*) ক্ষয়রো
Tissue, *s.* বাদলা, তাসের বা জরির কাপড়; শ্রেণী. [স্ত্রা উক্তিনাম.
Tit, *s.* ক্ষুদ্রাশ্বের এবং স্ত্রীর প্রতি অব
Titan, *s.* দৈত্য, দানব. [ম ভাগ.
Titbit, *s.* কোন ভক্ষ্যের মধ্যের উত্ত
Tit for tat, *ad.* প্রতিক্রিয়া.

Tithe, *s.* দশমাংশ কর; দশমাংশ.
Titillate, *v. n.* কুতুরকাতুর-দা, গুদগু দি-দা.
Titillation, *s.* কুতুরকাতুরদেওন, গু [দগুদি.
Title, *s.* অধিকার; *title of honor,* উ পাধি, পদবী, পদ্দী, খেতাব; *name,* আখ্যা সংজ্ঞা, নাম.
Title page, *s.* গ্রন্থাখ্যাবলি, গ্রন্থের না ম, গ্রন্থের আদিপত্র. [য়া হাঁস্.
Titter, *v. n.* ঈষদ্ধাস্য-কৃ, হিহি করি
Tittle, *s.* ক্ষুদ্র বস্তু, কুটা, কুটি, বিন্দু.
Tittletattle, *s.* অনর্থক ভাষা, উপক থা, গল্পসল্প.
Titular, *a.* নামসার.
To, *prep.* নিকটে, সমীপে দিগে, বা গে; পর্য্যন্ত; সম্প্রদান পদসূচক শব্দ; যথা, *to me*; আমাকে. [গে.
To and fro, *ad.* ইতস্ততঃ, এদিগে ওদি
Toad, *s.* কটকটিয়া বেঙ; প্রস্তরবিশে ষ.
Toast, *v. a.* সেক্, ঝল্সা; মদ্যপানকা লে কোন ব্যক্তি বা ক্রিয়ার সম্মুমা র্থে মদিরা পান-কৃ; *s.* সেকা রুটি.
Tobacco, *s.* তাম্রকূট, তামাক.
Tobacconist, *s.* তাম্রকূট ব্যবসায়ী, তা মাকিয়া. [দ্যরাত্রি.
Today, *ad.* অদ্য, আজি; *to night,* অ
Toe, *s.* পাদাঙ্গুলি, পাদাঙ্গুল; *great-toe,* পাদাঙ্গুষ্ঠ. [সাথে, মিলে.
Together, *ad.* একত্র, একসঙ্গে, এক
Toil, *v.* যত্ন-কৃ, পরিশ্রম-কৃ, দুঃখ-কৃ, শ্রান্ত-হ্, মেহনৎ-কৃ.
Toil, *s.* যত্ন, পরিশ্রম, দুঃখ, শ্রান্তি, মশক্কৎ, মেহনৎ; ফান্দ.
Toilet, *s.* স্ত্রীলোকেরা যে মেজের নিকটে পরিচ্ছদ পরিধান করে.
Toilsome, *a.* পরিশ্রমী, ক্লেশযুক্ত, মে হনতী. [মেহনৎ.
Toilsomeness, *s.* যত্ন, পরিশ্রম, ক্লেশ,
Token, *s.* লিঙ্গ, চিহ্ন, লক্ষণ, নিশানি, ইসারা; স্মৃতিজনক বস্তু. [অগর্হণীয়.
Tolerable, *a.* সহনীয়, সহ্য; চলনার্হ,
Tolerably, *ad.* সহনীয়রূপে, সহ্যরূ পে; চলনসইরূপে, না ভাল না মন্দ, মাজামাজি.
Tolerance, *s.* সহ্যতা, সহিষ্ণুতা, বর দাশত. [অনুমতি-দা.
Tolerate, *v. a.* অনিচ্ছাপূর্ব্বক সহ্ বা
Toleration, *s.* সহ্যতা, সহিষ্ণুতা; অ নিষ্ট অনুমতি.
Toll, *s.* শুল্ক, মাসুল; *v.* শুল্ক-দা; *to toll a bell,* ঘণ্টারব-কৃ, বাজা.
Toll booth, *s.* কারাগার, জেহলখানা.
Tomb, *s.* গোর, কবর; *tomb stone,* গোরের বা কবরের পাথর.
Tomboy, *s.* অস্থিরা, চঞ্চলা.
Tome, *s.* পুস্তক, গ্রন্থ, বহী.
Tomorrow, *ad.* কল্য, কালি, শ্বঃ, আ গামি কল্য; *day after tomorrow,* প রশ্ব, পরশ্বঃ. [মোন.
Ton, *s.* পরিমাণবিশেষ, প্রায় ৩০
Tone, *s.* উচ্চারণস্বর; স্বর, শব্দ, ধ্ব নি, রব. [মোচনা.
Tongs, *s.* চিমটা, দন্তপনা, সাঁড়াশী,
Tongue, *s.* রসনা, জিহ্বা, রসনেন্দ্রিয়, জিভ; *language,* ভাষা, জোবান; *to hold the tongue,* চুপ-হ্.
Tongue-scraper, *s.* জিভছোলা, জিভচাঁ চনি. [বা শব্দসম্বন্ধীয়.
Tonic, *a.* স্থিতিস্থাপকসম্বন্ধীয়; স্বর
Tonnage, *s.* জাহাজের টনপ্রতি বো ঝাই জিনিসের ভাড়া.
Tonsils, *s.* কণ্ঠমূলবর্ত্তি বদামাকৃতি মাংসগ্রন্থি. [ন, মুড়ান.
Tonsure, *s.* মুণ্ডিতহওন, ক্ষৌর, মুণ্ড
Tontine, *s.* স্বাক্ষরকারির উপকারা র্থে বার্ষিক মুদ্রাসঞ্চয়.
Too, *ad.* অতি, অত্যন্ত, অতিশয়, অ ধিক; *also,* ও.
Tool, *s.* অস্ত্র, হতিয়ার; দাসস্বরূপে যে কোন ব্যক্তি বড় মানুষের অ ন্যায় হুকুম জারী করে.
Tooth, *s.* দশন, রদ, দন্ত, দাঁত, দং ষ্ট্র; স্বাদ.
Toothache, *s.* দন্তশূল, দন্তবেদনা, দাঁ তকড়া; *double tooth,* কষের দাঁত.

Toothless, *a.* নীরদ, দন্তহীন, অদন্ত, বোকড়া. [কুঁচি.
Tooth-brush, *s.* দন্তমার্জ্জনী, দাঁতমাজা
Tooth-pick, *s.* দন্তশোধনী, খড়িকা, খিলাল, দাঁতখুঁটনি; *tooth-powder*, মিসি, মঞ্জন.
Top, *s.* উপর, ঊর্দ্ধভাগ, উপরিভাগ, অগ্র; *of the head*, চাঁদি; *a cover*, সরপোশ, ঢাকুনি; *a play thing*, বঙ্গি, লাটিম, লাটু. [সার.
Topaz, *s.* গোমেদক, পীতাশ্ম, পীত
Tope, *v. n.* পানাসক্ত-হ, বিহ্বল নাহওয়াপর্য্যন্ত পান-কৃ, অপরিমিত পান-কৃ.
Toper, *s.* অতিপায়ী, মত্ত, মাতাল.
Topful, *a.* পরিপূর্ণ, কাঁধাকাঁধি, মুখামুখি, ভরপুর. [স্থ পালি.
Topgallant, *s.* জাহাজের সর্ব্বোপরি
Topheavy, *a.* মাথা ভারী, ঊর্দ্ধভাগ ভারী; মত্ত.
Tophet, *s.* ধর্ম্মপুস্তকে নরকের নাম.
Topic, *s.* প্রসঙ্গ, প্রস্তাব, বিষয়, প্রসক্তি.
Topical, *a.* প্রদেশসম্বন্ধীয়; প্রসঙ্গসম্বন্ধীয়, প্রস্তাববিষয়ক.
Topmost, *a.* সর্ব্বোপরিস্থ, সর্ব্বোপরি, সর্ব্বোচ্চ. [বর্ণনা.
Topography, *s.* দেশের স্থানবিশেষের
Topsyturvy, *ad.* উল্টা, তলাউপর, উল্টাপাল্টা, লাটরাঘাটরা.
Torch, *s.* উল্কা, মশাল; *torch bearer*, মশালচি.
Torment, *v. a.* পীড়, যন্ত্রণা-দা, দুঃখ-দা, বেদনা-কৃ, পরিতাপ-দা; *s.* যাতনা, দুঃখ, ক্লেশ, পীড়া, যন্ত্রণা, কৃচ্ছ্র, বেদনা, পরিতাপ.
Tormentor, *s.* যন্ত্রণাদায়ক, ক্লেশদায়ক, পীড়ক, বেদনাদায়ক.
Tornado, *s.* সর্ব্বাপেক্ষা বড় ঝড়.
Torpid, **Torpent**, *a.* গতিশক্তিহীন, জড়; নিসাড়, স্পন্দনরহিত, অচেতন.
Torpidness, *s.* অচেতনতা, কুড়িয়ামি, বিহ্বলতা, জড়তা,
Torpitude, **Torpor**, *s.* তথা.
Torrify, *v. a.* অগ্নিদ্বারা শুষ্ক-কৃ. [র.
Torrent, *s.* প্রবাহ, স্রোতঃ, তোড়, টা
Torrid, *a.* গ্রীষ্মেতে শুষ্ক, অত্যুষ্ণ, গ্রীষ্মে জ্বলনশীল; *torrid zone*, উষ্ণ কটিবন্ধ. [পেঁচান.
Tortile, **Tortive**, *a.* পাকান, জড়ান,
Tortoise, *s.* কূর্ম্ম, কচ্ছপ, বারকোল, কাছিম, ভিওল.
Tortuosity, *s.* কৌটিল্য, বক্রতা, পাক, পেঁচ, সর্পগত্যাকৃতি, বঙ্কিম.
Tortuous, *a.* কুটিল, বক্র, পাকান, বক্রগামী, পেঁচাল, আঁকাবাঁকা, তেড়াবাঁকা. [দুঃখ.
Torture, *s.* যন্ত্রণা, পীড়া, ক্লেশ, কষ্ট,
Toss, *v. a.* উৎক্ষেপ-কৃ, উঁছলা, ফেল, লাড়া-দা, আলোড়ন-কৃ.
Toss, *s.* উৎক্ষেপ.
Total, *a.* সম্পূর্ণ, তাবৎ; *s.* ঐক্য, মোট, জমা, জুমলা, একুন, মবলগ, মুসল্লম.
Totally, *ad.* তাবদ্রূপে, সম্পূর্ণরূপে, সমুদয়রূপে.
Totter, *v. n.* টলং-কৃ, ঝুঁক, টল.
Touch, *v.* সংলগ্ন-হ, ঠেক, স্পর্শ-কৃ, ছুঁ, ছোঁআ; *to try*, কষ, পরীক্ষা-কৃ; *to reach*, নাগাল-পা, পঁহুছ.
Touch, *s.* স্পর্শ, ছোঁআ, সংস্পর্শ; পরীক্ষা, কষণি. [ষ্টিপাথর.
Touch-hole, *s.* বন্দুক ঘরা; *stone*, ক
Touchwood, *s.* অগ্নিস্পর্শে জ্বলনশীল কাষ্ঠ, সোলা.
Touchy, *a.* উগ্রস্বভাবক, ক্ষণং রাগী, উতালা, চিড়চিড়িয়া.
Tough, *a.* দৃঢ়, শক্ত, কঠিন. [-কৃ.
Toughen, *v. n.* দৃঢ়-কৃ, শক্ত-কৃ, কঠিন
Toughness, *s.* দৃঢ়তা, শক্তাই.
Tour, *s.* বিহার, যাত্রা, গমন, ভ্রমণ, পর্য্যটন, ফিরণ, দৌড়.
Tow, *v. a.* নৌকার গুণ-টান; *s.* পাট.
Toward, *a.* শিক্ষাগ্রহণশীল.
Toward, **Towards**, *ad.* অভিমুখে, দিগে, বাগে, পানে, ভিতে. [ছা.
Towel, *s.* গাত্রমার্জ্জনী, ঝাড়ন, গাম

Tower, *s.* বুরুজ, মীনার, কোট; দুর্গ·
Tower, *v. n.* উর্দ্ধে গমন-কৃ, উড়্·
Town, *s.* পুর, শহর, নগর; *town-clerk,* শহরের কর্ম্মকারক, নগরের চিত্রগুপ্ত· [র·
Town-hall, Town-house, *s.* সাধারণ ঘ
Townsman, *s.* নাগর, নগরবাসি ব্যক্তি, শহরীয় লোক; একনগরবাসী·
Toy, *s.* খেলনা; হেয় বিষয় বা দ্রব্য; কৌতুক·
Toy, *v. a.* খেলা-কৃ, উপহাস-কৃ, তুচ্ছ-কৃ, ঠাট্টা-কৃ, মজাক-কৃ·
Toyshop, *s.* খেলনার দোকান·
Trace, *v. a.* চেষ্টাপূর্ব্বক অন্বেষণ-কৃ, পাছুং-যা, অনুসন্ধান-কৃ, চিন্, উদ্দেশ-পা·
Trace, *s.* পদাঙ্ক, চিহ্ন, ব্যপদেশ, খোজ, অনুসন্ধান, উদ্দেশ; *traces,* বাহক পশুসজ্জা·
Track, *s.* চিহ্ন, অঙ্ক, দাগ, নিশানি; পথ, রাস্তা·
Trackless, *a.* পদাঙ্ক বা চিহ্নরহিত, পথহীন·
Tract, *s.* দেশ, অঞ্চল; ভূমি; *a treatise,* ক্ষুদ্র পুস্তক; *course,* গতি·
Tractable, *a.* প্রণেয়, আজ্ঞাবশ, শিষ্ট, বিনীত·
Trade, *s.* ব্যাপার, বাণিজ্য, ব্যবসায়, মহাজনী, ক্রয়বিক্রয়, বিকিকিনী, সওদাগরী, তেজারতী·
Trade, *v.* বাণিজ্য-কৃ, ব্যাপার-কৃ, মহাজনী-কৃ, ক্রয়বিক্রয়-কৃ, তেজারতী-কৃ, সওদাগরী-কৃ·
Trader, *s.* ব্যবসায়ী, বণিক্, মহাজন, ব্যাপারী, সওদাগর·
Tradesman, *s.* ব্যবসায়ী, সওদাগর, দোকানী, ব্যবসাদার, খুজরাবিক্রয়কারী·
Tradewind, *s.* বাণিজ্যোপকারি বায়ু, অর্থাৎ যে বায়ু ছয়২ মাস এক দিগহইতে বহে·
Tradition, s. পুরাতন কথা, প্রাচীন গাথা, পরম্পরাগত কথা·
Traditional, *a.* প্রাচীনোক্ত, পারম্পর্য্য, পরম্পরাগত·
Traditional instruction, *s.* ঐতিহ্য·
Traduce, *v. a.* অপবাদ-দা, কুৎসা-কৃ, দুর্নাম-কৃ, তহমৎ-দা, অখ্যাতি-কৃ·
Traducement, *s.* অখ্যাতি, কুৎসা, গ্লানি, অপবাদ, তহমৎ·
Traducent, *a.* কুৎসাকারী, দুর্নামকারী, অখ্যাতিকর, অপবাদী·
Traducer, *s.* কুৎসাবাদী, দুর্নামদায়ী, অখ্যাতিকর্ত্তা, তহমতী· [য়·
Traducible, *a.* উৎপাদনীয়, নির্গমণী
Traffic, *s.* ব্যবসায়, বাণিজ্য, মহাজনী, তেজারতী, সওদাগরী·
Traffic, *v. n.* ব্যবসায়ী-হ, বাণিজ্য-কৃ, সওদাগরী-কৃ· [রী
Tragedian, *s.* দুর্দ্দশাসূচক নাটককা
Tragedy, *s.* দুর্দ্দশাসূচক নাটককাব্য, খেদজনক দুর্দ্দশা·
Tragical, *a.* ঘোর, দারুণ, খেদযুক্ত, শোকজনক, অশুভ; *tragical death,* অপঘাত মৃত্যু, অপমৃত্যু·
Tragi-comedy, *s.* খেদ এবং তুষ্টি এই উভয়মিলিত নাটক কাব্য·
Tragi-comical, *a.* উপরি লিখিত নাটকবিষয়ক·
Traject, *v. a.* নিক্ষেপ-কৃ, ফেল্; *s.* পারঘাটা·
Trail, *v.* আকর্ষণ-কৃ, ঘেঁষড়া·
Train, *v. a.* শিক্ষা-দা; প্রতিপালন-কৃ; আকর্ষণ-কৃ, টান্·
Train, *s.* ছল, ফাকী; *tail,* পক্ষির নেজ; *process,* শ্রেণী, পংক্তি, কাতার; *of dress,* আঁচল, দামন; *retinue,* অনুচর·
Train of artillery, *s.* সৈন্যদল সহগামি কামানাদি· [ল·
Trainoil, *s.* তিমি মৎস্যের বসাজ তৈ
Trait, *s.* আঘাত, ঘা, স্পর্শ· [কহারাম·
Traitor, *s.* বিশ্বাসঘাতক, কৃতঘ্ন, নিম
Traitress, *s.* বিশ্বাসঘাতিকা, কৃতঘ্নী·
Trammel, *v. a.* ধর্, অবরোধ-কৃ, আটক-কৃ, ব্যাঘাত-কৃ, আটকা·

Trammel, *s.* জাল, ঘোড়া ছাঁদন বা ছাঁদনের জিঞ্জির·
Trample, *v.* পদতলে মর্দ্দন-কৃ, দল্,
Trance, *s.* মোহ, মূর্চ্ছা·
Tranquil, *a.* অনুদ্বিগ্ন, সুস্থির, ধীর, নিরস্ত, শান্ত, অক্রুদ্ধ, নিবৃত্ত, ঠাণ্ডা·
Tranquillity, *s.* অনুদ্বেগ, সুস্থিরতা, উপশম, নিবৃত্তি, ধীরতা·
Tranquillize, *v. a.* উপশম-কৃ, সুস্থির-কৃ, নিবৃত্ত-কৃ·
Transact, *v. a.* কর্ম্মচারিতা-কৃ, কার্য্য নির্ব্বাহ-কৃ বা চালা, ব্যাপার-কৃ, কর্·
Transaction, *s.* কার্য্য, কর্ম্ম, ব্যাপার·
Transcend, *v.* অধিক-হ্, সরস-হ্, জিন্·
Transcendence, Transcendency, *s.* উচ্চতমত্ব, অতিপ্রাধান্য, অতিশ্রেষ্ঠতা, অত্যুত্তমতা·
Transcendent, *a.* অন্যাপেক্ষা শ্রেষ্ঠ, অত্যুত্তম, সরস·
Transcendently, *ad.* অত্যুত্তমরূপে, অতিশ্রেষ্ঠরূপে·
Transcribe, *v. a.* প্রতিলিপি-কৃ, নকল-কৃ·
Transcript, *s.* প্রতিলিপি, নকল, অনুরূপলেখন·
Transfer, *v. a.* হস্তান্তর-কৃ, আরোপ কৃ; জমাখরচ-কৃ·
Transfiguration, *s.* আকার বা মূর্ত্তি পরিবর্ত্তন·
Transfigure, *v. a.* আকার বা মূর্ত্তি পরিবর্ত্তন-কৃ·
Transfix, *v. a.* পারাবার বিদ্ধ-কৃ, ভেদ-কৃ, ফোঁড়া·
Transform, *v.* রূপান্তর-কৃ, আকার পরিবর্ত্তন-কৃ, মূর্ত্তি-ফের্·
Transformation, *s.* রূপান্তর, বিকার, জন্মফেরণ·
Transfuse, *v. a.* একহইতে অন্যেতে ঢাল্·
Transgress, *v.* লঙ্ঘন-কৃ, অতিক্রম-কৃ, লঙ্ঘ্, উল্লঙ্ঘন-কৃ, অন্যথা-কৃ·
Transgression, *s.* ব্যতিক্রম, অতিক্রম, লঙ্ঘন, উল্লঙ্ঘন, অন্যথাকরণ; চুক·
Transgressor, *s.* অতিক্রমী, অন্যথাকর্ত্তা, লঙ্ঘক; অপরাধী, দোষী·
Transient, *a.* অচির, অনিত্য, ক্ষণিক·
Transit, *s.* অন্য গ্রহাদির নিকট দিয়া কোন গ্রহের গতি·
Transit duty, রাহাদারী মাসুল·
Transitory, *a.* অচিরস্থায়ী, অনিত্য, অল্পকালীন, গমনশীল·
Translate, *v.* তর্জমা-কৃ; হস্তান্তর-কৃ স্থানান্তর-কৃ·
Translation, *s.* তর্জমাকরণ; হস্তান্তর করণ; স্থানান্তরকরণ·
Translator, *s.* তর্জমাকারক; ভাষান্তরভাষারচক, মতর্জিম·
Translucency, *s.* কাঁচবৎউজ্জ্বলতা, নির্ম্মলতা·
Translucent, Translucid, *s.* কাঁচবৎ উজ্জ্বল, নির্ম্মল·
Transmarine, *a.* সমুদ্রপারস্থিত, সমুদ্রপারপ্রাপ্ত·
Transmigrate, *v. n.* স্থান বা দেশান্তর গমন-কৃ·
Transmigration, *s.* দেশ বা স্থানান্তর গমনকরণ·
Transmission, *s.* চালন, প্রেরণ·
Transmit, *v. a.* প্রেরণ-কৃ, পাঠা; চালা·
Transmutable, *a.* আরোপণীয়, বিকরণীয়, পরিণমনীয়, পরিবর্ত্তনীয়·
Transmutation, *s.* পরিণতি, গুণপরিবর্ত্তন, গুণান্তরকরণ, বিকার·
Transmute, *v. a.* গুণপরিবর্ত্তন-কৃ, পরিণতি-কৃ, বিকার-কৃ·
Transparency, *s.* পরিষ্কার, স্বচ্ছতা, তেজোময়তা, উজ্জ্বলতা, নির্ম্মলতা·
Transparent, *a.* পরিষ্কৃত, তেজোময়, উজ্জ্বল, নির্ম্মল, পরকলা·
Transpierce, *v. a.* পারাবার বিদ্ধ-কৃ, বিঁধ্·
Transpire, *v.* বাষ্পবৎ উড়িয়া-যা; গুপ্ত হইতে ব্যক্ত-হ্·
Transplace, *v. a.* স্থানান্তর-কৃ·
Transplant, *v. a.* রোপণ-কৃ, স্থানান্তরে স্থাপন-কৃ·
Transport, *v. a.* চালান-কৃ; *to banish*, শহরবদল-কৃ, দেশবহির্ভূত-কৃ; *to hurry by violence of passion*, রাগোন্মাদ-কৃ; *to put in exstacy*, মনোহরণ-কৃ, আহ্লাদে ক্ষিপ্ত-কৃ·
Transport, *s.* রাগোন্মাদ, আহ্লাদে

ক্ষিপ্ততা ; *banishment*, দেশবহির্ভূত করণ ; *carriage*, চালান, প্রেরণ ; *a vessel*, খাদ্যসামগ্রীত্যাদিধারি জাহাজ, সৈন্যপ্রেরণার্থে জাহাজ.

Transportation, *s.* শহরবদলকরণ, দেশবহির্ভূতকরণ.

Transporter, *s.* শহরবদলকারী, দেশবহির্ভূতকারক.

Transposal, *s.* স্থানান্তরকরণ বা রাখণ, বদলকরণ. [কৃ. স্থানান্তর-কৃ.

Transpose, *v. a.* বদল-কৃ, ফেরফার-

Transposition, *s.* স্থানান্তরকরণ, ফেরফারকরণ, বদলকরণ.

Transubstantiate, *v. a.* বিকার-কৃ. [ম.

Transubstantiation, *s.* বিকার, পরিণা

Transude, *v. n.* বাষ্পেতে নির্গত-হ, ক্ষরু, ঘাম্.

Transversal, *a.* আড়বাগুয়া.

Transverse, *a.* আড়, টেড়া, তের্চা.

Transversely, *ad.* কোণাকোণি, আড়েং.

Trap, *s.* পাশ, ফাঁদ, জাল, কল ; *ambush* ওৎ, আড়াল ; *a game*, গুলিদণ্ড.

Trap, *v. a.* ফাঁদে বা কলে বদ্ধ-কৃ, বিভূষিত-কৃ.

Trap-door, *s.* চোরা দুয়ার.

Trapezium, *s.* বিষম চতুর্ভুজ.

Trappings, *s.* ভূষণ, অলঙ্কার, অভরণ, গহনা, সজ্জা.

Trash, *s.* ময়লা, জঞ্জাল, হাবজা, তুচ্ছ দ্রব্য বা ব্যক্তি.

Travail, *v.* পরিশ্রম-কৃ, যত্ন-কৃ, মেহনত-কৃ ; প্রসব বেদনা-পা.

Travail, *s.* পরিশ্রম, যতন, মেহনৎ ; *pains of labor*, প্রসববেদনা.

Travel, *v. n.* পর্য্যটন-কৃ, যাত্রা-কৃ, দেশবিদেশ ভ্রমণ-কৃ.

Travel, *s.* পর্য্যটন, যাত্রা ; দেশভ্রমণ.

Traveller, *s.* পর্য্যাটক, দেশভ্রামক, পান্থ, যাত্রী, পথিক, রাহাগির, মুসাফির. [রণ.

Travels, *s.* দেশবিদেশ ভ্রমণের বিব

Traverse, *ad. and pr.* আড়, তের্চা ; আড়েং, কোণেং. [ফির.

Traverse, *v.* আড়ে-রাখ্ ; ভ্রমণ-কৃ,

Tray, *s.* বারকোষ, থাল, থাঞ্চা.

Treacherous, *a.* কৃতঘ্ন, বিশ্বাসঘাতক, অবিশ্বস্ত, বেইমান.

Treachery, *s.* কৃতঘ্নতা, বিশ্বাসঘাতকতা, অবিশ্বস্ততা, দাগা, বেইমানী.

Treacle, *s.* গুড়, ঝোলা গুড়, কোতরা ; ঔষধবিশেষ. [পণ্ণ.

Tread *s.* পাদার্পণ, দলান, মাড়ান ;

Tread, *v.* পাদার্পণ-কৃ, দলা, মাড়া, মর্দ্দন-কৃ ; গতি-কৃ, চল্ ; পক্ষ্যাদি সঙ্গম-কৃ, জোট-ল.

Treason, *s.* রাজদ্রোহ, রাজার বা রাজ্যের প্রতিকূলাচার ; কৃতঘ্নতা, বিশ্বাসঘাতকতা, নিমকহারামী.

Treasure, *s.* ধন, অর্থ, দৌলত.

Treasure, *v. a.* সঞ্চয়-কৃ, জমা-কৃ, একত্র-কৃ.

Treasurer, *s.* কোষাধ্যক্ষ, খাজাঞ্চি, তহবীলদার. [জানাখানা.

Treasury, *s.* অর্থভাণ্ডার, কোষ, খা

Treat, *v.* ব্যবহার-কৃ, আচরণ-কৃ ; রক্ষণাবেক্ষণ-কৃ, আলাপ-কৃ, কথোপকথন-কৃ ; *to negotiate*, বন্দোবস্ত-কৃ ; *to feast*, ভোজ-দা.

Treat, *s.* ভোজ, খানা ; ভোজের সময়ে প্রদত্ত বস্তু. [বন্ধ, প্রকরণ.

Treatise, *s.* প্রবচন, নিবন্ধ, প্রসঙ্গ, প্র

Treatment, *s.* রক্ষণাবেক্ষণ.

Treaty, *s.* নির্দ্ধারণ, সন্ধি, বন্দোবস্ত.

Treble, *a.* ত্রিগুণ, তিনগুণ ; তেহারা ; *s.* তীক্ষ্ণস্বর, জিল.

Tree, *s.* গাছ, দ্রুম, বৃক্ষ, মহীরুহ, শাখী, তরু.

Trefoil, *s.* বনমেথি.

Tremble, *v. n.* কাঁপ্, কম্পমান-হ, থরথর-কৃ, স্পন্দন-হ.

Tremendous, *a.* ভয়ানক, ভয়ঙ্কর, শঙ্কাজনক, ভীম, ঘোর, ভৈরব.

Tremour, *s.* কাঁপনি, কম্প, থরথরাণী.

Tremulous, **Trembling**, *a.* ত্রাসযুক্ত

ভীত, ভীরু, কম্পমান, টলটলিয়া, চপল, তরল, চঞ্চল, লোল·

Tren, *s.* মাছ মারিবার বর্চ্ছা·

Trench, *s.* খাত, খাই, জুলী, খন্দক, গড়খাই, নরদামা· [ল·

Trenchant, *a.* তীক্ষ্ণ, চোকাল, ধারা

Trencher, *s.* কাষ্ঠপাত্রবিশেষ, কাটুয়া·

Trepan, *s.* ফাঁদ, ব্যবচ্ছেদাস্ত্রবিশেষ·

Trepan, *v. a.* ফাঁদে বদ্ধ-কৃ, কলে ধর্; অস্ত্রদ্বারা মাথার খুলি বিদ্ধ-কৃ·

Trepid, *a.* ত্রাসযুক্ত, কম্পমান·

Trepidation, *s.* কম্প, কাঁপনি, থরথরি, সিড়সিড়াম·

Trespass, *s.* লঙ্ঘন, অতিক্রম, পাপ, দোষ, অপরাধ; অন্যায়রূপে অন্যের ভূমিতে প্রবেশকরণ·

Tresses, *s.* জুলফ, কেশগুচ্ছ, বাবরি·

Tret, *s,* ওজনে অপচয়ের ধরাট·

Trevet, *s.* তেপায়া· [তিরী·

Trey, *s.* পাশা বা তাস খেলায় ত্রি,

Trial, *s.* পরীক্ষা, পরখাই, বিবেচনা, আলোচনা, ইমতিহাম; বিচার, তজবীজ· [ত্র·

Triangle, *s.* ত্রিকোণ· ত্রিকোণযুক্ত ক্ষে

Triangle, *base of a*, ভূমি, ভূ, পৃথ্বী·

Triangle, *equilateral*, সমত্রিভুজ·

Triangle, *opposite side of a*, উচ্ছ্রয়·

Triangle, *isosecles*, দ্বিসমত্রিভুজ·

Triangle, *scalene*, বিষম ত্রিভুজ·

Triangular, *s.* ত্রিকোণা, ত্রিকোণবিশিষ্ট· [ত্রী·

Tribe, *s.* জাতি, বর্ণ, বংশ, কুল, গো

Tribulation, *s.* ক্লেশ, দুঃখ, বিপত্তি, আপদ্· [দালত; বিচারাসন·

Tribunal, *s.* ব্যবস্থান, বিচারস্থল, আ

Tribune, *s.* রুমীয় বিচারকর্ত্তা, রুমীয় সৈন্যাধ্যক্ষ·

Tributary, *a.* করাধীন, অধীন·

Tribute, *s.* কর, রাজস্ব, খাজানা·

Trice, *s.* মুহূর্ত্ত, নিমেষ, শীঘ্র, তুরন্ত·

Trick, *v. a.* প্রতারণা-কৃ, প্রবঞ্চনা-কৃ, ছল-কৃ, চাতুরী-কৃ, ঠগা, কাপট্য-কৃ, ফাকী-দা; সজ্জিত-কৃ, ভূষিত-কৃ; *s.* প্রতারণা, প্রবঞ্চনা, চাতুরী; কাপট্য, ফাকী, ঠগাম·

Tricking, *s.* পরিচ্ছদ, আভরণ·

Trickle, *v. n.* ক্ষর্, ফোটা২-পড়্, সূক্ষ্ম ধারে-পড়্, সুব্, ঝর্·

Trident, *s.* ত্রিশূল, ত্রিফল; *a.* ত্রিদন্তী·

Triennial, *a.* ত্রৈবার্ষিক, ত্রিবর্ষীয়, তিনসনী·

Trier, *s.* পরীক্ষক, পরীক্ষাকর্ত্তা, যাচাইকারক, যাচনদার· [বা চাস-দা·

Trifallow, *v. a.* তৃতীয়বার কর্ষণ-কৃ·

Trifle, *v.* তুচ্ছ-কৃ, অবহেলা-কৃ, সামান্য জ্ঞান-কৃ, তাচ্ছল্য-কৃ·

Trifle, *s.* তুচ্ছ দ্রব্য, অনর্থক বস্তু, অল্প বিষয়, ক্ষুদ্র বিষয়· [র্ত্তা, তুচ্ছকারী·

Trifler, *s.* অনর্থকভাষী· অবহেলাক

Trifling, *a.* অল্পবিষয়ক, ছোট, ক্ষুদ্র, নীচ, লঘু, খুদিয়া, চুটকিয়া, খুজরা·

Trifoliate, *a.* ত্রিপত্রক·

Triform, *s.* ত্র্যাকৃতি, ত্রিমূর্ত্তি·

Trigger, *s.* বন্দুকের টিপকল· [ণবিদ্যা·

Trigonometry, *s.* ত্রিকোণ বস্তু পরিমা

Trilateral, *a.* ত্র্যস্র, তিনপলিয়া·

Trill, *s.* পরজ· বাদ্যের কম্প; *v.* কম্প রূপে শব্দ-কৃ,

Trim, *a.* সুন্দর, সজ্জিত, সুবেশী·

Trim, *v. a.* অলঙ্কৃত-কৃ; *to make neat*, সুবেশ-কৃ; *to clip*, মুণ্ডন-কৃ, ছাঁট্, কাট্· [র·

Trim, *s.* পরিচ্ছদ, সাজগোজ; অলঙ্কা

Trimming, *s.* জরী, গোটা, ঝপ্পা, ঝালর·

Trinket, *s.* অলঙ্কার, বিভূষণ, ভূষা; খেলনা, অল্পমূল্য দ্রব্য·

Trip, *v.* নেঙ্গি-মার্, ঠোকর-লাগ্, উছোট-খা; *to err*, ভ্রম-কৃ, চুক-কৃ, ক্ষেপ-কৃ·

Trip, *s.* উছোট, ঠোকর; ভ্রম, চুক; *a short journey*, বিহার, ক্ষেপ·

Tripartite, *a.* ত্র্যংশীকৃত, তিন ব্যক্তি সম্বন্ধীয়·

Tripe, *s.* অন্ত্র, নাড়ী, আঁতাড়ি.
Tripetalous, *a.* ত্রিদল, ত্রিপত্র.
Tripthong, *s.* ত্রিস্বর, একত্র তিন স্বর.
Triple, *a.* ত্রিগুণ, তিনগুণ, তেহারা; *v.* ত্রিগুণ-কৃ, তেহারা-কৃ.
Triplet, *s.* তেঁহা, ত্রিপদী শ্লোক, এ কি রকমের তিন. [রা, তেকর.
Triplicate, *a.* ত্রিগুণ, তিনগুণ, তেহা
Triplicity, *s.* ত্রিগুণত্ব, তেহারাভাব.
Tripod, Tripos, *s.* ত্রিপদী, তেপায়া.
Tripping, *a.* সখলনকারী, দ্রুত, শীঘ্র, শীঘ্রগামী, বেগগামী. [দ্রুকরণ.
Trisection, *s.* সমান তিন অংশে বিভ
Trisyllable, *a.* ত্রিস্বর, ত্র্যক্ষরযুক্ত বাক্য. [হৃত.
Trite, *a.* সামান্য, অনব, বাসী, ব্যব
Trituration, *s.* চূর্ণকরণ, গুঁড়াকরণ, বাঁটন. [য়া.
Trivet, *s.* ত্রিপদবিশিষ্ট বস্তু, তেপা
Trivial, *a.* সামান্য, অগণ্য, ক্ষুদ্র, অল্প, অধম, নীচ, লঘু, ছোট.
Triumph, *s.* জয়, বিজয়, ফতে; জয়োল্লাস. [সিত-হ.
Triumph, *v. n.* জয়ী-হ, জিৎ, জয়োল্ল
Triumphal, *a.* জয়বিষয়ক; জয়োল্লাসসম্বন্ধীয়. [ক, জিতনিয়া.
Triumphant, *a.* জয়ী, বিজয়ী, জয়কার
Triumphantly, *ad.* বিজয়িরূপে, জয়পূর্ব্বক. [রে, বিজয়ী.
Triumpher, *s.* জয়কর্ত্তা, যে জয় ক
Triumvirate, *s.* রুমনগরে তিনজন মিলিয়া যে কর্তৃত্ব স্থাপন করিল তাহা.
Triune, *a.* ত্র্যেক, তিনেএক.
Troll, *v.* ভাঁটাক্ষেপ-কৃ.
Trollop, *s.* কদর্য্যা, নোংরা.
Troop, *s.* সৈন্যসমুদায়, সৈন্যের দল, গণ, সেনাবর্গ, জমায়ৎ, গোট; *of horse*, রেসালা; *v.* দলং হইয়া যাত্রা-কৃ, দ্রুত যাত্রা-কৃ.
Trooper, *s.* অশ্বারূঢ়, ঘোড়সওয়ার, তুরুকসওয়ার. [লার্থের পরিবর্ত্তন.
Trope, *s.* বাক্যবিদময়, বাক্যের ম
Trophied, *a.* যুদ্ধের জয়চিহ্নে বিভূষিত. [বস্তু.
Trophy, *s.* জয়সূচক দ্রব্য, সমরাক্রান্ত
Tropic, *s.* অয়ন; (*of cancer*) দক্ষিণায়ন; (*of capricorn*) উত্তরায়ণ.
Tropical, *a.* দৃষ্টান্তার্থক; অয়নসমীপস্থ, অয়নসম্বন্ধীয়. [দুলকি.
Trot, *v. n.* দুলকি-যা, দ্রুত গতি-কৃ; *s.*
Troth, *s.* বিশ্বাস, সত্যতা, ভক্তি.
Trouble, *v. a.* দিক-কৃ, ক্লেশ-দা, দুঃখ-দা, তসদী-দা.
Trouble, *s.* বিপত্তি, কষ্ট, দুঃখ, ক্লেশ, ঝঞ্ঝাট, ব্যামোহ, উদ্বেগ, দিক, তসদী.
Troublesome, *a.* ক্লেশদায়ক, ঝঞ্ঝাটিয়া, লটখটিয়া, দিককারক.
Trough, *s.* কেটুআ, নিপান, কাটের ডোঙ্গা.
Trowsers, *s.* পাজামা, ইজার.
Trow, *v. n.* অনুমান-কৃ, কল্পনা-কৃ, আন্দাজ-কৃ.
Trowel, *s.* কর্ণিক. [ল.
Troyweight, *s.* স্বর্ণকার ব্যবহৃত তৌ
Truant, *s.* স্বকর্ম্মে যে গরহাজির হয় বা পাঠশালাহইতে যে পলায়.
Truant, *a.* অলস, জড়, সুস্তি, গাফিলি, ঢিলা, কাছাআলগা.
Truce, *s.* নিবৃত্তি, বিরাম, নিরূপিত কালার্থে যুদ্ধনিবৃত্তি.
Trucidation, *s.* সংহার বা বধকরণ.
Truck, *s.* পরিবর্ত্ত; বাণিজ্য, বিনিময়, মার্জা; *v. a.* মার্জা-কৃ.
Truckle, *v. n.* অধীন-হ, বশতাপন্ন-হ, খোসামোদ-কৃ; *-bed*, চক্রখট্টা.
Truculent, *a.* ভয়ঙ্কর; নির্দ্দয়, বন্য, অসভ্য.
Trudge, *v. n.* অতিপরিশ্রমপূর্ব্বক গমন-কৃ, যত্নে গমন-কৃ.
True, *a.* অকল্পিত, অকৃত্রিম, যথার্থ, সমীচীন, প্রকৃত, বাস্তব, সত্য, সাধু, নিট, খারা, ঠিক, হক.
True-hearted, *a.* বিশ্বস্ত, প্রকৃত, যথার্থ; সাধু.

Truism, *s.* যে সত্যতা স্বতঃ প্রকাশিত হয়.
Trull, *s.* অতিকদর্য্য বেশ্যা.
Truly, *ad.* সত্যরূপে, যথার্থরূপে, প্রকৃতরূপে, নিষ্ঠারূপে, নিপট, খলু, অবশ্য.
[লায় তুরুপ.
Trump, *s.* তূরী, রণশিঙ্গা; তাস খে
Trump, *v. a.* তুরুপ-মার্ বা ফেল্; *to trump up,* কল্পনা-কৃ.[অনর্থক বাক্য.
Trumpery, *s.* তুচ্ছদ্রব্য, আগড়বাগড়,
Trumpet, *s.* তূরী, বাঁক, ভেরী, রণশিঙ্গা; *v. a.* তূরীধ্বনিদ্বারা প্রকাশ-কৃ, ঘোষণা-কৃ.
[রক, বাঁকী.
Trumpeter, *s.* তূরীবাদক, তূরীধ্বনিকা
Truncate, *v. a.* অঙ্গ ছিন্ন-কৃ, ছাঁটি, খাট-কৃ, ক্ষুদ্র খণ্ড-কৃ.
Truncheon, *s.* আসা, সোঁটা; মুদ্গর, মুষল, যষ্টি, লাঠি, ঠেঙ্গা; *v. a.* ঠেঙ্গা-মার্, দণ্ডাঘাত-কৃ.
[-যা.
Trundle, *v. n.* গড়া, গড়গড়িয়া লইয়া
Trunk, *s. of a tree,* প্রকাণ্ড, গাছের গুঁড়ি; *body without limbs,* অঙ্গহীন শরীর; *headless trunk,* কবন্ধ, ধড়; *a box,* চর্ম্মমণ্ডিত সিন্দুক; *of an elephant,* শুণ্ড, শুঁড়.
Trunnions, *s.* কামানের বাহু.
Truss, *s.* পট্টীবিশেষ; গাঁটরী, গাঁইট; *v. a.* গাঁইটবন্দি-কৃ.
Trust, *s.* আস্থা, বিশ্বাস, প্রত্যয়, আশা, য়াতবার, একিদা; জিম্মা.
Trust, *v.* বিশ্বাস-কৃ, প্রত্যয়-কৃ, য়াতবার-কৃ; জিম্মায়-রাখ্.
Trustee, *s.* যাহার জিম্মায় কোন বস্তু রাখা যায় সে.
[ইমানদার.
Trusty, *a.* প্রত্যয়ী, বিশ্বস্ত, য়াতবারী,
Truth, *s.* সত্যতা, ন্যায়, যথার্থতা, বিশ্বস্ততা, প্রকৃতত্ত্ব, হক.
[খ্.
Try, *v.* পরীক্ষা-কৃ, পরখ-কৃ, যাচ্, ক
Tub, *s.* কেটুয়া, কাটের মেচলা, টব.
Tube, *s.* নালা, নল, প্রণালী, পয়নালা, চোঙ্গা.
[কড়ি.
Tubercle, *s.* ব্রণ, বিস্ফোটক, স্ফীতি,
Tuberous, *a.* প্রবর্দ্ধনময়, আবুয়া.
Tubular, Tubulated, *a.* প্রণালীবৎ, নলাকৃতি, চোঙ্গাকৃতি.
Tuck, *v. a.* গুটা, জড়া, একত্র-কৃ, ভাঁজ-কৃ, যড়-কৃ, গুঁজ্, ঢুকা.
[নার্য্ বস্ত্র.
Tucker, *s.* স্ত্রীলোকের বক্ষআচ্ছাদ
Tuesday, *s.* কুজবার, মঙ্গলবার.
Tuft, *s.* গুচ্ছ, গোছা, থোবা, ঝাড়; *v. a.* গুচ্ছ শোভিত-কৃ.
Tufted, *a.* গোছাল, গুচ্ছবিশিষ্ট, থোবায় শোভিত.
Tug, *v.* আকর্ষণ-কৃ, টান্, দীর্ঘকাল-টান্, অতিশ্রম-কৃ, খেঁচ্.
Tuition, *s.* রক্ষকতা, পালকতা; শিক্ষা, উপদেশ.
Tulip, *s.* লালেহ্.
Tumble, *s.* পতন, লুণ্ঠন, পড়ন, পটকন, আছাড়; *v.* আছাড়-খা, পটকন-দা বা খা, ডিগবাজী-খা, লুটিয়া-যা, লুট্.
Tumbler, *s.* ডিগবাজীকর; *tumbler pigeon,* লোটন, গৃহবাজ.
[লা.
Tumefaction, *s.* স্ফীতি, ফুলা.
Tumefy, *v. a.* স্ফীত-হ বা-কৃ, ফুল্, ফু
Tumid, *a.* স্ফীত, ফুলা, ফাঁপা; *with pride,* প্রগল্ভ, দাম্ভিক, গর্ব্বী.
Tumor, *s.* স্ফোটক, গড়ি, ব্রণ, ফোড়া, দুম্বল; *pride,* প্রাগল্ভ্য, দাম্ভিকতা.
Tumult, *s.* উৎপাত, ডামাডোল, গণ্ডগোল, কলহ, গোল, সোর, হঙ্গাম, দাঙ্গাহঙ্গাম.
Tumultuous, *a.* উৎপাতী, গণ্ডগোলিয়া, কলহকারী, হঙ্গামী, দাঙ্গাবাজ.
[পরিমাণ.
Tun, *s.* বড় পীপাবিশেষ, ৩০ মোন
Tune, *s.* স্বর.
[ন-কৃ.
Tune, *v. a.* স্বর মিল-কৃ, সুর-বাঁধ্; গা
Tuneful, *a.* সুশ্রাব্য, মিষ্ট, স্বরমিল.
Tuner, *s.* যে বাদ্যযন্ত্রের স্বর মিল-করে.
[ত্বক্, পর্দ্দা.
Tunic, *s.* জামাবিশেষ; আচ্ছাদন,
Tunicle, *s.* আচ্ছাদন, ত্বক্, চর্ম্ম, চামড়া.
[চুঙ্গী, সুড়ঙ্গ.
Tunnel, *s.* ধূমাধার; ফিল্লী, [illegible]

Tup, *s.* মেঢ়া; *v. a.* মেঢ়াবৎ ঢুস-মার্.
Turban, *s.* উষ্ণীষ, পাগ, পাগড়ী, ফেটী. [য়া, ঘোলাটিয়া.
Turbid, *a.* অনির্ম্মল, ঘোলা, কাদাটি
Turbinated, *a.* পাকান, পেঁচান, লাটি মাকৃতি.
Turbulence, *s.* গোল, সোর, কলহ, কলকলি, হঙ্গাম.
Turbulent, *a.* গণ্ডগোলিয়া, কলহকারী, দুঁদিয়া, মাথাপাগলা, দাঙ্গাবাজ, হঙ্গামী.
Turd, *s.* বিষ্ঠা, মল, গু. [চাপ.
Turf, *s.* চাপড়া, ঘাসের চাপড়া বা
Turgid, *a.* স্থূলীভূত, স্ফীত, ফুলা, ফাঁপা; *with pride,* প্রগল্ভ, দাম্ভিক.
Turk, *s.* তুরুকীয় লোক, তুরুকী.
Turkey, *s.* পেরু, তুরুকি দেশ.
Turkois or Turcois, *s.* ফিরোজা, মণিবিশেষ. [দী.
Turmeric, *s.* পীত, হরিদ্রা, হলুদ, হল
Turmoil, *v. a.* অতিশ্রম-কৃ, অতিদুঃখ-দা, তসদী-দা.
Turn, *v.* ফির্, ঘুর্, পাক-দা, ফিরা, ঘুরা, তলাউপর-কৃ, উল্টা-কৃ, ফেরফার-কৃ, পরিবর্ত্তন-কৃ, অন্যরূপ-কৃ বা-হ্; *to turn away or off,* তগীর-কৃ, ছাড়িয়া-দা, খেদাইয়া-দা; *to turn over,* হস্তান্তর-কৃ, অর্পণ-কৃ.
Turn, *s.* ঘুর, মোড়, পাক, ফের, উল্টা, বদল; *turn coat,* স্বধর্ম্মত্যাগী.
Turner, *s.* কুঁদারী, কুঁদকের, কুঁদারু.
Turning, *s.* পাক, ফের, ঘোর মোড়, বাঁক, পেঁচ, ফিরতী.
Turnip *s.* সালগ্রাম.
Turnscrew, *s.* বোতল খুলিবার পেঁচ, পাকসাড়াঁশী. [দ্রুব, তারবিন.
Turpentine, *s.* নির্য্যাসবিশেষ, সরল
Turpitude, *s.* অধমতা, দুষ্টতা, অসতামী, দুষ্টামী, স্বাভাবিক নষ্টাম.
Turret, *s.* কঙ্গুরা, গুম্বজ, মীনার.
Turtle, *s.* কূর্ম্ম, মকঠ, কচ্ছপ, কাছিম, বারকোল, জিওল.
Turtledove, s. ঘুঘুবিশেষ.

Tush, Tut, *interj.* ফিস, ফুস, ছি, ছ্যাঃ.
Tusk, *s.* বৃহদ্দন্ত, দন্ত, দাঁত, দংষ্ট্রা; *tusked,* দাঁতাল. [লক.
Tutelar, Tutelary, *a.* রক্ষক, প্রতিপা
Tutenag, *s.* দস্তা. [দেশক, মুরব্বি.
Tutor, *s.* গুরু, শিক্ষক, আচার্য্য, উপ
Tutorage, *s.* শিক্ষকতা, অধ্যাপকতা; শিক্ষা, উপদেশ.
Tutoress, *s.* শিক্ষাদায়িনী, উপদেশিকা, আচার্য্যাণী. [ই২.
Twain, *a.* দুই, উভয়, যোড়া; *ad.* দু
Twang, *s.* টঙ্কার, টিন২, ঠঠন; *v. n.* টঙ্কার-দা, ঠঠন-কৃ. [ছিল.
'Twas, It was শব্দের সঙ্কেত, অর্থাৎ
Tweak, *v. a.* চিমটা.
Tweedle *v. a.* ঈষৎস্পর্শ-কৃ, অনৈপুণ্য রূপে বাদ্যযন্ত্রে হাত-দা.
Tweezers, *s.* মোচনা, সন্না, চিমটা.
Twelfth, *a.* দ্বাদশ, বারুঞি.
Twelve, *a.* দ্বাদশ, বার.
Twenty, *a.* বিংশতি, বিশ, কুড়ি.
Twentieth, *a.* বিংশতিতম, বিশঞি, বিশা. [ফা.
Twice, *ad.* বারদ্বয়, দুইবার, দুই দ
Twig, *s.* পল্লব, ফেকুড়ি, পাচনী, পালা, ছাড়ি, ছটকী; *of bamboo,* কঞ্চি.
Twilight, *s.* সন্ধ্যা; (*the morning*) উষা, অরুণোদয় কাল; *the evening,* গোধূলি. [রাশি.
Twin, *s.* যমজ, যমক, যোড়া; মিথুন
Twinborn, *a.* যমজাত, যমজ, যমক.
Twine, *v.* বেষ্ট, পেঁচ-দা, পাক-দা বা যড়া; জুপ্টা, কুণ্ডলী-কৃ.
Twine, *s.* বেটিয়ার দড়ি, সুতলী; পাক, পেঁচ. [-দা, ব্যথা-কৃ.
Twinge, *v. a.* চিমটা, খামচা, বেদনা
Twinkle, *v. n.* চিক্‌মিক-কৃ, মিন২-কৃ, মিট২-কৃ.
Twinkle, Twinkling, *s.* পলক, পল, নিমেষ; চিকমিক, মিন২, মিট২.
Twirl, *s.* ফের, ঘুর; *v. a.* ঘুর্, ফির্.
Twist, *v. a.* মোড়া-দা, পাক-দা, মরিচা-কৃ, পাকা.

Twist, Twisting, *s.* ঘুরপাক, পেঁচ, মোড়া, মরিচা. [কায়, দড়িয়া.
Twister, *s.* পাকানিয়া, যে দড়ি পা
Twitch, *v. a.* কাড়িয়া-ল, ছিনিয়া-ল, ঝটকা-মার. [রুমিচির-কৃ.
Twitter, *v. n.* চটকবৎ রব-কৃ, কিচি
Twitter, *s.* হাঁসি, খিকং.
Two, *a.* দ্বি, দুই ; *two-fold,* দোহারা, দুইতো, দুনা.
Two and a half, আড়াই. [ব
Tympan, *s.* ছাপা যন্ত্রের অংশবিশে
Tympanum, *s.* চক্কা, চাক; কর্ণস্থ ত্বচা নামকত্বক.
Tympany, *s.* উদর রোগবিশেষ.
Type, *s.* ছাপার অক্ষর, হরফ; ছাপ, চিহ্ন ; *an emblem,* প্রতিমূর্ত্তি, প্রতিরূপ ; *a prefiguration,* দৃষ্টান্ত, নিদর্শন. [দৃষ্টান্তবৎ.
Typical, *a.* নিদর্শনরূপক, নিদর্শনীয়,
Typographer, *s.* ছাপাকর.
Typographical, *a.* ছাপাকর্ম্মসম্বন্ধীয়.
Typography, *s.* ছাপাকরণবিদ্যা.
Tyrannic, Tyrannical, *a.* উপদ্রবকারী, দুর্জন, উপদ্রবী, কঠোর, জালিম.
Tyrannicide, *s.* উপদ্রাবি হত্যা.
Tyrannise, *v. n.* অতিক্রম-কৃ. উপদ্রব-কৃ, জুলুম-কৃ.
Tyrannous, *a.* নিষ্ঠুর, কঠোর, ক্রূর, উপদ্রবী, অত্যাচারী, জালিম.
Tyranny, *s.* অতিক্রম, অত্যাচার, উপদ্রব, জুলম.
Tyrant, *s.* উপদ্রাবী, অত্যাচারী, অতিক্রমী, গালিম, জালিম.
Tyro, শিক্ষানবীস, শিক্ষাকারক, পড়ুয়া, বিদ্যার্থী, শাকরেদ.

U.

U, বর্ণমালার একবিংশতিতমাক্ষর; *u* আদিস্থিত এবং *v* আদিস্থিত শব্দ প্রায় তাবৎ শব্দ কোষে মিশ্রিত থাকে কিন্তু স্পষ্ট বোধার্থে এই পুস্তকে পৃথক করা গিয়াছে.
Ubiquity, *s.* সর্ব্বব্যাপিত্ব, বিশ্বব্যাপকতা.
Udder, *s.* দুগ্ধের পালান.
Ugliness, *s.* কদাকারত্ব, কুৎসিততা, কুরূপত্ব, অশোভনতা, অসৌষ্ঠব, বদসূরতী. [বেঢপ, বদসূরৎ.
Ugly, *a.* কুৎসিত, কুরূপ, কদাকার.
Ulcer, Ulceration, *s.* ক্ষত, ঘা, নালী ঘা, জখম, ঘালি.
Ulcerous, *a.* ক্ষতপীড়িত, নালী ঘাগ্রস্ত, ক্ষতময়, ঘালিময়, ঘাযুক্ত.
Uliginous, *a.* চটচটিয়া, কাদাটিয়া.
Ultimate, *a.* চরম, অন্ত, সর্ব্বশেষ, চূড়ান্ত, শেষ, অন্তিম.
Ultimately, *ad.* সর্ব্বশেষে, অন্তে, শেষকালে, চরমে. [বিবেচনা.
Ultimatum, *s.* অন্তিম বিচার, চূড়ান্ত
Ultramarine, *s.* সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট নীলবর্ণ. [স্থ.
Ultramarine, *a.* বিদেশীয়, সমুদ্রান্তর
Ultra-mundane, *a.* জগদ্বহিঃস্থ, জগদন্তরস্থ ; *-montane,* পর্ব্বতান্তরস্থায়ী.
Umbilical-cord, *s.* নাভিনাড়ীরজ্জু.
Umbles, *s.* হরিণের অন্ত্র.
Umbo, *s.* কুব্বা, ঢালের টোপ.
Umbrage, *s.* ছায়া ; অহিত জ্ঞান.
Umbrageous, Umbrose, *a.* ছায়াযুক্ত, আওতা. [রাস.
Umbrella, *s.* আতপত্র, ছত্র, ছাতা, ত
Umpire, *s.* উত্তরসাধক, বিবাদনিষ্পাদক, মধ্যস্থ, সালিস.
Un, নঞর্থক অব্যয়শব্দ; যাহার আদিতে এই শব্দের প্রয়োগ হয় সেই শব্দের অভাবার্থ বুঝায়; যথা *able,* পারক ; *unable,* অপারক. এইরূপ স্বেচ্ছাপূর্ব্বক প্রায় তাবৎ বিশেষণ এবং ক্রিয়ার বিশেষণ শব্দের অগ্রে যোগ হইতে পারে.
Unabased, *a.* অনীচীকৃত, অন্যূনীকৃত, অনম্রীভূত.
Unabashed, *a.* অবিলজ্জিত.

Unable, a. অক্ষমতাপন্ন, অক্ষম, অপারক, অশক্ত, অসমর্থ.
Unabolished, a. অলুপ্ত, অনন্যথাকৃত.
Unacceptable, a. অগ্রাহ্য, অনাদেয়, অগ্রহণীয়, অস্বীকার্য্য.
Unaccepted, a. অস্বীকৃত, অগৃহীত, অনীত, নামঞ্জুর.
Unaccompanied, a. অসহিত, সঙ্গহীন, নিঃসঙ্গী.
Unaccomplishable, a. অসাধনীয়, অসাধ্য.
Unaccomplished, a. অসম্পন্ন, অনিষ্পন্ন, অসাধিত, অসম্পূর্ণ; অপ্রাজ্ঞ, অগুণী.
Unaccountable, a. নিশাকরণের অযোগ্য, অদায়ভোগী, বেঝুঁকী.
Unaccustomed, a. নূতন, অনভ্যস্ত.
Unaccoutred, a. অসজ্জিত.
Unacquainted, a. অজ্ঞাত, অপরিচিত, গরজানবিৎ.
Unacquired, a. অনুপার্জ্জিত.
Unadmired, a. অপ্রশংসিত.
Unadored, a. অনাদৃত, অপূজিত.
Unadorned, a. অভূষিত.
Unadvised, a. অযুক্তিসিদ্ধ, অপরামর্শসিদ্ধ, বিবেচনা না করিয়া কথিত বা কৃত.
Unadulterated, a. অকৃত্রিম, নির্ভাজ.
Unadvisable, a. অপরামর্শনীয়, অপরামৃশ্য.
Unaffected, a. অমাপন্ন, অমোহিত, স্নেহরহিত; সরল.
Unaided, a. অনুপকৃত, সহকারিতারহিত, অসাহায্যীকৃত.
Unalarmed, a. অত্রস্ত.
Unalienable, a. অহস্তান্তরকরণীয়.
Unallied, a. অসম্পর্কীয়, সম্পর্ক বা জ্ঞাতিরহিত.
Unalloyed, a. নির্ভাজ.
Unalterable, a. অপরিবর্ত্তনীয়, অবিকারযোগ্য, অবিকরণীয়.
Unamiable, a. অপ্রিয়, অহৃদ্য, অরমণীয়, অমনোহর.
Unanimity, s. ঐক্যচিত্ততা, ঐক্য.
Unanimous, a. একপরামর্শী, একবাক্য, একচিত্ত, একমনাঃ, একাঙ্গ.
Unanswerable, a. অপ্রতিবচনীয়, অপ্রতিবক্তব্য, অপরিহার্য্য, অঠেলঃ বেজখম, বেঝুঁকি.
Unanxious, a. অনুৎকণ্ঠিত, অচিন্ত.
Unappalled, a. অশঙ্কিত, অভীত, নির্ভয়.
Unappeasable, a. অসাম্য, অসান্ত্বনার্হ, অনিরস্তার্হ. [নাগম্য.
Unapproachable, a. অনাগমনীয়, অ
Unappropriated, a. অস্বামিক.
Unapproved, a. অনভিমত, অসম্মত, অমনোনীত, নাপসন্দ
Unapt, a. অপারক, অপটু, অনিপুণ
Unarmed, a. অসজ্জিত, অস্ত্ররহিত, নিরস্ত্র.
Unartful, a. অচতুর, অধূর্ত্ত, অশঠ.
Unascertained, a. অনির্ণীত, অনিশ্চিত, অপ্রতিপন্ন. [জ্ঞাসিত.
Unasked, a. অনাহূত, অপৃষ্ট, অজি
Unaspirated, a. অদাঘোক্ত, অল্পপ্রাণে উচ্চরিত. [লাঘ
Unaspiring, a. নিরহঙ্কারী, অনুচ্চাভি
Unassailable, a. অনাক্রমণীয়.
Unassisted, a. অনুপকৃত, অসাহায্যকৃত. [অপ্রাপ্তব্য.
Unattainable, a. অপ্রাপ্য, অপ্রাপণীয়.
Unattempted, a. অনুদ্যুক্ত, অচেষ্টিত, অপরীক্ষিত. [কাকী.
Unattended, a. অসেবক, নিঃসঙ্গী, এ
Unavailable, Unavailing, a. অকর্ম্মণ্য, অনর্থক, নিরর্থক, নিষফল.
Unavoidable, a. অত্যাজ্য; অনিবার্য্য.
Unauthentic, a. অপ্রামাণিক, অপ্রকৃত, কৃত্রিম. [ত.
Unauthorised, a. অনাজ্ঞাপ্ত, অননুম
Unaware, Unawares, ad. অকস্মাৎ, হঠাৎ, আচমকা, আচম্বিত. [ক্ষিত.
Unawed, a. নির্ভয়, নির্ব্বিঘ্ন, অনাশ
Unbaked, (*applied to earthen ware*) আম.
Unbeaten, a. অপ্রহারিত.

Unbecoming, *a.* অনুপযুক্ত, অনুচিত, অকর্ত্তব্য, গরলায়ক.
Unbefitting, *a.* অনুপযুক্ত, অযোগ্য, অনুচিত. [ত. অনাদি.
Unbegotten, *a.* অজনিত, অনুৎপাদি
Unbelief, *s.* অপ্রত্যয়, অশ্রদ্ধা, অনাস্থা, অবিশ্বাস, অপ্রমাণ.
Unbeliever, *s.* অবিশ্বাসি ব্যক্তি, অপ্রত্যয়ি লোক, নাস্তিক.
Unbenign, *a.* অকৃপালু, অপকারার্থী.
Unbent, *a.* অনম্রীকৃত, অনত, অবক্র.
Unbewailed, *a.* অবিলপিত.
Unbias, *v. a.* মনের বক্রতা সরল-কৃ.
Unbid, Unbidden, *a.* অনিমন্ত্রিত, অনাহূত.
Unbigotted, *a.* কোন মতের বা পক্ষের অদৃঢ়াবলম্বী. [গা-কৃ.
Unbind, *v. a.* খুল্, বন্ধন মুক্ত-কৃ, আল
Unblamable, *a.* অপরিবাদ্য, অদূষ্য, নির্দোষী, অগর্হণীয়, অদূষণীয়, অতিরস্করণীয়. [দোষরহিত.
Unblemished, *a.* পবিত্র, শুদ্ধ, নিখুঁত,
Unblest, *a.* দুঃখী, নিরানন্দ, অশুভ.
Unblown, *a.* অবিকসিত, অপ্রফুল্ল.
Unblushing, *a.* অবিলজ্জ.
Unbolt, Unbar, *v. a.* হুড়কা-খুল্, খিল-খুল্. [ন্ন.
Unborn, *a.* অজাত, অজনিত, অনুৎপ
Unbosom, *v. a.* প্রকাশ-কৃ, ব্যক্ত-কৃ, খুল্, মনের কথা-কহ্. [প্ত.
Unbought, *a.* অক্রীত, বিনামূল্যে প্রা
Unbound, *a.* অবদ্ধ, আলগা, আচ্ছাদনরহিত. [অপরিমিত; বেহদ্দ.
Unbounded, *a.* অশেষপ্রকার, অসীম,
Unbridled, *a.* অনিযন্ত্রিত, অনায়ত্ত, অবাধ্য, কামাসক্ত, বেলাগাম.
